বেফারেন্স (আকর) গ্রন্থ



সরোজিনী নাটক।

রেফারেন্স (আকর) গ্রন্থ

এ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

প্রণীত।

ভূতীয় সংস্করণ।

"অসাধুমোগা হি জয়ান্তরায়াঃ প্রমাথিনীনাং বিপদাং পদানি।" কিরাতার্জুনীয়ম্।

কলিকাতা

অাদি ব্রাহ্মদাশভ যন্ত্রে

জীকালিদাস চক্রবন্তী কর্ড্,ক

মুদ্রিত ও প্রকাশিত।

STOR NAME.



উৎमर्ग।

উদাসিনী-প্রবেতা স্থহদ্বরের হস্তে আমার সরোজিনীকে সাদরে অর্পণ

করিলাম।



নাটকীয় পাত্রগণ।

রাণা লক্ষণ বি	সিং হ	•••	•••	মেওয়ারের রাজা (Lukumsi)	
বিজয় দিংহ	•••	•••	•••	বাদলাধিপতি—লক্ষণ সিংহের ভাবী জামাতা।	
রণধীর সিংহ		,		্রিরাধিপতি লক্ষ্মণ সিংহের সেরাধিপতি জ মিত্রবাছ ।	
রামদাব	•••	•••	•••	্ লক্ষ্ণ শিংহের বি শ্বস্ত পৈতৃক পারিষদ।	
হ্রদ†শ	***			লক্ষণ সিংহের বিশ্বস্ত অন্নচর।	
মহশ্বদ আলি	(ক	ল্পিত নাম		লক্ষণ সিংহের বিশ্বস্ত অন্নচর। ছিন্নবেশী মুসলমান চতুর্জা-	
				{ দেবীর মন্দিরের পুরোহিত।	
				মহন্দ আলির চ্যালা।	
রাজপুত সেন	ানায়ক	, সৈহ্য ও	ও প্রহা	রিগণ।	
আলা উদ্দিন	***		• • •	দিলির বাদ্সা।	
উদ্ধির, ওমর	াও, মুস	ালমান ও	ধহরী		
ও দৈন্তগণ।	,				
স রোজিনী	•••	•,•		ি লক্ষণ সিংহের ছহিতা—বি জয় সিংহের ভাবী পত্নী।	
রোষেনারা	***	•••	•••	বিজয়নিংহের ব ন্ দী।	
রাজমহিষী	•••	•••	•••	লক্ষণসিংহের মহিষী। রোষেনারার স্থী।	
মোনিয়া	•••	•••	• • •	রোষেনারার স্থী।	
অমলা	•••	•••	• • •	রাজমহিষীর সহচরী।	
নৰ্ভকীগণ।	•				
সংযোগ ছল-দেবগ্রাম ও চিতোর।					







প্রথম গর্ভাঙ্ক।

দেবগ্রাম।

ठ जू ज्ञा (मरोत सन्मित-मन्मूथीन भागान।

লক্ষণসিংহের প্রবেশ।

লক্ষণসিংহ। (স্বগত) একে দ্বিপ্রহর রাত্রি, ডাডে জাবার জ্মানিশা—কি ঘোর জ্মাকার! জনপ্রাণীর সাড়াশস্থ নাই, কেবলমাত্র শিবাগণের অশিব চিৎকার মধ্যে মধ্যে শোনা ঘা'ছে, সমস্ত প্রকৃতিই নিজার মগ্ন, এমন সময়ে বিকট স্থরে "ময়্ ভূথা হোঁ" এই কথাটী ব'লে রঙ্গনীর গভীর নিস্তন্ধভা কে ভঙ্গ কলে। ওঃ! সে কি ভয়ানক স্বর!—এখনও আমার হৃৎকম্প হ'চ্চে—আমার যেন বোধ হয়, সেই
শশ্চী এই দিক থেকেই এসেছে। শুনেছি, দ্বিপ্রহর রাত্রে যোগিনীগণ
এখানে বিচরণ করে, হয় তো তাদেরই কথা হবে। কিন্তু কৈ—
কাকেও তো এখানে দেখতে পাচ্চিনে। (বজ্বপনি) এ কি १—
আক্মাৎ এরপ বজ্বনিনাদ কেন १ এ কি ! এ যে থানে না,—মৃত্রুত্ত
ধ্বনি হ'চ্চে—কর্ণ যে বিধির হ'য়ে গেল—আকাশ তো বেশ নির্মান,
তবে এইরপ শব্দ কোথা হ'তে আস্চে १—এ আবার কি १—হঠাৎ
ওদিক্টা আশ্লা হ'য়ে উঠ্লো কেন १

(চিতোরের অধিষ্ঠাত্ত্রী দেবী চতুভু জার

আবির্ভাব।)

(চকিত ভাবে) এ কি !—এ কি ! – চিতোরের অধিষ্ঠাত্রী দেবী চতুর্ভুজার মূর্ত্তি যে ! (অগ্রনর ২ইয়া যোড়করে – প্রকাশ্যে ।)

"বিপক্ষপক্ষনাশনীং মহেশহুদ্বিলাসিনীং।

নুমুগুজালমালিকাং নুমামি ভদ্ৰকালিকাং॥"

(সাষ্টাঙ্গে প্রণিপাত করত উথান) মাতঃ! যবনদিগের সহিত যুদ্ধে জর লাভার্থে তোমার পূজা দিবার জন্ত সমস্ত সৈতা সমভিব্যাহারে জামি এথানে এসেছিলেম। মাতঃ! তুমি কপা ক'রে স্বয়ং এসে এ জধমকে যে দর্শন দিলে, এ অপেক্ষা ক্ষুদ্র মানবের আর কি সোভাগ্য হ'তে পারে ? মা! যাতে যবনদের উপর জয় লাভ হয়, এই জাশী-র্কাদ কর।

আকাশবাণী।

মৃঢ় ! র্থা যুদ্ধ-শজ্জা যবন-বিরুদ্ধে ।—
রূপদা ললনা কোন আছে তব ঘরে,
দরোজ-কুত্মসম ; যদি দিস্ পিতে
তার উত্তপ্ত শোণিত, তবেই থাকিবে
অজেয় চিতোর পুরা, নতুবা ইহার
নিশ্চয় পতন হবে, কহিলাম ভেণ্ডেশ
আর শোন্ মূঢ় নর ! বাপ্পা-বংশজাত
যদি ছাদশ কুমার রাজছত্রধারী,
একে একে নাহি মরে যবন-সংগ্রামে,
না রহিবে রাজলক্ষ্মী তব বংশে আর ।

লক্ষণ। মাতঃ! "ময় ভূথা হোঁ" এটা কি তবে তোমারি উজ্জিলত যবন-মুদ্ধে আমার যে অপ্তিশহত্র আগ্নীয় কুটুষের বলিদান হয়, তাতেও কি তোমার রক্তপিপানার শাস্তি হয়নি ?

আকাশবাণী।

পুনর্বার বলি তোরে শোন্ মূচ নর ! ইতর বলিতে মোর নাহি প্রয়োজন,

রাজবংশ প্রবাহিত বিশুদ্ধ শোণিত যদি দিস্ পিতে সোরে — তবেই মঙ্গল।

লক্ষণ। মাতঃ । আমি বুক্লেম, আমার ধাদশ পুল একে একে রীতিমত রাজ্যে অভিষিক্ত হ'য়ে যবনমুদ্ধে প্রাণ বিসর্জন করে, এই তোমার ইচ্ছা,—কিন্তু আমার প্রবিবারস্থ কোন্ ললনার উত্তপ্ত শোণিত তুমি পান কর্বার জন্ম লালায়িত হয়েছ, তা তো আমি কিছুই বুক্তে পাচিচ নে— এইটী মাতঃ কুপা ক'রে আমার নিকট ব্যক্ত কর।

(চতুভু জা দেবীর অন্তর্গান।)

(স্বগত) একি ? দেবী কোথার চলে গেলেন ? হা! আমি যে এখন ঘার সন্দেহের মধ্যে পড়্লেম। "রূপসী ললনা কোন জাছে ভবে ঘরে সরোজ-কুষ্থম সম" এ কথা কাকে উদ্দেশ ক'রে বলা হ'য়েছে ? "সরোজ কুষ্থম সম" এ কথার জ্প কি ?— অবশাই এর কোন নিগৃঢ় অর্থ থাক্বে। আমাদের মহিলাগণের মধ্যে পদ্মপুশের নামে যার নাম, তাকে উদ্দেশ ক'রে তো এই দৈববাণী হয়নি ? আমার খ্লতাত ভীমসিংহের পড়ীর নাম তো পদ্মিনী। জার তিনি প্রসিদ্ধ রূপসীও বটেন। তবে কি তাঁকেই মনে ক'রে এ কথা বলা হয়েছে ? হ'তেও পারে, কেন না, তিনিই তো জামাদের সকল বিপ্দের মূল কারণ, তাঁর রূপে মোহিত হ'য়েই তো পাঠানরাজ আলা-উদ্দীন বারংবার চিতোর আক্রমণ কচেন, না হ'লে আর কে হ'ডে

পারে ? কিন্তু সরোজিনীও তো পদার আর এক নাম। না --সরো-জিনীকে উদ্দেশ ক'রে কথনই বলা হয়নি। না তা কথনই সম্ভব নয়। **আ**র—বাপ্লাবংশজাভ ছাদশ রাজকুমার রীতিমত রাজ্যে **অ**ভিষিক্ত হয়ে একে একে যবনদিগের সহিত যুদ্ধে প্রাণ দিলে তবে আমার বংশে রাজলক্ষী থাক্বে, এও বা কি ভয়ানক কথা ? ঘাই হোক—আমার দাদশ পুত্র যবনযুদ্ধে যদি প্রাণ দেয়, তাতেও আমার উদ্বেগের কারণ নাই-–কেন না রণে প্রাণত্যাগ করাইতো রাজপুত পুরুষের প্রধান ধর্ম, কিন্তু দৈববাণীর প্রথম অংশটীর ভার্য তো সামি কিছুই মীমাংশা করতে পাচিনে—স্থামার পরিবারের মধ্যে কোন্ ললনার শোণিত পান কর্বার জন্ম লা লানি দেবী এত উৎস্থক হয়ে-ছেন। মাতঃ চতুভূজে ! আমায় ঘোর সংশয়-অন্ধকার মধ্যে ফেলে ভূমি কোথায় পলালে, আর একবার আবিভূতি হ'য়ে আমার সংশয় দূর কর। কই আর তো কেউ কোথাও নাই।—আমি কি ভবে এতক্ষণ স্বপ্ন দেখ্ছিলেম ?---ন। দে কখনই স্বপ্ন নয়। যাই--শিবিরে গিয়ে রণধীর নিংহকে এই সমস্ত ঘটনার বিষয় বলি, সে খুব বুদ্ধিমান, দেখি, এ বিষয়ে সে কি পরামর্শ দেয়।

্ (লক্ষণসিংহের প্রস্থান।)

মন্দিরের দ্বার উদ্ঘাটন করিয়া ভৈরবাচার্য্য

ও ফতেউল্লার প্রবেশ।

ভৈরব। স্পালাউদীন স্পার কি বলেন বল্ দেথি?

কতে। মোলাজি! বোধ করি, এইবার ভোমার নদিব কেরেছে, আর বেশি রোজ নৈবিদ্যি থাতি হবে না। এহান হ'তে বার্হ'তি পালিই মুই বাঁচি। ক্যান্মন্তি এহানে ভোমার সঙ্গে আরেছেলাম। চাল কলা থাতি থাতি মোর জান্টা গেল। ও আলা! সে দিন কবে হবে আলা!

মহমদ। ভুই ব্যাটা আমাকে বিপদে ফেল্বি না কি ? অমন
ক'রে আলাজি মোলাজি ব'লে চ্যাচাবি তো দেখ্তে পাবি। দেখ্,
খবরদার আমাকে মোলাজি বলিদ্নে, আমাকে ভৈরবাচার্য্য ব'লে
ভাকিদ্।

ফতে। কি বল্ব ?—"চাচাজি" ?—

মহম্মদ। আরে মর্ ব্যাটা চাচাজি কি রে, বল্ ভৈরবাচার্য্য, এতো ভাল আপদেই পড়্লেম দেথ্ছি।

ফতে। অত বড় কথাডা সোর মু দিয়ে বারোয় না, মুই কর্ব কি?
মহমদ। বেরোয় না বটে? দেপি এইবার বেরোয় কি না, ছা
কতো না দিলে তো তুই বোজা হবিনে। বল্ ব্যাটা ভৈরবাচার্য্য,
না হ'লে মেরে এখনি হাড় গুঁড়ো করে ফেল্ব। (মারিতে উদ্যত)

ফতে। দোহাই মোলাজি বল্চি, বল্চি, বল্চি,—মলাম, মলাম,—এইবার বল্চি,—ভক্ষ চাচাজি—ও আলা! মোলাজি মারি ফেলে গো আলা!

ভৈরব। চুপ্কর, চুপ্কর, আনভ চেঁচাদ্নে। কভে। ও আবলা! মলাম আবলা! ভৈরব। (স্বগত) এ ব্যাটা স্থামার মজালে দেখ্চি, (প্রকাশ্যে) চুপ্ কর্ ব'ল্চি। কের যদি চ্যাচাবি তো—

ফতে। মুই ভো বলি চুপ্ করি, ভোমার গুভার চোটে চুপ্ করি থাক্তি পারি না যে চাচাজি!

মহন্দ। (স্থগত) একে নিয়ে তো দেখ্ছি আমার অসাধ্য হ'য়ে উঠ্লো। (প্রকাশ্যে) দেখ্, তোকে একটা আমি কথা বলি,—যখন আমি একলা থাক্ব, তথন তুই যা ইচ্ছে বলিদ্, কিন্তু অন্ত কোন লোক থাক্লে থবরদার কথা ক'স্নে, যদি কেউ কথন তোকে কোন কথা জিজ্ঞাসা করে, তো তুই চুপ্করে থাকিস্বুঝ্লি তো?

ফতে। আমি সমজেছি মোলাজি, সব সমজেছি।

মহম্মদ। আচ্ছা সে বা হোক, আলাউদিন কি বলে বল্ দেকি? ফভে। (মাথা নাড়িতে নাড়িতে) উঁহঁ—উঁহঁ—উঁহঁ—উঁহঁ— মহম্মদ। ও কি ও ?

ফতে। মোরে যে কথা ক'তি মানা কলে ?

মহম্মদ। আবে মোলো, এখন কেউ কোথাও নেই, এখন কথা ক-না। অন্ত লোক জন থাক্লে কথা ক'স্নে। ভবে ভো তুই আমার কথা বেশ সম্জেছিলি দেগুছি?

ফতে। এইবার সম্জিছি চাচাজি,—স্থার ক'তি হবে না।
মহন্দ। আচ্ছা, সে যা হ'ক বাদ্সা স্থার কি বল্লেন, বল্দেথি?
ফতে। আবার কি বল্বেন ? তিনি ঝা ঝা কয়েছেন, দিল্লি হ'তি
স্থাসেই তো মুই তোমায় সব কয়েছি। বাদ্সার ভাইঝিরে নিয়ে

তুমি বে পেলিয়েছিলে, তার লাগি তো তোমার গর্দান লেবার ছকুম হয়। তুমি তো দেই ভয়ে দশ বচ্ছর ধরি পেলিয়ে বেড়ালে, শ্যাবে হাঁছদের মন ভোলায়ে, এই হাঁছ মস্জিদের মোলা হয়ে ব'স্লে, তুমি তো চাচাজি স্বচ্ছদে চাল কলা নৈবিদ্যি থায়ে রয়েছ, মুই তো জার পারি না। আর তোমায় বল্ব কি, এই শ্বশানির মধ্যি ভৃতির ভয়ে তো মোর রাতির ব্যালায় নিদ্হয় না।

মহমদ। আরে মোলো, আদল কথাটা বল্না। অভ আগ্ডম বাগ্ড়ম বক্চিন্কেন ?

কতে। এই যে বল্চি শোন না; তিনি এই কথা কলেন ঝে, যদি গ্যাত্মদের মধ্যি তুমি কগড়া বাদিয়ে দিতি পার, তা হলি তোমার সব কম্বর রেয়াৎ কর্বেন, আরও বক্নিস্ দিবেন।

মহমদ। ও কথা তোভুই আমাকে পূর্বেই বলেচিস্; আর কিছু বলেছিলেন কি না, তাই ভোকে আমি জিঞ্চাসা কচিচ।

ফতে। আবার কি কবেন ?

মহমদ। (স্বগত) আমি বক্সিন্ চাইনে, আলাউদিন যদি আমার দোষ মাপ করেন, তা হ'লে আমার বন্ধু বান্ধব আত্মীয় স্বজনের মুখ দেখে এখন বাঁচি। আর ছলবেশে থাক্তে পারা যায় না। আর, আমার সেই কন্যাটীর না জানি কি হ'ল!—সে যাক্—(প্রকাশ্যে ফতেউলার প্রতি) এই দেখ, ঐ শ্বশান থেকে একটা মড়ার মাথার খুলি নিয়ে আয় তো।

কতে। ও বাবা। এই জাঁদার রাভি ওহানে কি অ্যাহন্ যাওয়া যায় 📍

মহম্মদ। ফের ব্যাটা গোল কচ্চিদ্! দিদে কথা ভোকে বল্লে ব্রি হয় না ? বাঙ্গালা দেশের এই চাষাটাকে নিয়ে ভো দেখ্চি ভারি বিপদেই পড়েছি।

ফভে। এই যাচিচ বাবা! এম্নেও ম'র্ব—অম্নেও ম'র্ব; এই যাই—মোলাজি, থোড়া দেঁড়িয়ে যেও বাবা!

(মহম্মদ আলির মন্দির মধ্যে প্রবেশ ও অভ্যস্তর হইতে ধার কদ্ধ করন।)

ফতে। ও মোলাজি! মোরে এহানে একা ফেলি কোরানে গেলে?
মোলাজি! মেহেরবাণী ক'রে একবার দরজাটা থোল বাবা! আমার
যে বুকটা গুর গুরু কচ্চে। ও মোলাজি! ও মোলাজি! গু চাচাজি!

ভৈরব। (মন্দিরের অভ্যন্তর হইতে) ব্যাটা যেন কচি থোকা জার কি। গাধার মত চিৎকার কচ্চে দেখ না, ফের যদি চেঁচাবি তো দেখতে পাবি।

কতে। (স্বগত) ও বাবা! কি মুক্তিলেই পড়্লাম গা—(কম্পমান)
নিবিবে যে আজ কি আছে বল্তি পারি না। (চমকিত হইয়) ও
বাবা রে! পায়ে কি ঠ্যাক্লো। এই আঁদারে অ্যাহন কোরানে যাই।
মড়ার খ্লি না খুঁজি আন্তি পালিও তো চাঢাজি ছাড়্বে না,—
অ্যাহন উপই কি ।

(কতে উল্লার প্রস্থান)

(লক্ষণসিংহ ও রণধীরসিংহের প্রবেশ।)

লক্ষণ। এই খানে দেবী আমার নিকট আবিভূতি হ'য়েছিলেন।

রণধীর! সে আমার চক্ষের ভ্রম নয়, সে সময় আমার বৃদ্ধিরও কোন বাভিক্রম ছয়নি। এখন ভোষাকে আমি ষেমন স্পষ্ট দেখ্ছি, ভেমনি স্পাষ্ট আমি দেবীমূর্ভি দর্শন ক'রেছিলেম, আর আকাশবাণীচ্ছলে তিনি আমাকে ষা বলেছিলেন, তা এখনও যেন আমার কর্ণে ধানিত হচ্চে।

রণধীর। মহারাজ ! কিছুই বিচিত্র নয়। কোন বিশেষ কার্য্য সিদ্ধি কর্বার জন্ত দেবতারা সাধকের নিকট আবিভূতি হ'য়ে আপন ইচ্ছা ব্যক্ত ক'রে থাকেন। আপনার বিলক্ষণ সৌভাগ্য যে আপনি স্বচক্ষে তাঁর দর্শন লাভ করে'ছেন। আপনার পূর্ব্ধপুরুষের মধ্যে পূজনীয় বাধারাও ও শনরসিংহও এইরূপ দেবীর দর্শন পেয়েছিলেন।

লক্ষণ। রণধীর! বোধ করি তুমিও এখনি দেখতে পাবে।

দেখ,—ঠিক এই ছানে তিনি জামাকে দর্শন দিয়েছিলেন. (চতুর্ভুজা
মূর্জির জাবির্ভাব ও তিরোভাব) ঐ যে,—ঐ যে,—ঐ যে,— দেখ রণধীর! এখনি নৃমুগুমালিনী করালবদনা দেবী চতুর্ভুজা, ছায়ার স্থায় ঐ

দিক্ষ দিয়ে চলে গেলেন, এবার এখানে জার দাঁড়ালেন না।

রণধীর। কৈ মহারাজ। আমি তো কিছুই দেখতে পেলেম না। বোধ করি, তিনি যে সে লোককে দর্শন দেন না। তাঁর অন্থতে আপানি নিশ্চর দিব্য চক্ষু লাভ ক'রেছেন।

(চতুর্ জা মূর্ত্তির আবির্ভাব ও তিরোভাব)

শক্ষণ। ঐ দেখ, ঐ দেখ আবার

রণধীর। তাই তো, মহারাজ !—এইবার আমি দেখুতে পেরেচি।

(উভয়ে সাঠাঙ্গে প্রণিপাত) আমার ভাগ্যে এমন তে। কথন হয় নাই-কি আশ্বর্য ! আমাকেও দেবী দর্শন দিলেন ! আ ! আজ **জামার কি** সৌভাগ্য—জামার নয়ন সার্থক হল—জীবন চরিতার্থ হ'ল। মহারাজ! . চিতোর রক্ষার জন্ম, দেবী আপনার নিকট যে দৈববাণী করেছেন, ভা শীঘ্র পালন করুন—দেবীর অনুগ্রহ থাকলে কার সাধ্য চিভোরপুরী আক্রমণ করে ?

লক্ষ্মণ। দেবী ভোএবার চকিতের স্থায় দর্শন দিয়েই চ'লে গেলেন— এক মুহূর্ভও এখানে দাঁড়ালেন না। এখন কে আমাকে সেই দৈববাণীর অর্থ ব্যাখ্যা ক'রে দেয় বল দেখি • আমি তোমহা সন্দেহের মধ্যে পড়েছি, এখন বল দেখি, রণধীর ! এই সন্দেহ ভঞ্জনের উপায় কি ?

রণধীর। চলুন মহারাজ! এক কাজ করা যাক্, দমুথেই তো চতুভুজা দেবীর মন্দির, ঐ মন্দিরের স্থবিজ্ঞ পুরোহিত ভৈরবাচার্য্য মহাশয়, ভবিষাৎ ফলাফল উত্তমরূপে গণনা কর্ত্তে পারেন। চলুন, তাঁর নিকটে গিয়ে দৈববাণীর ব্যাখ্যা ক'রে লওয়া যাক্।

লক্ষ্ণ। এ বেশ কথা। চল, ভাই যাওয়া যাক্।

রণধীর। মহারাজ। দেখেছেন কি ভয়ানক অন্ধকার! এখন পথ চিনে যাওয়! স্থকঠিন।

(উভয়ে মন্দিরের দ্বারে আঘাত।) (মন্দিরের দ্বার উদ্ঘাটন করত ভৈরবাচার্ফ্যের প্রবেশ।)

লক্ষণ ভগবন্! প্রণাম হই। ভৈরব। মহারাজের জয় হোক্। এভ রাজে যে এখানে পদার্পণ হ'ল—রাজ্যের সমস্ত কুশল ভো ?

লক্ষণ। কুশল কি অকুশল ভাই জান্বার জন্তই মহাশয়ের নিকট আসা হয়েছে।

ভৈরব। আমার পরম সোভাগা। (ফতের প্রতি) এই খানে তিন খান রুশাসন নিয়ে আয় ছো।

(আসন লইয়া কতের প্রবেশ।)

(লক্ষণের প্রভি) মহারাজ ! বস্তে আজ্ঞা হোক্। মন্দিরের মধ্যে অত্যস্ত গ্রীষ, এই জন্ম এই খানেই বস্বার আয়োজন করা গেল।

লক্ষণ। ভাবেশ ভো, এই স্থানটী মন্দ নয়।

ভৈরব। এখন মহারাজের কি আদেশ, বল্তে আজা হোক।

লক্ষণ। এই দিপ্রহর রাত্রে আমি ঐ শ্বশানে একাকী বিচরণ কচ্ছিলেম, এমন সময়ে চিতোরের অধিষ্ঠাত্রী দেবী চতুত্র্জা আমার সন্মুথে আবিভূতি হ'য়ে একটা দৈববাণী ক'লেন; তার প্রকৃত অর্থ কি, তাই জানবার জন্ম আপনার নিকট আমাদের আসা হয়েছে।

ভৈরব। কি বলুন দেখি, স্থামি ভার এথনি স্বর্থ ক'রে দিচিত।
লক্ষাণ। দে দৈববাণীটা এই;—

"মূঢ়। রুথা যুদ্ধসজ্জা যবন-বিরুদ্ধে।— রূপদী ললনা কোন আছে তব ঘরে. সংগ্রেজ-কুস্থম-সম; যদি দিস্ পিতে তার উত্তপ্ত শোণিত, তবেই থাকিবে অজের চিতোর পুরী, নতুব। ইহার নিশ্চয় পতন হবে, কহিলাম তোরে। আর শোন্ মূঢ় নর! বাপ্পা বংশজাত যদি দ্বাদশ কুমার, রাজচ্ছত্রধারী, একে একে নাহি মরে যবন-সংগ্রানে, না রহিবে তব বংশে রাজলক্ষী আর।"

এই দৈববাণীর শেষ অংশটী এক রকম বোঝা গেছে, কিন্তু এর প্রথমাংশটী আমি কিছুই বুঝতে পাচ্চিনে, এইটা অন্থগ্যহ ক'রে আমার নিকট ব্যাখ্যা ক'রে দিন।

ভৈরব। (চিন্তা করিতে করিতে) হঁ—(স্বগত) যা আমি মনে করেছিলেম, তাই ঘটেছে। "রূপদী ললনা" রাজা লক্ষণিসিংহের প্রিয় কন্থা দরোজিনীকেই যে বোঝাচে, এইটি ব্যক্ত কর্বার বেশ স্থায়োগ হয়েছে। বিজয়সিংহ সরোজিনীর প্রতি অন্বরজ, সে কথনই ভার বলিদানে সম্মত হবে না। কিন্তু অন্থান্ত রাজপুত-সেনাপতিগণের যদি একবার এই বিশ্বাদ হয় যে, বলিদান ব্যতীত মুদলমানদিগকে কথনই পরাজয় করা যাবে না, তা হ'লে সরোজিনীর রজ্জের জল্প নিশ্চয়ই ভারা উন্মত্ত হ'য়ে উঠ্বে। আর যদি সমস্ত সৈল্ভ এই বিষয়ে একমত হয়, তা হ'লে কাজে কাজেই রাজাকেও ভাতে মত দিতে

হবে। এই স্তে বিজয়সিংহের সঙ্গে বিবাদ ঘট্বার খুব সস্ভাবনা আছে। আনাউদ্দিনের পূর্ব-আক্রমণে, বিজয়সিংহ ও রণধীরসিংহের বাহুবলেই চিতোর রক্ষা পেয়েছিল। এবার যদি এদের পরস্পারের মধ্যে বিবাদ ঘ'টে ওঠে, তা হ'লে চিতোরের নিশ্চয় পতন, আর আমারও তা হ'লে মনস্কামনা সিদ্ধ হয়। (প্রকাশ্যে ফতেউলার প্রতি) থড়ি, ফুল ও মড়ার মাথা নিয়ে আয়।

(ফতের প্রস্থান ও খড়ি আদি লইয়া প্রবেশ ও তাহা রাখিয়া পুনঃ প্রস্থান।)

ভৈরব। "নমো আদিত্যাদি নবগ্রহেভ্যোনমঃ" (পরে মড়ার মাথায় হাত দিয়া) মহারাজ! একটা কুলের নাম করুন দেখি। লক্ষণ। সেফালিকা। ভৈরব। আফ্রা।—

"তনু ধনু সহোদর,
লগ্ন মগ্ন পরস্পার,
দিংহ কনা। বিছা তুলা,
বিনা বাতে উড়ে ধূলা,
মেষ রুষে ডাকে মেঘ,
সূষ্য সোম ছাড়ে বেগ,

বন্ধু পুত্র রিপু জারা,
সপ্তমের মাতা ছায়া,
এক তিন পাঁচ ছয়,
একাদশে সর্ব্ব জয়,
চারাক্ষরে প্রশ্ন হয়,
এটা বড শুভ নয়।

ভৈরব। মহারাজ ! ক্রমে স্থামি নব বল্চি। স্থার একটা ফুলের নাম করুন দেখি।

লক্ষণ। বকুল। ভৈরব। আমছা।

"বকুল বকুল বকুল,
রন্দাবন গোকুল,
একে চন্দ্র, ভিনে নেত্র,
কাশী আর কুরুক্ষেত্র,
চেরে আর তিনে সাত,
জগরাথ চন্দ্রনাথ,
তারা তিথি রাশি বার,
জালামুখী হরিদার,

এ সব তীর্থে নাছি বার,
কোথা তবে আছে আর,
যে লগ্নে প্রশ্ন করা,
চিরজীবি হয় মরা,
রন্ধুগত আছে শনি,
সরোজিনীর প্রমাদ গণি।

লক্ষণ। কি বলেন ?—সরোজিনীর ?—

ভৈরব। মহারাজ ! জধীর হবেন না। বিজ্ঞ লোকে শুভ ঘট-নাতে জভিমাত্র উল্লিস্ত হন না—অশুভ বটুনাতেও অভিমাত্র মিয়মাণ হন না। সংসার-চক্তে স্থুথ ছংখ নিয়তই পরিভ্রমণ করে। গ্রহ-বৈগুণ্যে সকলি ঘটে, যা ভবিতব্য তা কেইই খণ্ডন কত্তে পারে না।

লক্ষণ। মহাশয় স্পাষ্ট ক'রে বলুন—কোন্ সরোজিনীর কথা আপনি বল্ছেন ? শীঘ আমার সন্দেহ দূর করুন।

ভৈরব। মহারাজ! অত্যন্ত অপ্রিয় কথা শুন্তে হবে। অপ্রে আপনার হৃদয়কে প্রস্তুত করুন, মনকে দৃঢ় করুন, আমার আশঙ্কা হচ্চে, পাছে সে কথা শুনে আপনি জ্ঞানগুন্য হন।

লক্ষণ। মহাশয় ! বলুন আমি প্রস্তত আছি। শীঘ্র বলুন,
আমাকে সংশয়-সঙ্গটে আর রাধ্বেন না।

ভৈরব। তবে শ্রবণ করুন।—রাজকুমারী সরোজিনীর রক্ত পান ব্যতীত দেবী চতুর্জা আর কিছুতেই পরিতুই হবেন না।

ভৈরব। মহারাজ! যদি আমার গণনায় কিছুমাত্র ভ্রম থাক্ত, তা হ'লে আমিও আফ্লাদিত হতেম। কিন্তু মহারাজ! আমি যেরূপ সতর্ক হ'য়ে গণনা করেছি, তাতে কিছু মাত্র ভ্রমপ্রমাদের সন্তাবনা নাই।

লক্ষণ। ভগবন্! সেই নির্দ্ধোষী বালিকা কি অপরাধ ক'রেছে যে, ্বরী চতুর্জা এই তরুণ বয়সেই তাকে পৃথিবীর স্বথ-সন্তোগ হ'তে বঞ্চিত কত্তে ইচ্ছা কচ্চেন ? তার পরিবর্ত্তে যদি তিনি আমার জীবন চান, তা হ'লে অনারাসে এখনি আমি তাঁর চরণে উৎসর্গ কত্তে প্রস্তুত আছি। মহাশয়! বলুন, আর কিসে দেবীর ভৃষ্টিসাধন হ'তে

পারে ? যাতে আমি এই ভয়ানক বিপদ হ'তে রক্ষা পাই, তার একটা উপায় স্থির করুন। তা হ'লে আপনি যা পুরস্কার চাবেন, ভাই দেব।

ভৈরব। মহারাজ! যদি এর কোন প্রভিবিধান থাক্তো তা হ'লে আমি অগ্রেই আপনাকে বল্তেম। পুরস্কারের কথা বলা। বাহুল্য, ভগবানের নিকট মহারাজের মঙ্গল প্রার্থনা করাই তো আমা-দের একমাত্র কর্ত্ব্য।

রণধীর। মহাশয়। তবে কি আর কোন উপায় নাই? তৈরব। না.—আর কোন উপায়ই নাই।

রণধীর। মহারাজ! কি কর্বেন,—যথন অন্ত কোন উপায় নাই, তথন কাজেই স্বদেশ রক্ষার জন্ম এই নিঠুর কার্য্যেও অন্থমোদন কতে হয়।

লক্ষণ। কি বল্চ রণধীর ?— নিষ্ঠুর কার্য্য ?— শুধু নিষ্ঠুর নয়, এ অস্বাভাবিক। দেখ, এমন যে নিষ্ঠুর ব্যাদ্রজাতি ভারাও আপন শাবকদিগকে যড়ের সহিত রক্ষা করে, ভবে কি রাণা লক্ষণিসিংহ ব্যাদ্রজাতি অপেক্ষাও অধম ?

রণধীর। মহারাজ ! পশুগণ প্রবৃত্তিরই অধীন। কিন্তু মন্ত্র্যা প্রবৃত্তিকে বশীভূত কত্তে পারে ব'লেই পশু অপেক্ষা শ্রেষ্ঠ।

লক্ষণ। আমি জন্ম-জন্মান্তরে পশু হ'রে থাকি, সেও ভাল, তথাপি এরূপ শ্রেষ্ঠতা চাইনে।

রণধীর। মহারাজ! প্রবৃত্তিপ্রোতে একেবারে ভাসমান হবেন

না। একটু স্থির ভাবে বিবেচনা ক'রে দেখুন; কর্ত্তব্য অভিশন্ন কঠোর হ'লেও, তথাপি তা কর্ত্তব্য। যদি অন্ত কোন উপার থাক্তো, ভা হ'লে মহারাজ আমি কথনই এই নির্ভূর কার্য্যে অন্নমোদন কল্ডেম না।

ভৈরব। মহারাজ! যদি চিভোর রক্ষা কত্তে চান,—যবনের উপর জয় লাভের আশা থাকে, ভা হ'লে দেবীবাক্য কদাচ অবহেলা কর্বেন না।

লক্ষণ। মহাশয়! আমার তো এই বিশ্বাস ছিল বে, কোন মন্দ গ্রহ উপস্থিত হ'লে, স্বস্তায়নাদি দারা তাহার শাস্তি করা যায়।— আমার এ কুগ্রহ কি কিছুতেই শাস্তি হবার নয় ?

ভৈরব। মহারাজ! আপনার অদৃষ্টে কাল-শনি প'ডেছে, এ হ'তে উদ্ধার করা মন্থযোর সাধ্য নয়।

লক্ষণ। আপনার দারা ধখন কোন প্রতিকারের সন্তাবনা নাই, তখন আর কেন আমরা এখানে রখা সময় নষ্ট কচিচ। চল রণধীর, এখান থেকে যাওয়া যাক্। (উখান) ভৈরবাচার্য্য মহাশয়, এরপ স্থবিজ্ঞ, স্থবিখ্যাত, অসাধারণ পণ্ডিত হ'য়েও একটা সামান্ত বিষয়ের প্রতিবিধান কভে পালেন না। আমরা চলেম—প্রণাম!

ভৈরব। মহারাজ! মন্থ্য যতই কেন বুদ্ধিমান্ হোক্ না, কেইই ৈ দৈবের প্রতিকূলাচরণ কত্তে পারে না। এখন আশীর্কাদ করি——

লক্ষণ। ওরূপ শৃত্ত আশীর্কাদে কোন ফল নাই।

(মন্দিরের মধ্যে ভৈরবাচার্য্যের প্রস্থান।)

রণধীর। মহারাজ! এখন কর্ত্তবা কি স্থির কলেন ?

লক্ষণ। আছো, ভূমি যে কর্তব্যের কথা ব'ল্চ, বল দেখি,—
ভূমিই বল দেখি, সন্তানের প্রতি পিতার কি কর্তব্য ? সন্তানের
জীবন রক্ষা করা কি পিতার কর্তব্য নয় ?

রণধীর। মহারাজ । আপনার প্রশ্নের উত্তরটী যদি কিঞ্চিৎ রুড় হয়, তো আমাকে মার্জ্জনা কর্বেন। আচ্ছা, আমি মান্লেম য়ে, সন্তানের জীবন রক্ষা করা পিতার কর্ত্ব্য, কিন্তু আমি আবার আপনাকে জিজ্ঞাসা করি, আপনি বলুন দেখি, প্রজার প্রতি রাজার কি কর্ত্ব্য । শক্রর আক্রমণ হ'তে প্রজাগণ যাতে রক্ষা পায়, তার উপায় বিধান করা কি রাজার কর্ত্ব্য নয় ?

লক্ষণ। আচ্ছা,—তা অবশা কর্ত্তব্য, আমি তা স্বীকার কলেম;
কিন্তু যথন উভগ্নই কর্ত্তব্য হ'ল, তথন এরূপ সঙ্কট-স্থলে তো কিছুই
স্থির করা যেতে পারে না। এরূপ স্থলে আমার বিবেচনায় প্রবৃত্তি
অন্ত্র্যারে চলাই কর্ত্তব্য।

রণধীর। না মহারাজ ! যথন ছই কর্ত্তব্য পরস্পর-বিরোধী হয়, তথন এই দেণতে হবে, কোন্ কর্ত্তব্যটী গুরুতর। এরূপ বিরোধ-ছলে গুরুতর কর্ত্তব্যর অন্থরোধে লঘুতর কর্ত্তব্যকে বিদর্জন দেওয়াই যুক্তি ও ধর্মদদত।

লক্ষণ। কিন্তু রণধীর! কর্তব্যের গুরুলঘুতা স্থির করা বড় শহজ নয়।

রণবীর। কেন মহারাজ। কর্তুব্যের গুরু-লঘুড়া ভো অভি দহ-

জেই স্থির হ'তে পারে। ছুইটা কর্তব্যের মধ্যে যেটা পালন না কল্লে অধিক লোকের অনিষ্ট হয়, সেইটাই গুরুত্বর কর্ত্তব্য। আপনার কন্থার বিনাশে শুধু আপনার ও আপনার পরিবারস্থ আত্মীয় স্বন্ধনেরই ক্লেশ হ'তে পারে, কিন্তু দেখুন, যদি যবনগণ চিতোরপুরী জয় কত্তে পারে, তা হ'লে সমস্ত রাজ্যের লোক বংশ-পরম্পারাক্রমে চিরদাস্ত ভুংথ ভোগ করবে।

লক্ষণ ৷ হো!——রণধীর ! তোমার নৃশংস যুক্তি সঙ্গত হ'লেও— —হ'লেও—কিন্তু—কিন্তু—

রণধীর। মহারাজ ! জাবার কিন্তু কি ? যুক্তিতে যা ঠিক ব'লে বোধ হচে, এখনি তা কার্য্যে পরিণত করুন। মনে ক'রে দেখুন, মহারাজ ! বিধাতা কি শুক্রতর ভার আপনার স্কল্পে অর্পন ক'রেছেন, লক্ষ্ণ লক্ষ্ণ রাজপুত-কন্তার জীবন ধর্ম স্থথ স্বাধীনতা, আপনার উপর নির্ভর কচে । প্রজ্ঞাপুঞ্জের জন্ত রাজার দকল ত্যাগ, দকল ক্রেশ স্বীকার করা উচিত। দেখুন, আপনার পূজনীয় পূর্ব্ব-পূক্ষর, স্থ্যবংশাবভংদ রাজা রামচন্ত্র প্রজাগণের জন্ত আপনার প্রিয়ত্ত্বমা ভার্যাকে পর্যান্ত বনে নির্ব্বাদিত ক'রেছিলেন। আপনি দেই উচ্চ বংশে জন্মগ্রহণ ক'রে, তা কি এখন কলন্ধিত কতে ইচ্ছা করেন ?

লক্ষণ। রণধীর! যথেষ্ট হয়েছে, আর না তুমি যা আমাকে বল্বে, তাই আমি কত্তে প্রস্তুত আছি। (চতুত্র দা মূর্তির আবির্ভাব ও অন্তর্জান) দেগ, রণধীর!—দেগ,—দেগ,—ঐ—ঐ—ঐ—অবার—কি ভয়ানক জকুটী। ঐ চলে গেলেন।!

রণধীর। ভাই ভো!

লক্ষণ। তুমি যে ওধু ভর্ৎ সনা ক'চচ তা নয়—দেবী চতুর্জাও ভর্ৎ সনা-ছলে পুনর্কার দর্শন দিলেন—রণধীর! বল এখন কি কর্তে হ'বে—কি ছল ক'রে এখন সরোজিনীকে চিতোর হ'তে আনাই? বল, আমি সকলেতেই প্রস্তুত আছি।

রণধীর। মহারাজ ! এক কাজ করুন—রাজমহিধীকে এই ভাবে এক থানি পত্র লিখুন, যে "যুদ্ধযাতার পূর্বেক কুমার বিজয়দিংই দরোজনীকে বিবাহ কত্তে ইচ্ছুক হয়েছেন—অভএব ভূমি পত্রপাঠমাত্র ভাকে দক্ষেক'রে এথানে নিয়ে আদ্বে।"

লক্ষণ। এখনি শিবিরে গিয়ে ঐরপ একখানি পত্র লিখে, জামার বিশ্বস্ত জন্থ সরদাদের হাত দিয়ে পাঠিয়ে দিচি। জামার জদৃষ্টে যা হ'বার তাই হ'বে। (স্বগত) কে সরোজিনী, জামি তা জানি না। এ সংসারে সকলি মায়াময়, সকলি আজি, সকলি স্বগ্ন। হে মহাকাল-রূপিণি প্রলয়্ময়র মাতঃ চতুর্জু জে! তোমার সর্বসংহার কার্য্যে সহায়তা কত্তে এখনি জামি চল্লেম। যাক্,—সৃষ্টি লোপ হ'য়ে যা'ক্, পৃথিবী রসাতলে যা'ক্, মহাপ্রলয়ে বিশ্ব ব্রন্ধাণ্ড উৎসয় হ'য়ে যা'ক্। জামার তাতে কি ক্ষতি ?—জামার সঙ্গে কারও কোন সম্বন্ধ নাই।

(লক্ষণসিংহের বেগে প্রস্থান;

পরে রণধীরসিংহের প্রস্থান।)

(মন্দিরের মধ্য হইতে ভৈরবাচার্য্যের

ও কতের প্রবেশ।)

ভৈরব। (স্বগভ) আমার ষা মৎলব, তা সিদ্ধ হ'বার উপক্রম
হ'রেছে। আমি এই ব্যালা আলা উদ্দিনের কাছে এই পত্র থানি
পাঠিয়ে দি। এখানকার সমস্ত অবস্থা পূর্ব্ব হ'তে তাঁকে জানিয়ে রাখা
ভাল, তা হ'লে তিনি ঠিক্ অবসর বুকে আক্রমণ কর্তে পার্বেন।
(ফতের প্রতি) ওরে! এই পত্র থানি বাদ্দা আলা উদ্দিনের কাছে
দিয়ে আয় দিকি।

ফতে। আবার কোয়ানে যাতি বল ? একে তো মড়ার মাথার লাগি সমস্ত রাত্তির মোরে শাশানি শাশানি গুরায়ে মারেছ।

ভৈরব। আরে ! এ সে দব কিছু না,—এই পত্রথানি বাদ্দার
কাছে নিয়ে গেলে, আমাদের এখান থেকে চ'লে যাবার পন্থা ই হ'বে,
বুক্লি ?—ভা হ'লে ভুইও বাঁচিদ্ আমিও বাঁচি।

ফভে। (আফ্লাদিত হইরা) এহান হতি তা হ'লি মোরা যাতি
পাব ?—আ! দেও চাচাজি, চিটিখান দেও, এহনি মুই লয়ে যাচি।
আ! তা হ'লি তো মুই প্যাট ভরি থায়ে বতাই। তা হ'লি এ গেরোর
ভোগ আর ভুগ্তি হয় না। মোর বাঙ্গালা মুলুকে মুই মহন ছ্যালাম,
তহন বেশ ছ্যালাম, চাস বাস কতাম—ছুটা প্যাট ভরি থাতিও
পাতাম। তোমার কথা ভুনি, মুই কেন মন্তি এহানে আয়েছেলাম,
বাদ্শার ঘরে চাক্রিও পালাম না, প্যাটও ভর্ল না। আর, দেহ

দিহি চাচাজি, তুমি মোর কি হাল করেছ ?—মোর থোবস্থরৎ চেহারাটাই অ্যাকেবারে মাটি ক'রি দ্যাছ ?—এথানে ছ্যাল মুসলমানের স্থর, তুমি তা কাটি মাতার হাঁত্র চৈতন বসারে দ্যালে—আর বাকি রাহেলে কি ? এহন, এহান হ'তি যাতি পালিই মুই বাঁচি।

ভৈরব। আরে ব্যাটা, বাঙ্গালা দেশে তুই কেবল লাঙ্গল টেনে টেনেই মন্তিদ্ বৈ তো নয়; এখন, এই চিঠিটা বাদ্দার হাতে দিতে পাল্লেই, তোর একটা মস্ত কর্ম হবে, তা জানিদ্ ?

ফতে। (মহা খুসি হইয়া) মস্ত একটা কাম পাব ? কি কাম চাচাজি ?

ভৈরব। সে পরে টের পাবি—এখন এই চিটিটা নিয়ে শিগ্গির যা দিকি। (পত্র প্রদান)

क छ। भूरे ध श्री हलाय होहा छि - माना म।

(ফতের প্রস্থান।

ভৈরব। (স্বগভ) এখন ভবে যাওয়া যাক্।

(ভৈরবাচার্য্যের প্রস্থান।)

দ্বিতীয় গর্ভাঙ্গ।



শিবিরের অভ্যন্তরস্ত গৃহ। লক্ষণসিংহের প্রবেশ।

(স্বগত) হার হার! কি কাজ ক'লেম, স্বরদাসকে দিয়ে কেন পত্রখানি পার্টয়ে দিলেম ? চিতোর তো এখান থেকে বেশি দূর নয়, এভক্ষণে বোধ করি, স্থরদাস সেগানে পৌছেচে; বোধ হয়, এভক্ষণে ভারা সেখান থেকে ছেড়েছে। কেন আমি রণধীর সিংহের কথার ভূলে গেলেম ? রণধীর সিংহ যে কি কুহক জানে, তার কথায় আমি একেবারে বশীভূত হ'য়ে পড়ি। আছা। আমার দরোজিনীর এখন বিবাহের উপযুক্ত বয়স হ'য়েছে, কুমার বিজয়দিংহকে দে প্রাণের সহিত ভাল বাদে, ভার সহিত শীঘ্র এখানে বিবাহ হ'বে, এ শংবাদে ভার মন কভই না আনন্দে নৃত্য ক'রবে। किस तम यथैन जशान जरम हम्यूद तम विवाह-मण्डात शतिवर्छ, जात জন্য হাড়কাঠ প্রস্তুত,—কুমার বিজয়সিংহের পরিবর্ত্তে, ভার পাষও পিতা যমের দক্ষে দম্বন্ধ স্থির ক'রেছে, তখন না জানি তার মনে কি ছবে ? ওঃ!—আর মহিবীই বা কি ব'লবেন ? কি ক'রেই বা আমি তাঁর নিকট মুখ দেখাব ?—ওঃ !——অসহ্য !——এখন স্বাবার, যদি রামদাসকে দিয়ে এই পত্তথানি মছিয়ীর কাছে পাঠিরে দিতে পারি, তা হ'লে তাদের এখানে আসা বন্ধ হ'তে পারে। এখানে সে একবার

পৌছিলে আর রক্ষা থাক্রে না। রণধীর সিংহ ও ভৈরবাচার্য্য তাকে
কিছুতেই ছাড়বে না; কিন্তু এখন রামদাসকেও পাঠান রুথা; এতক্ষণ
তারা সে পতা পেয়ে, চিতোর হ'তে যাতা ক'রেছে; রামদাস এখন
গেলে কি আর তাদের সক্ষে দেখা হ'বে ?—এখন কি করা যায় ?—
রামদাসকে তো ডাকি, সে আমার অতি বিশ্বস্ত পৈতৃক পারিষদ,
দেখি, সে কি বলে। রামদাস !—রামদাস !—শোন রামদাস।

রামদাদের প্রবেশ।

রাম। মহারাজ কি ডাক্চেন ? রাত্রি প্রভাত না হ'তে হ'ডেই যে মহারাজের নিদ্রাভদ হয়েছে ? যবনগণের কোলাহল কি ওন্তে পাওয়া গেছে ? সৈতাগণ সমস্ত দিনের পরিশ্রমের পর, ঘোর নিদ্রায় অভিভূত, মহারাজের আদেশ হ'লে ডাদের এখনি সতর্ক ক'রে দেওয়া যায়।

লক্ষণ। না রামদাদ তা নয়।—হা! সেই স্থগী যে রাজ-পদের মহান্
ভার হ'তে মুক্তন, যে দামান্য অবস্থায় মনের স্থাধ্য কালখাপন করে।

রাম। মহারাজ ! আপনার মূথ থেকে আজ এরপ কথা শুন্তে পাঁচি কেন ? দেবতারা প্রদন্ধ হ'রে আপনাকে যে এই অতুল রাজসম্পদের অধিকারী ক'রেছেন, তা কি এইরপে তুচ্ছ ক'তে হয় ? আপনার কিসের অভাব ? সর্বলোকপুদ্য দুর্য্যবংশীয় রাজা রামচন্দ্রের বংশে জন্ম—সমস্ত মেওয়ার দেশের অধীধর—তেজস্বী স্ন্তান সন্ততি দারা পরিবেষ্টিত—আপনার মশে সমস্ত ভারত-

ভূমি পরিপূর্ণ—আবার বীরশ্রেষ্ঠ বাদলের অর্থপতি রাজকুমার বিজয়বিংহ আপনার কন্যা রাজকুমারী সরোজিনীর পানিগ্রহণে অভিলাবী—
মহারাজ! এ অপেক্ষা স্থা সৌভাগ্য আর কি হ'তে পারে ? ভবে
কেন মহারাজকে আজ এরপ বিমর্ব দেখছি ? চক্ষু হ'তে বিন্দু বিন্দু
অক্ষপতি হ'চেচ, এর অর্গ কি ? আমি রাজসংসারের পুরাতন ভ্রতা—
হাতে ক'রে আপনাকে মান্ন্য করেছি বল্লেও হয়—আমার কাছে কিছু
গোপন কর্বেন না। মহারাজের হস্তে একথানি পত্র রয়েছে
দেখছি,—চিভোরের রাজপ্রাসাদ হ'তে ভো কোন কুমংবাদ আসে
নি ? রাজমহিনী ও রাজকুমারগণ ভাল আছেন ভো? রাজকুমারী
সরোজিনীর ভো কোন বিপদ হয় নি ? বল্ন মহারাজ! আমার
কাছে কিছু গোপন কর্বেন না।

শশ্বণ। (অন্যমনগ ভাবে) না— আমি ভাতে কথনই অন্থ-মোদন কর্ব না।

রাম। মহারাজ! ও কি কথা! ওরূপ প্রকাপ-বাক্য ব'ল্চেন কেন ?

লক্ষণ। নারামদাস ! প্রালাপ নয়। যে সময় আমরা চিতোর হ'তে দসৈত্যে চতুর্জা দেবীর পূজা দিতে এখানে এদেছিলেম, যথন সমস্ত সৈন্ত পথের ক্লেশে ক্লান্ত হ'রে ঘোর নিদ্রায় অভিতৃত হ'রে পড়েছে, আমারও একট্ তন্ত্রা এদেছে, এমন সময় একটা কু-স্বর্গ দেখে জেগে উঠ্লেম, আর নিকটস্থ শ্রশানের দিক্ থেকে "ময় ভূখা হোঁ" সহসা এই কথাটা আমার কর্ণগোচা হ'ল। দে যে কি বিকট

শ্বর তা তোমাকে আমি কথার ব'ল্তে পারিনে। এখনও তা মনে ক'লে আমার হৃৎকল্প উপস্থিত হয়। সেই গুনে অবধি নানা প্রকার কালনিক আশস্কা আমার মনে উদর হ'তে লাগলো, আর কিছুতেই নিদ্রা হ'ল না। তখন দিপ্রহর রাত্রি, সকলি নিঃশন্ধ, সমস্ত বস্থধা নিদ্রার মগ্ন, সানাভ্য পথের ভিথারী যে, সেও সে সময় বিশ্রাম-স্থধ ওপভোগ কচ্চে; তখন যাকে তুমি পরম স্থমী, পরম ভাগ্যবান্ ব'ল্চ, যাকে সুর্য্যবংশীয় রাজা রামচন্দ্রের বংশোভব, সমস্ত মেওয়ারের অধীশ্বর বলচ, সেই হতভাগ্য মন্ত্র্যাই একমাত্র জাগ্রত।

রাম। মহারাজ। ও কিরপ কথা। সমস্ত খুলে ব'লে, শীঘ্র
আমার উদ্বেগ দূর করন। আমি যে এখনও কিছুই বৃক্তে পাচিনে।
লক্ষণ। শোন রামদাস। আমি তার পর সেই বিকটশন্স লক্ষ্য
ক'রে, শাশানে উপস্থিত হ'লেম,—খানিক পরেই বক্ত-বিছ্যুতের মধ্যে
চিতোরের অধিষ্ঠাত্রী দেবী চতুর্জা, আমার সন্থ আবির্ভূত হ'য়ে,
অলোকিক গন্তীর স্বরে একটা দৈববাণী ক'লেন।—ওঃ।—এখনও
ভা মনে প'ড্লে আমার হৃৎকম্প উপস্থিত হয়,—আর সেই কথাগুলি
যেন রক্তাক্ষরে আমার হৃদরে মুদ্রিত রয়েছে।

রাম। রক্তাক্ষরে মুদ্রিত হ'রে রয়েছে ?—বলেন কি মহারাজ ?
লক্ষণ। হঁটা রামদাস! রক্তাক্ষরেই মুদ্রিত হ'য়ে রয়েছে। সেই
লৈববানীর তাৎপর্য জান্বার জন্ম, আমি আর রণধীর সিংহ, ভৈরবাচার্যা মহাশরের নিকট গিয়েছিলেম। তিনি যেরপে ব্যাথা ক'ল্লেন,
তা অতি ভরানক, তোমার কাছে ব'ল্ডেও আমার হৃদয় বিদীণ হ'য়ে

যাচেচ, তিনি ব'লেন যে, দৈববাণীর অর্থ এই যে, দরোজিনীকে দেবী চতুত্জার নিকট বলিদান না দিলে চিতার কিছুতেই রক্ষাপাবে না, আর বাপা-বংশজাত ঘাদশ রাজকুমার ক্রমান্বরে যবন-সংগ্রামে প্রাণ না দিলে, আমার বংশে রাজ-লন্দ্বী থাক্বে না। দেথ রামদাস—পুত্রেরা যুদ্ধে প্রাণ দিক্!—কিন্তু বল দেখি, আমার স্নেহের পুত্লী মরোজিনীকে আমি কোন প্রাণে বলিদান দি!

রামদাস। ৩ঃ একি ভয়ানক কথা !—মহারাজ ! আপানি এখ-নও ভাতে সম্মতি দেন নি তো ?

লক্ষণ। দমতি १—ওঃ—দে কথা আর জিজ্ঞানা ক'র না।

জামার ন্থার মৃচ, ছুর্কলিচিত্ত লোক, জার ভূমওলে জন্ম গ্রহণ করে নি।

জামি প্রথমে কিছুতেই দমত হই নি, কিন্তু দেই রণধীর সিংহ—বজ্রবৎ কঠিনহাদর রণধীর সিংহ—এই বলিদানের পক্ষে এরূপ জকাট্য

যুক্তি দকল দেখাতে লাগ্লো যে, আমি তার কোন উত্তর দিতে
পালেম না,—কাজে কাজেই জামাকে দমত হ'তে হ'ল। তার পর

যথন জাবার, দেবী চড়ুর্জা ভর্ৎসনা-ছলে ভীষণ ক্রক্টি বিস্ত'র ক'রে

জামার নিকট জাবিভূতি হ'লেন, তখন আমার আর কোন উপার
রইল না।

রামদাদ। মহারাজ! দেবী আপনার প্রতি এত নির্দর কেন হয়েছেন বুক্তে পাচিনে—এ কি ভয়ানক আদেশ! প্রাণ থাক্তে আপনার ছহিতাকে কি কেউ কথন বলিদান দিতে পারে? মহারাজ! আপনি তো বলিদানে দম্মত হয়েছেন, এখন উপায় কি বলুন দিকি? লক্ষণ। রামদাস, শুধু সমত হওয়া নয়, আমি রণধীরের বাক্যে উত্তেজিত হয়ে তদ্ধণ্ডেই সরোজিনীকে এথানে নিয়ে আস্বার জন্ত মহিনীকে পত্র লিখিছি, তাঁকে এইরূপ ভাবে কৌশলে লেথা হ'য়েছে য়ে, "কুমার বিজয়সিংহ যুদ্ধমাতার পূর্বেই এথানে সরোজিনীর পাণি-গ্রহণে ইচ্ছুক হ'য়েছেন, অতএব তাকে শীল্র সঙ্গে ক'য়ে নিয়ে আস্বে।"

রামদাদ। কিন্তু মহারাজ ! রাজকুমার বিজয়দিংহকে কি আপনি ভয় কচ্চেন না ? যথন তিনি জান্তে পার্বেন যে, এইরূপ মিথা। বিবাহের ছল ক'রে এই দারুণ হত্যা-কাণ্ডের সংকল্প করা হয়েছে, তথন আপনি কি মনে করেন তিনি নিশ্চেষ্ট থাক্বেন ?

লক্ষণ। রামদাস! আমি বিজয়সিংহের অবর্ত্তমানেই ঐ পত্র লিথে পাঠিয়েছিলেম। তিনি যে এত শীঘ্র এখানে এদে পজ্বেন, তা আমি জান্তেম না। রাজ্যের পার্যবিত্তী কোন শক্র-পক্ষের বিরুদ্ধে যুদ্ধ কর্বার জন্ম তাঁর পিতা তাঁকে ডেকে পাঠিয়েছিলেন, আমি মনে ক'রেছিলেম, ঐ যুদ্ধ হ'তে প্রত্যাগমন কর্তে তাঁর অনেক বিলম্ব হ'বে, কিন্তু ঐ বীর পুরুষের অপ্রতিহত-গতি কার সাধ্য রোধ করে? বিজয়-সিংহ যুদ্ধে প্রবৃত্ত হ'বামাত্রই বিজয়-লক্ষ্মী তাঁকে আলিন্ধন করেছেন এবং তাঁর জয়বার্তা এখানে না পৌছিতে পৌছিতেই তিনি স্বয়ং এথানে উপস্থিত হয়েছেন।

রামদাস। মহারাজ! তিনি যদি এসে থাকেন, তা হ'লে আর কোন চিন্তা নাই! আপনিও যদি বলিদানে সম্মত হন, তা হ'লে বিজয়সিংহ আপনার পথের প্রতিবন্ধক হবেন। লক্ষণ । ভূমি বল কি রামদাস ? বিজর-সিংহের তার সহস্র বীর পুরুষ একজ হ'লেও, রাণা লক্ষণসিংহের পথের প্রতিবন্ধক হ'তে পারে না। আমার প্রতিবন্ধক আর কেছই নয়, স্বভাবই আমার একমাত্র প্রতিবন্ধক। স্বভাবের দৃচ্তর বন্ধনই আমার হস্তকে আবদ্ধ ক'রে রেখেছে। দেখ, রামদাস ! যার মুখভাব একটু বিমর্ব, একটু মলিন হ'লে আমার হৃদয়ে যেন শত শত শেল বিদ্ধ হয়, নেই প্রিয়তমা ছহিতা, কোথায় আমার সমেহ আলিঙ্গন-পাশে বন্ধ হ'বার আশায়, মহা হাটিচিত্তে, জতগতি এখানে আস্চে—না কোথায় সে এসে দেখ্বে যে, তার জন্ত ভীষণ হাড়কাট প্রস্তৃত্ত হ'য়ে রয়েছে। এই কয়নাটা কি ভয়ানক!

রামদাস। ও! কি ভয়ানক! মহারাজ! এরূপ তো আমি স্বপ্লেও মনে করি নি!

লক্ষণ। (স্বগত) মাতঃ চতুর্জ ! এই নিষ্ঠুর বলি যে ভোমার অভিপ্রেড, এ আমি কখনই প্রত্যায় কর্তে পারি নে, বোধ হয় তুমি আমাকে পরীক্ষা কর্বার জন্মই এইরূপ আদেশ ক'রেছ। (প্রকাশ্যে) রামদান ! তুমি আমার বিধানের পাত্র, এই জন্ম তোমাকে সমস্ত কথা ধুলে ব'লেম। দেখো যেন প্রকাশ না হয়।

রামদাস। আমার দারা মহারাজ কিছুই প্রকাশ হ'বে না, কিন্ত যাতে রাজকুমারীর জীবন রক্ষা হয়, তার শীদ্র একটা উপায় করুন।

লক্ষণ। দেখ, রামদাস। আমি ইতিপূর্বে স্কলাসকে দিয়ে যে

পত্র থানি মহিনীর কাছে পার্চিয়েছিলেম, দে পত্র থানি যদি ভিনি পেরে থাকেন, তা হ'লে তো দরোজিনীকে নিয়ে এতক্ষণে চিতোর হ'তে যাত্রা ক'রেছেন,—আর, তারা এগানে একবার পৌছিলে রক্ষার আর কোন উপায় থাক্বে না। তবে যদি, তারা এথানে না আদ্তে আদ্তেই তুমি গিয়ে পথিমধ্যে রাজমহিনীর সঙ্গে সাক্ষাৎ ক'রে এই পত্র থানি ভাঁর হস্তে দিতে পার, তা হ'লে তাঁদের এথানে আসা বন্ধ হ'লেও হ'তে পারে।

রামদাস। মহারাজ ! পত্র থানি দিন, এথনি আমি নিয়ে যাচি।

লক্ষণ। এই লও,—(পত্র প্রদান) ভূমি শীঘ্র যাও, পথে যেন
কোথাও বিশ্রাম ক'র না।

রামদাদ। এই আমি চ'লেম মহারাজ!

লক্ষণ। আর শোন রামদাশ! দেখো যেন পথজ্ঞ না হয়,
বরং এক জন নিপুণ পথ-প্রদর্শক সফে ক'রে নিয়ে যাও, কারণ, য়দি
মহিষীর সফে তোমার দেখা না হয়, আর সরোজিনী য়দি একবার
এগানে এসে পড়ে, তা হ'লেই সর্কনাশ উপস্থিত হ'বে। তথন
ভৈরবাচার্য্য সৈত্য-মণ্ডলীর নিকট সেই দৈববাণীর অর্থ শুনিয়ে
দেবে, সরোজিনীর বলিদানের জন্তু সমস্ত সৈত্যই উত্তেজিত হ'য়ে
উঠ্বে; যারা আমার শক্র পক্ষ তারা সেই সময় অবসর পেয়ে
একটা বিরোধ ঘটিয়ে দেবে; আমার প্রভুত্ত আমার রাজত্ব, তথন
রক্ষা করা বড়ই কঠিন হ'য়ে উঠ্বে। অন্তরের কথা তোমাকে আমি
ব'লে দিলেম, এগন যাও রামদাশ—আর বিলম্ব ক'র না।

রামদাশ। মহারাজ ! পত্রের মর্মটা আমার জানা থাক্লে ভাল হর না ? কেন না, যদি আমার কথার সঙ্গে পত্রের কোন জানৈক্য হয়-----

লক্ষণ। ঠিক্ ব'লেছ। পত্রের মর্মটা তোমার শোনা আবশ্যক বটে। আমি রাজমহিধীকে এইরূপ লিথিছি বে, "কুমার বিজর্সিংহের মত-পরিবর্ত্তন হয়েছে, সরোজিনীকে বিবাহ কর্বার তার আর আগ্রহ নাই, অতএব এথানে সরোজিনীকে নিয়ে আস্বার আবশ্যক করে না।" আরও ভূমি এই কথা তাঁকে মুথে বল্তে পার যে, চিতোরের প্রথম আক্রমণ কালে, ঘবন শিবির হ'তে তিনি যে যুবতী মহিলাকে বন্দী করে নিয়ে এসেছিলেন—লোকে বলে,—তারি প্রতি তাঁর এথন অধিক অনুরাগ হয়েছে। আর সেই জন্য তিনি এখন সরোজিনীর প্রতি উপেক্ষা কচেন। এই কথা বলেই য়থেষ্ঠ হবে।—কার পায়ের শক্ষ শোনা যাজেনা ?——— এ কি! বিজয়িসংহ য়ে এদিকে আসছেন, যাও যাও রামদাস এই ব্যালা যাও—আর বিলম্ব কোরো না। বিজয়িসংহের সঙ্গে রথধীর সিংহও দেখছি আসছেন।

(রামদাদের প্রস্থান।)

বি জয়সিংছ ও রণধীরসিংছের প্রবেশ।

লক্ষণ। এই যে বিজয়সিংহ! এর মধ্যেই ভূমি যুদ্ধে জয়লাভ ক'রে প্রভাগত হয়েছ । ধন্ত ভোমার বিক্রম — যা অভের পক্ষে ছঃসাগ্য, তা দেখ্ছি, তোমার পক্ষে অলম বালকের ক্রীড়ার স্থায় স্বতি সামান্ত ও সহজ !

বিজয়। মহারাজ। এই সামান্ত জয়-লাভে বিশেষ কোন গৌরব নাই। ভগবান করুন, যেন আরও প্রশস্ততর গৌরব-ক্ষেত্র আমাদের জন্ত উন্মুক্ত হয়। এইবার যবনদের বিরুদ্ধে যদি জয়লাভ কত্তে পারি—চিভোরপুরী রক্ষা কত্তে পারি—আপনার পিতৃব্য ভীমসিংহের অপমানের যদি প্রতিশোধ দিতে পারি—যদি সেই লম্পট আলাউদ্দিনের মস্তক স্বহস্তে ছেদন কত্তে পারি—তা হ'লেই আমার মনস্কামনা পূর্ণ হয়। (কিয়ৎক্ষণ পরে) মহারাজ। একটা জনরব শুনে আমি অভান্ত আহলাদিত হয়েছি,—শুক্তে পাই নাকি রাজকুমারী সরো-জিনীকে এথানে এনে ভাঁর সহিত উন্নাহ-বন্ধনে আমাকে চিরস্ম্থী ক'র্বেন ?

লক্ষণ। (চমকিত হইরা) আমার ছহিতা ?—সরোজিনী ?—কে বল্লে তাকে এখানে আনা হবে ?

বিজয়। মহারাজ! আপনি যে এ কথা শুনে আশ্চর্য্য হ'লেন ?—— ভবে কি এ জনরবের কোন মূল নাই ?

লক্ষণ। (স্বগত) কি সর্বনাশ! বিজয়সিংহ এর মধ্যেই এ গোপনীয় কথা কি ক'রে জান্তে পালে ?

রণধীর। (বিজয়সিংহের প্রতি) মহাশার! মহারাজ তো আশ্চর্য্য হ'তেই পারেন। এই কি বিবাহের উপযুক্ত সময় ? যে সময় ধবন-গণ চিতোর আক্রমণের উদ্যোগ ক'চেচ —যে সময় জন্মভূমির স্বাধীনতা নির্ব্বাণ হ'বার উপক্রম হয়েছে — যে সময় — এমন কি — হল য়ের রক্ত দিয়ে দেবতাদিগকে পরিতুষ্ট ক'তে হবে — স্বস্তায়নাদি দারা গ্রহ খঙন ক'তে হবে — এই সময় কি না আপনি বিবাহের উল্লেখ ক'চেন ? মহাশয়! এই সময় য়ৄঢ়য়য় প্রশঙ্গ ভিয় কি আয় কোন কথা শোভা পায় ৽ এই য়পে কি তবে আপনি দেশের স্বাধীনতা য়য়্পা ক'য়বেন ৽

বিজয়। মহাশয়! কথায় কেবল উৎসাহ প্রকাশ ক'লে। কোন কার্য্য হয় না। মাতৃভ্নির প্রতি কার অধিক অল্বরাগ, যুদ্দক্ষেত্রেই ভার পরিচয় পাওয়া যাবে। আপনি বলিদান দিয়ে দেবতাদিগকে পরিতৃষ্ট করুন—কবে শুভগ্রহ উপস্থিত হবে, তারই প্রতীক্ষা করুন—কিন্তু বিজয়নিংহ এ সকলের উপর নির্ভর করে না। এ সমস্ত গণনা করা ভীক রাজনের কার্য্য, পুরোহিত ভৈরবাচার্য্যের কার্য্য, আপনার ন্যায় ক্ষত্রিয় বীরপুক্ষের উপস্ক্ত নয়। (লক্ষণিংহের প্রতি) মহারাজ! আমাকে জন্মতি দিন, আমি এখনি যবনদের বিক্লজে যাত্রা ক'চ্চি—বিলম্বের কোন প্রয়োজন নাই।

লক্ষণ। দেথ বিজয়সিংহ, আমার মনের সঙ্কর এথনও কিছুই স্থির হয় নি,—জয়লাভের পক্ষে এবার আমার বিলক্ষণ সন্দেহ হ'চেচ।

রণধীর। মহারাজ! উদ্ধন্ত, অহন্ধারী, অন্ধোৎসাহী যুবকেরা যাই বলুন না কেন, গুদ্ধ পৌরুষ দ্বারা জয়লাভের কোন সন্তাবনা নাই, কিন্তু এ আপনি বেশ জানবেন যে, যদি দেখীকে পরিভূষ্ট ক'ত্তে পারি, তা হ'লে তাঁর প্রসাদে নিশ্চর্য আমরা জয়ী হ'ব।

বিষয়। মহারাজ ! আপনি যুদ্ধে প্রবুত্ত না হ'তে হ'তেই কেন

এরপ বৃথা সন্দেহ কচ্চেন ? প্রাণপণে যুদ্ধ ক'লে বিজয়-লক্ষী স্বয়ং এসে আমাদিগকে আলিন্ধন ক'র্বেন। মহারাজ ! আমি দেবদ্বেধী নই,—আমার বল্বার অভিপ্রায় এই যে, শুভকার্য্যে দেবভারা কথনই বিদ্যু দেন না।

লক্ষণ। কিন্তু বিজয়সিংহ, ভৈরবাচার্য্যের নিকট দৈববাণীর কথা যেরূপ শোনা গেল, ভাতে বোধ হ'চেচ দেবতারা যবনদের সহায় হয়েছেন'।

বিজয়। মহারাজ ! আমরা কি তবে এখন শূনা হস্তে ফিরে যাব ? আপনার পিতৃব্য ভীমসিংহকে যে সেই তুর্মতি আলাউদ্দিন ছলক্রমে বন্দী ক'রেছিল, আমরা কি এখন ভার প্রতিশোধ দেব না ?

লক্ষণ। তুমি ইভিপূর্বে যথন যবনদের শিবির হ'তে একজন যবন-রাজকুমারীকে বন্দী ক'রে এনেছিলে, তথনি তার ষথেষ্ঠ প্রতি-শোধ দে ওয়া হ'য়েছিল। যবনেরা তাতে বিলক্ষণ শিক্ষা পেয়েছে। কিন্তু দেখ, এখন দৈব আমাদের প্রতিকৃশ হ'য়েছেন, এখন কি——

বিজয়। মহারাজ! সর্বাদাই দৈবের মুখাপেক্ষা ক'রে থাক্লে
মন্থ্য থারা কোন মহৎ কার্ফাই দিদ্ধ হয় না। আমাদের কার্য ত
আমরা করি, তার পর যা হ'বার তা হ'বে। ভবিষ্যতের প্রতি দৃষ্টি
ক'তে গেলে, আমাদের পদে পদে ভীত হ'তে হয়। না মহারাজ!
ভবিষ্যথাণী দৈববাণীর কথা গুনে যেন আমরা কতকগুলি অলীক
বিদ্রের আশঙ্কা না করি। যখন মাতৃভূমি আমাদিগকে কার্য্য ক'তে
ব'ল্চেন, তখন তাই যথেষ্ট, আর কোন দিকে দৃষ্টিপাত কর্বার
প্রয়োজন নাই। মাতৃভূমির বাকাই আমাদের একমাত্র দৈববাণী।

দেবভারা আমাদের জীবনের একমাত্র হর্তা কর্ত্তা সভা; কিন্তু মহারাজ! কীর্ত্তিলাভ আমাদের নিজের চেষ্টার উপরেই নির্ভর করে। অভএব অদৃষ্টের প্রতি দৃক্ণাত না ক'রে, পৌরুষ আমাদিগকে ষেথানে যেতে ব'ল্চে,—চলুন, আমরা সেই থানেই যাই। আমি ষবনদিগের বিরুদ্ধে এখনি যেতে প্রস্তুত আছি। তৈরবাচার্যের দৈববাণী যাই হুউক না মহারাজ, আমি ভাতে কিছুমাত্র ভীত নই।

লক্ষণ। দেথ বিজয়সিংহ! সে দৈববাণী অলীক নয়, আমি স্বয়ং তা শুনেছি; দেবী চতুর্ভুজাকে এখন পরিতৃষ্ট ক'তে না পালে আমা-দের জয়ের আর কোন আশা নাই।

বিজয়। মহারাজ! বলুন, দেবীকে কিরপে পরিভূষ্ট ক'তে হবে? লক্ষণ। বিজয়সিংহ! তাঁকে পরিভূষ্ট করা সহজ নয়; তিনি ধা চান, তা তাঁকে কে দিতে পারে?

বিজয়। মহারাজ ! পৃথিবীতে এমন কি বস্তু আছে, যা মাতৃভূমির জন্ম অদের থাক্তে পারে ? আমার জীবন বলিদান দিলেও
যদি তিনি সন্তুট হন, তাতেও আমি প্রস্তুত আছি। মহারাজ ! আমি
আর এখানে বিলম্ব ক'ত্তে পারিনে, সৈত্যগণকে সজ্জিত ক'ত্তে চ'ল্লেম।
পরামর্শ ক'রে আপনাদের কি মত হয়, আমাকে শীত্র ব'ল্বেন। যদি
আর কেহই যুদ্ধে না যান,—আমি একাকীই যাব। আমার এই
অদি যদি লম্পট আলাউদিনের মন্তুক ছেদন ক'ত্তে পারে, তা হ'লেই
আমার জীবনকে সার্থক জ্ঞান ক'রব।

(বিজয়সিংহের প্রস্থান।)

রণধীর। ভন্লেন তো মহারাজ! বিজয়সিংহ ব'লেন,—"পৃথি-বীতে এমন কি বস্ত আছে, যা মাতৃভূমির জন্ম আদের থাক্তে পারে?" দেখুন, উনিও স্থদেশের জন্ম সব কতে প্রস্তুত আছেন।

লক্ষণ। (দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ) হা !----

রণধীর। মহারাজ। ওরূপ দীর্ঘ নিখাদের অর্থ কি ? ঐ নিখাদে আপনার হৃদয়ের ভাব বিলক্ষণ প্রকাশ পাচে। আপনার ছহিতার শোণিত-পাত আশস্কায় আপনি কি পুনর্কার আকুল হ'য়েছেন ? এত অন্ন কালের মধ্যেই আপনার প্রতিজ্ঞা বিচলিত হ'য়ে গেল ? মহারাজ। বিবেচনা ক'রে দেখুন, দেবী চতুর্জা আপনার ছহিতাকে চা'চেন,--মাভূভূমি আপনার ছহিভাকে চা'চেন-এখন কি আপনি তাঁদের নিরাশ ক'রবেন ? আর যথন আপনি একবার প্রতিজ্ঞা ক'রেছেন, তথন কি ব'লে আবার তা অল্লথা কর্বেন বলুন দেকি ? আপনি এরূপ প্রতিজ্ঞা করাতেই তো ভৈরবাচার্য্য মহাশয় সমস্ত রাজপুতদিগকে এই আখাস দিয়েছেন যে, যবনগণ নিশ্চয়ই আমাদের দেশ হ'তে দুরীভূত হ'বে। এখন যদি তারা জান্তে পারে যে, আপনি দেবীর আদেশ পালনে অসমত, তা হ'লে নিশ্চয়ই তারা ক্রোধান্ধ হ'য়ে আপনার বিরুদ্ধে অন্ত ধারণ ক'ববে, তথন আপনার সিংহাসন পর্যান্ত রক্ষা করা কঠিন হ'বে! এই সমস্ত বিবেচনা ক'রে পূর্ব্ব হ'তেই সতর্ক হ'ন। আর মহারাজ। আপনার পিতৃব্য ভীমসিংহকে যবনগণ যে ছলক্রমে বন্দী ক'রেছিল, ভারই প্রতিশোধ দেবার জন্মই তো স্মামরা অস্ত্রধারণ ক'রেছি। এক জন স্বজাতীয়ের স্বস্মাননা হ'য়েছে— আমরা কেবল এই জন্মই যুদ্ধে প্রবৃত্ত হ'রেছি। আর আপনি কি না আপনার অভি আত্মীয় পিতৃতুল্য পিতৃব্য ভীমসিংহের অবমাননা সহ্য ক'র্বেন ?

লক্ষণ। হা!--রণধীর---আমি যে ছংখে ছংখী, তা হতে ভূমি বহু যোজন দূরে। আমার হুঃথ তুমি এখনও অহুভব ক'ত্তে পাচ্চ না বলেই এরপ উদারতা, এরপ দেশান্তরাগ, প্রকাশ ক'ত্তে সমর্থ হ'চ্চ। আচ্ছা ভূমিই একবার ভেবে দেখ দেকি—ভোমার পুত্র বীরবলকে যদি এইরূপ বলিদানের জন্ম বন্ধন ক'রে, দেবী চতুতু জার সমক্ষে আনা হয়, আর যদি ভূমি দেখানে উপস্থিত থাক, তা হ'লে তোমার মনের ভাব তথন কিরূপ হয় ?—এই ভয়ানক দৃশ্য কি তোমাকে একেবারে উন্মন্ত ক'রে তোলে না। তথন কি তোমার মুখ হ'তে এইরূপ উচ্চ উদার বাক্য সকল আর শোনা যায় ? তথন তুমি নিশ্চয়ই রমণীর স্তায়-শিশুর ভায়—অধীর হ'য়ে কেন্দ্ন কত্তে থাক; —আর তথনই তুমি বুক্তে পার, আমার হৃদয়ে কি মর্মান্তিক যাতনা উপস্থিত হয়েছে। যা হোক, তাই ব'লে আমি প্রতিজ্ঞা লঙ্খন কত্তে চাইনে—যখন একবার কথা দিয়েছি, তথন আর উপায় নাই। আমি তোমাকে আবার বলচি, যদি আমার ছহিতা এথানে উপস্থিত হয়, তা হ'লে তার বলিদানে আমি আর কিছুমাত্র বাধা দেব না। কিন্তু ঘটনাক্রমে যদি ভার এখানে আদা না হয়;—তা হ'লে নিশ্চয় জানবে যে আর কোন দেবতা আমার ছঃথে কাতর হ'য়ে তার জীবন রক্ষা কল্লেন। দেখ রণ্ধীর ! তোমাকে স্মন্ত্র ক'চিচ তুমি এ বিষয়ে আর দিরুক্তি ক'র না।

ञ्जमारमज श्राटिका

স্থর। মহারাজের জয় হোক্।

লক্ষণ! (স্বগত) না জানি কি সংবাদ!

স্থর। মহারাজ! রাজমহিবী এবং রাজকুমারী এই শিবিরের দক্ষুধস্থ বন পর্যান্ত এসেছেন—তাঁরা এলেন ব'লে, আর বিলম্ব নাই—
আমি এই সংবাদ দেবার জন্ম তাঁদের আগে এসেছি।

লক্ষণ। (স্থগত) হা! যে একটিমাত বাঁচ্বার পথ ছিল, ভাও এখন রুদ্ধ হ'ল।

স্থর। মহারাজ! গত চিতোর আক্রমণ সময়ে মুসলমানদের সহিত যুদ্ধে, রোসিওনারা বেগম নামে যে যুবতীকে বিজয়িদিংহ বন্দীক'রে এনেছিলেন, সেও তাঁদের সঙ্গে আস্ছে। এর মধ্যেই মহারাজ, তাঁদের আগমন সংবাদ সকল জায়গায় প্রচার হ'য়ে গেছে। এর মধ্যেই সৈত্যেরা রাজকুমারী সরোজিনীর কল্যাণ কামনায় দেবী চতুত্ব্জার নিকটে উচ্চৈঃস্বরে প্রার্থনা ক'ছে। আর এই কথা সকলেই ব'ল্চে যে, মহারাজের স্থায় প্রবল পরাক্রান্ত রাজা পৃথিবীতে অনেক থাক্তে পারেন, কিন্তু এমন ভাগ্যবান পিতা আর দ্বিতীয় নাই।

লক্ষণ। তোমার কার্য্য তো শেষ হয়েছে, এখন তুমি বিদায় হ'তে পার।

হ্র। মহারাজের আজা শিরোধার্য- আমি চলেম।

(স্থরদাদের প্রস্থান।)

শক্ষণ। (অগত) বিধাতঃ !—তোমার নির্চুর সকর দিদ্ধ কর্বার জন্তই কি আমার সমস্ত কৌশল বার্থ ক'রে দিলে ? এই সময় যদি আমি অস্তত একবার স্বাধীন ভাবে অক্র বর্ষণ কত্তে পারি, তাই লেও হৃদরের শুরুভারের কিছু লাঘব হয়, কিন্তু রাজাদের কি শোচনীয় অবস্থা!—আমরা ক্রীতদাদেরও অধম—লোকে কি বল্বে, এই আশক্ষায় একবিন্দু অক্রপাতও কত্তে পারি নে! জগতে ভার মত হতভাগ্য আর কে আছে, যার ক্রন্দনেও স্থাধীনতা নাই! (প্রকাশ্যে) রগধীর! আমাকে মার্জনা ক'র্বে—আমি আর অক্র দংবরণ কত্তে পাচ্চিনে।—মনে ক'র না তাই ব'লে আমার সন্থলের কিছুমাত্র পরিবর্জন হয়েছে— না তা নয়,—আমি যথন কথা দিয়েছি, তথন আর উপায় নাই। কিন্তু রগধীর, তুমিও ভো একজন পিতা—এই অবস্থায় পিতার মন কিরূপ হয় তা কি তুমি কিছু মাত্র অন্থতব ক'ত্তে পাচ্চ না ? এখন কোন প্রাণে বল দেখি——

রণধীর। মহারাজ! শত্য, আমারও শস্তান আছে,—পিতার যে হৃদয়ের ভাব, তা আমি বিলক্ষণ অন্থতব ক'লে পারি। আপনি হৃদয়ে যে আঘাত পেয়েছেন, তাতে আমার হৃদয়ও যার পর নাই ব্যথিত হ'লে। ক্রন্দনের ক্রন্ত আপনাকে দোষ দেওয়া দূরে থাক্, আমারও চক্ষ্ অঞ্জলে পূর্ণ হয়েছে। কিন্তু মহারাজ, আপনার এখন এইটা বিবেচনা ক'লে হবে—মর্ত্ত্য স্নেহের উপরোধে দৈববাণীর কি অবমাননা করা উচিত ? দেবীর ছ্রতিক্রম্য বিধানে আপনার ছহিতা এগানে উপস্থিত হয়েছেন—ভৈরবাচার্য্য মহাশন্ধ তা জান্তে পেরে

বলিদানের জন্য প্রতীক্ষা ক'চ্চেন—এখন বিলম্ব দেখ্লে তিনি স্বয়ংই এখানে উপস্থিত হবেন। এখন আমরা ছই জন মাত্র এখানে আছি, এই অবসরে মহারাজ অঞ্চবর্ষণ ক'রে হৃদয়ের গুরুভারের লামব করুন, আর সময় নাই।

লক্ষণ। (স্বগত) এখন আর কোন উপায় নাই—আমি জানি, আমি তার রক্ষার জন্য যতই কেন চেষ্টা করি না—সকলি ব্যর্থ হ'বে। দৈবের প্রতিক্লে হুর্মল মানব-চেষ্টা বিফল। দেবি চতুর্ভু জে! একটা নির্দ্দোধী অবলার শোণিত পান বিনা ভোমার ভ্ষণ কি আর কিছুতেই নিবারণ হ'বে না ? হা!—(কিয়ৎ কাল পরে,—প্রকাশ্যে রণধীরের প্রতি) আচ্ছা ভূমি অগ্রসর হও, আমি শীদ্রই তাকে নিয়ে যাচি। কিন্তু দেখ রণধীর! ভৈরবাচার্য্যকে বিশেষ ক'রে বারণ ক'রে দেবে, যেন বলিদানের বিষয় আর কেহই না জান্তে পারে। বিশেষতঃ একথা যেন মহিষীর কানে না ওঠে। তিনি এ কথা ভন্তে পেলে ঘোর বিপদ উপস্থিত হ'বে। রণধীর! আমি ক্বডসংকল্ল হয়েছি, এখন কেবল মহিষীকে—সরোজনীর জননীকেই ভয়।

রণধীর। মহারাজ! আপনার ভয় নাই, ৫ কথা আর কেইই
জান্তে পার্বে না;—আমি চলেম।

(রণধীর সিংহের প্রস্থান।)

লক্ষণ (স্বগড) হিমাচল! বিদ্যাচল! ভোমাদের কঠিনতম
ছর্ভেদ্য পাষাণে আমার হুদরকে পরিণত কর; কিন্তু না,—ভোমরাও

তত কঠিন নও,—তোমরাও ছর্বন-হাদয়,—তোমরাও বিগলিত তুষার-রূপ অঞ্চবারি বর্বণ ক'রে ক্ষীণতার পরিচয় দেও। জগতে আরও যদি কিছু কঠিনতর সামগ্রী থাকে,—লোহ—বজ্ব—তোমরা এন,—কিন্ত না—না—পাষাণই হোক্,—লোহই হোক্,—বজুই হোক্, সকলই শতধা বিদীর্ণ হ'য়ে যাবে যথনি সেই নির্দ্ধোষী সরলা বালা একবার করুণ স্বরে পিতা ব'লে সম্বোধন কর্বে।—হা! আমি কি এখন পিতা নামের যোগ্য ?—আমি কি সরোজিনীর পিতা ?—না—আমি তার পিতা নই—আমি তার কুতান্ত —— অতি দাকণ্নিষ্ঠুর কুতান্ত।

(লক্ষণসিংহের প্রস্থান।)

প্রথম অঙ্ক সমাপ্ত।

দ্বিতীয় অঙ্ক।



প্রথম গর্ভাঙ্ক।



দিল্লীর রাজবাটী।

সম্রাট আল্লাউদ্দীন এবং উজির ও

ওমরাগণ সমাসীন।

আলা। দেখ উজির, মহমদ আলি যে ছন্মবেশে হিন্দু-মন্দিরের পুরোহিত হ'য়ে আছে, তার কাছ থেকে তো এখনও কোন খবর এল না। বল দেখি, এখন কি কর্ত্তব্য ? তার অপেক্ষা না ক'রে এখনি চিতোর আক্রমণ করা যাক না কেন ?

উদ্ধির। জাহাঁপনা! গোলামের বিবেচনার একটু অপেক্ষা করা ভাল। আজ ভার ওথান থেকে একজন লোক আস্বার কথা আছে। হিন্দুদের মধ্যে মহম্মদঞালির যেরূপ মান সন্তুম ও প্রভুত্ব হ'রেছে, আর সে যেরপ চতুর লোক, ভাতে যে সে ভাদের মধ্যে একটা বিবাদ ঘটিয়ে দিতে পার্বে, ভার আর কিছুমাত্র সন্দেহ নাই। বিশেষতঃ ওদের মধ্যে যে বিজয় সিংহ আর রণধীর সিংহ নামে ছই জন প্রধান যোদ্ধা আছে, ভাদের মধ্যে যদি সে কোন কৌশলে বিবাদ ঘটিয়ে দিতে পারে, ভা হ'লে আমরা অনায়াসে চিভোর জয় কত্তে সমর্থ হ'ব। হজুরের বোধ হয়, য়য়ণ থাক্তে পারে য়ে, আমাদের প্রথম বারের আক্রমণে কেবল ঐ ছই যোদ্ধার বাহুবলেই চিভোর রক্ষা পেয়েছিল।

আলা। কি বলে উজির, ভাদের বাহুবলে চিভোর রক্ষা পেরে-ছিল ? হিন্দুদের আবার বাহুবল ? আমি কি মনে ক'লে সেইবারই চিভোরপুরী ভূমিদাৎ ক'ত্তে পাত্তেম না ?

উজির। তার আর সন্দেহ কি ? হজুরের অসাধ্য কি আছে ? আপনি মনে ক'লে কি না ক'তে পারেন ?

ম ওমরাও। হজুর সেবার তো মেহেরবানি ক'রে হিন্দুদের
 ছেড়ে দিয়েছিলেন।

২ য় ওমরাও। তার সন্দেহ কি ?

আলা। কিন্তু দেবার দেই চতুরা হিন্দু-বেগম পদ্মিনী বড় ফিকির ক'রে, তার স্বামী ভীমিসিংহকে এখানকার কারাগার থেকে মুক্ত ক'রে নিয়ে গিয়েছিল। আমি মনে ক'রেছিলেম, তার সঙ্গে যত পান্ধি এসেছিল, তাতে বুকি তার দাসীও সহচরীরা আছে—তা না হয়ে, হঠাৎ কি না তার ভিতর থেকে অস্ত্রধারী রাজপুত-দৈস্ত সব বেরিয়ে

পড়্ল—ভাগ্যি আমরা দেদিন খুব হুঁদিয়ার ছিলেম ও আমাদের দৈস্ত-সংখ্যা বেশি ছিল তাই রক্ষে—

উজির। জাঁহাপনা! দে দিন আমাদের পক্ষে বড় ভয়ানক দিন গেছে।

জারা। দেখ উদ্ধির, এবার চিতোরে গিয়ে এর বিলক্ষণ প্রতিশোধ দিতে হ'বে। এবার দেখ্ব পদ্মিনী-বেগম কেমন তার সতীত্ব রাধ্তে পারে? হিন্দুরাজাকে জামি এত ক'রে ব'ল্লেম যে, পদ্মিনী-বেগমকে জামার হস্তে সমর্পণ ক'ল্লেই চিতোরপুরী নিরাপদ হ'বে, তা সে কিছুতেই শুন্লে না—জাচ্ছা এবার দেখ্ব কে তাকে রাখে?

১ ম ওমরাও। জাঁহাপনা ! পদ্মিনীর কথা কি, হজুরের হকুম হ'লে আমি স্বর্গের পরীও ধ'রে এনে দিতে পারি। চিতোর সহরে একবার প্রবেশ ক'লেই হজুর দেখ্বেন, আপনার পদতলে শত শত পদ্মিনী গড়াগড়ি যাবে।

আলা। (হাস্য করিয়া) আচ্ছা, সে বিষয়ে ভোমাকেই সেনা-পভিছে বরণ করা গেল। ভূমি সে যুদ্ধের উপযুক্ত যোদ্ধা বটে।

১ ম ওমরাও। গোলামের উপর বথেষ্ট অল্প্রহ হ'ল। এমন উচ্চ পদ আর কারও হ'বে না। আমাকে হস্কুর রাজ্য-ঐপর্য্য দিলেও আমি এত খুসি হ'তেম না। হস্কুর সেখানে আমার বীর্ত্ত দেখ্বেন। (যোড়হস্তে) হস্কুর! বেয়াদবি মাপ ক'র্বেন, একটা কথা জিজ্ঞাসা করি, —— চিডোর আক্রমণের আর কত বিলম্ব আছে?

আলা। কি হে, ভোমার দেখছি আর দেরি সর না।

১ ম ওমরাও। জাঁহাপনা। আমার বল্বার অভিপ্রায় এই বে,
শুভ কার্ব্যে বিলম্ব করাটা ভাল নয়।

আলা। আচ্ছা, ভূমি এই বৃদ্ধ বয়দে যুদ্ধে যেতে কিদে এত সাহসী হ'চ্চ বল দেখি ?

১ম ওমরাও। হজুর ! বয়স এমন কি হ'য়েছে,—হদ বাট্। আর বিশেষ আপনি আমাকে যে পদ দিয়েছেন, তাতে বোধ হ'চে, যেন আমার নব যৌবন কিরে এল। আর এমন কার্য্যে বদি প্রাণ না দেব, ভবে আর দেব কিসে ?

আলা। সে যা হোক্, দেথ উজির ! হিন্দুদের যত মন্দির, দব ভূমিদাৎ ক'রে দিতে হ'বে। তার চিহ্নমাত্রও যেন পরে কেউ দেখতে নাঁ পাঁর।

উদ্দির। হন্ধুর! কাফেরদের প্রতি এইরূপ ব্যবহার করাই কর্ত্তব্য বটে।

সকল ওমরাও। অবশ্য—অবশ্য, তার সন্দেহ কি—তার আর সন্দেহ কি।

ংর ওমরাও। আমাদের বাদ্শাই মহম্মদের শাক্ষাৎ প্রতিনিধি।

তর ওমরাও। আমাদের বাদ্দার মৃত ভক্ত মুসলমান কি আর

ছটী আছে ?

একজন রক্ষকের প্রবেশ।

রক্ষক। থোদাবন্দ! হিন্দু-মন্দির থেকে একজন লোক এসেছে, সে হজুরের সঙ্গে সাক্ষাৎ ক'তে চায়। ষালা। আচ্ছা, তাকে এখানে নিয়ে ষায়।

রক্ষক। যে আছেল হজুর।

(রক্ষকের প্রস্থান।)

(ফতেউল্লার প্রবেশ।)

আলা। কি থবর ?

ফভে। (কম্পমান)

স্থালা। স্থারে—এড কাঁপ্চে কেন? কথার উত্তর নাই? উদ্ধির! কোন মন্দ সংবাদ নয় তো?

উজির। জাঁহাপনা ! ও মূর্য চাদা লোক, বাদ্দার কাছে কিরূপ কথা কইতে হয় তা জানে না, তাইতে বোধ হয় ভয় পা'চে।

আলা। কি থবর এনেছিস্বল্, ভয় নেই।

কভে। চাচাজি ভোময়ি এ পত্ৰথানা দেলে। (পত্ৰ প্ৰদান)

উজির। আরে বেয়াদব! জাহাঁপনী ইবন্।

আলা। উদ্ধির ! ওকে যা খুসি ভাই ব'ল্তে দেও, না হ'লে ভর পেলে, আর কিছুই ব'ল্তে পার্বে না। (ফভের প্রতি) পত্র কে পাঠিয়েছে ?

কভে। চাচাজি দেলে।

ষ্পালা। চাচাজি খাবার কে?

ফতে। ভোমরা যারে মহম্মদজালি কও, হাঁছিরা ভেনারে ভক্ চাচাজি কন। জালা। উজির ! প্রথানা পাঠ ক'রে দেখ দেখি, কি লিখেছে।
(পত্র প্রদান।)

উজির। (পত্র পাঠ।)

শাহেন্শা বাদ্শা আল্লাউদ্দিন প্রবল-প্রতাপেয়ু ৷—

গোলামের বহুৎ বহুৎ সেলাম। আমি হিন্দু-রাজাদের মধ্যে এক রকম বিবাদের স্ত্রপাভ ক'রেছি। যথন বিবাদ খুব প্রবল হ'রে উঠাবে, তথন এ গোলাম জাঁহাপনাকে থবর পাঠিয়ে দেবে। সেই সময় চিভোর আক্রমণ ক'লে, নিশ্চর জয় লাভ হ'বে। আমার এই মাত্র প্রার্থনা, গোলামকে পায়ে রাখ্বেন্।

নিতান্ত অনুগত আশ্রিত ভূত্য-----মহম্মদ আলি।

্ আলো। এ হ-ধবর বটে। উজির! ওকে কিছুবক্সিস্ দিয়ে বিদায় কর।

উজির। যে আজে। আয়, আমার দকে আয়। ফতে। (স্থপত) বক্ষিদ্!—ছটা পাঁাজির ভরকারি পাটি, ভরি খাতি পালিই এংন বতাই——নৈবিদির চাল কলা থাতি খাতি মোর জান্টা গ্যাছে।

(উজির ও ফতের প্রস্থান।)

১ম ওমরাও। (স্বগভ) আঃ—উজির বেটা গেল, বাঁচা গেল, ও ব্যাটা থাক্লে কাজ কর্মের কথা ভিন্ন আর কোন কথাই হবার যো নেই। (প্রকাশ্যে) হজুর! বেয়াদবি মাপ ক'র্বেন, গোলামের একটী আর্জি আছে, যদি হকুম হয়——

আলা। আচ্ছা, কি বল।

১ম ওমরাও। জাঁহাপনা! উজির সাহেব দেখছি, হন্ধুরকে এক-চেটে কর্বার উয়াগ ক'রেছেন। সময় নাই, অসময় নাই,—'বখন ভখন উনি উড়ে এসে যুড়ে বসেন। যখন দরবারের সময় হ'বে, ভখনি ওঁর এক্তিয়ার, তখন উনি যা খুদি তাই ক'ত্তে পারেন। কিন্তু এ সময় কোথার হন্ধুর একটু আরাম ক'র্বেন, আমরা ছট খোদ গ্রাশোনাব, না—এ সময়েও উনি এসে হন্ধুরকে পেয়ে ব'স্বেন।

আলা। (হাস্য করিয়া) হাঁ, আমি জানি, উজির গেলেই গ্রেমাদের হাডে বাভাস লাগে।

১ম ওমরাও। (করযোড়ে) আচ্ছে, আমাদের শুধুনয়, — হজুরেরও।
আলা। তোমার সঙ্গে দেখ্ছি, কথার আঁটা ভার। আচছা;
বল দেখি, এখন কি করা যায় ?

১ম ওমরাও। হজুর! এমন স্থ-থবর আজ পাওয়া গেল, এথন

একটুনাচ গান হ'লে হয় না? নর্ত্তকীরাও হাজির আছে, যদি অনুমতি হয়——

আলা। আছে।, তাদের ডাক।
> ম ওমরাও। যে আজ্ঞাহজুর।

(১ ম জ্বারায়ের প্রস্থান ও নর্ভকীগণকে
লইয়া পুনঃপ্রবেশ।
নৃত্য ও গীত।

রাগিণী বিবিট থাষাজ।—তাল কাখীরি থেম্টা।

সমরো তেগ অদা কো জরা শুনোতো সহি,
নেহি পয়মাল করো মল্কে হাতোমে মেদি,
কিদিকি খুন করেগি হেনা শুনতো সহি।
গজব্ হ্যায় তোম্ ফুল পঞ্জ দেখ্ নাম ইয়ারো
অগলি কহুই সরমোইয়া শুনোতো সহি।
আলা। আছা; আজ এই পর্যন্ত। (গাতোখান)
ওদের বক্সিদ্ দিয়ে বিদার কর।

(সকলের প্রস্থান।)

দ্বিতীয় গর্ভাঙ্ক।

রাণা লক্ষ্মণসিংহের শিবির সন্নিকটবর্ত্তী উদ্যান।

(রোষেনারা ও মোনিয়ার প্রবেশ।)

রোবেলারা। এদ ভাই ! আমরা এথানে একটু ব্যাড়াই—দেখেছ
এই বাগানটী কেমন নির্কাল বাজকুমারী সরোজিনী এখন তাঁর
বাগের সঙ্গে দেখা ককন—কুমার বিজয়সিংহের সঙ্গে দেখা ককল —
আমাদের সেখানে গিয়ে কি হবে ? আমাদের আর জুড়াবার স্থান
কোথার বল ? আমরা এদ ভভক্ষণ এখানে মন খুলে আমাদের
ছংখের কথা কই। দেখ ভাই, আমার ইচ্ছে হয় এই ঝাউগাছের
ভলায় আমি রাভ দিনই ব'দে থাকি—ঝাউগাছে কেমন একটী বেশ
শোঁ শৌ শক্ষ হয়, এই শক্টী আমায় বড় ভাল লাগে।

মোনিয়া। তোমার ভাই আজকাল এ রকম ভাব দেখ্ছি কেন?

সারাদিনই নিয়ালা ব'লে ব'লে কাঁদ—কারও সঙ্গে মিশ্ভে ভাল

যাস না—এর মানে কি ? আমার ভাই সেই অভভ দিনের কথা বেশ

মনে পড়ে, বে দিন হিন্দুরা আমাদের সৈত্তদের যুদ্ধে হারিয়ে দিয়ে
ভোমাকে জোর ক'রে বন্দী ক'ল্লে—আর সেই বিজয়ী রাজপুত রজন

মাথা হাতে ভোমার সন্মুথে উপস্থিত হ'লেন। তথন তো ভাই

তোমার এক কোঁটোও চক্ষের জল পড়েনি। যে সময় কাঁদ্বার সময়,
সে সময় কাঁদ্লে না, জার এখন কিনা সারা দিনই ভোমাকে কাঁদ্ভে
দেখি; এখন ভো বরং যাভে ভূমি স্থথে থাক, সকলি সেই চেটাই
ক'চে। রাজকুমারী সরোজিনী ভোমাকে মনের সঙ্গে ভাল বাসেন,—
ভিনি আপনার বোনের মছন ভোমাকে দেখেন, ভোমার হুংধে
ভিনি কভ হুংথ করেন—ভোমার থাক্বার জন্ম আলাদা একটা বাড়ি
ক'রে দিয়েছেন—আর দেখ সথি! রাজকুমারী আমাদের ভাল
বাসেন ব'লে, কেউ আমাদের মুসলমান, ব'লে দ্বণা ক'ভ্রেও সাহস
পায় না—বরং সকলি আমাদের আদের করে। এখন ভো ভাই,
শোমার ছুংথের কোন কারণই দেখিতে পাইনে।

রোধেনারা। ভূমি বল কি?—আমার আবার ছংখের কারণ
নেই? আমার মত হতভাগিনী আর কে আছে বল দিকি? দেখ,
ছেলে ব্যালা থেকেই আমি অপরিচিত লোকদের হাতে রয়েছি;
পিতামাতার সেহ যে কিরপ, তা আমার জীবনের মধ্যে এক বারও
জান্তে পালেম না। আমার পিতা মাতা যে কে, তাও আমি
জানিনে। একজন গণক একবার এই মাত্র গুণে ব'লেছিল যে,
যথনি আমি তাঁদের জানতে পারবো, তথনি আমার মরণ হবে।

মোনিয়া। সধি! জমন জলক্ষণে কথা মুখে এন না। গণকের কথায় প্রায়ই দিভাব থাকে। বোধ করি, ওর আর কোন মানে হ'বে।

রোবেনারা। নাভাই, এরূপ অবস্থার চেরে আমার মরণই

ভাল। দেখ সথি! ভোষার বাপ আমার জন্ম-বৃত্তাপ্ত সমস্তই জান্-তেন,—ভিনি একবার আমাকে ব'লেও ছিলেন যে, আমার পিভা-মাভার কথা আমাকে একদিন গোপনে ব'ল্বেন—কিন্তু ভাই আমার এমনি পোড়া অদৃষ্ট যে, ভার পরেই ভাঁর মৃত্যু হ'ল। কুমার বিজয়-সিংহের সহিভ যুদ্ধে ভিনি বীর-শ্য্যার শর্ম ক'ল্লেন—আমরাও সেই দিন বন্দী হলেম।

মোনিয়া। আমাদের ভাই অদৃষ্টে বা ছিল, ভাই হয়েছে—ভানিয়ে এখন রুণা ছঃখ ক'র্লে কি হ'বে ? আমি শুনেছি, এখানকার ছিলু-মন্দিরের একজন পুরুত আছেন—ভিনি নাকি যে কোন প্রশ্ন হয়, গুণে ব'ল্ভে পারেন। তা—ভাঁর কাছে এক দিন লুকিয়ে গেলে, ভিনি হয়ভো ভোমার জন্মের কথা দব ব'লে দিতে পারেন। আর ক্মার বিজয়িশংহও আমাকে ব'ল্ছিলেন য়ে, সরোজিনীর সলে ভাঁর বিয়ে হ'য়ে গেলেই ভিনি আমাদের ছেড়ে দেবেন। তা হ'লেই ভাই আমরা দেশে চলে যাব।

রোবেনারা। কি ব'লে ভাই ?—সরোজিনীর সঙ্গে বিজরসিংহেঁর বিবাহ ?—(স্বগভ) হা! কি কথা শুন্লেম! (প্রকাশ্যে) বিবাহের কি সব ঠিকু হয়ে গেছে ?—এ কথা ভাই ভুমি আমাকে আগে বলনি কেন?

মোনিরা। আমিও ভাই এ কথা আগে টের পাইনি—সবে এইমাত্র শুন্লেম।

রোঘেনারা। আমি তথু এই কথা তনেছিলেম যে সরোজিনীকে

রাজা ডেকে পাঠিয়েছেন—কেন যে ডেকেচেন তা ঠিক্ টের পাইনি— কিন্তু এ আমার তথন মনে হ'য়েছিল যে, সরোজিনীর অবিশ্যি কোন একটা স্থ-থবর এসেছে।

মোনিয়া। সরোজিনীর বিবাহ হ'ল কি না হ'ল ভাতে ভাই ভোমার কি এল গেল ? এ কথা শুনে ভূমি এত উতলা হ'লে কেন ?

রোষেনারা। হা!— স্থামার সকল বিপদের চেয়ে, যদি এই কাল-বিবাহকে স্থামি স্থাধিক বিপদ্ মনে করি, তা হ'লে ভূমি কি ভাই স্থান্দর্য্য হও ?

মোনিয়া। ও কি কথা ভাই ?

রোবেনারা। আমার যে কি হৃঃথ, তা তুমি তথন বৃক্তে পাচ্ছিলে না। এখন তবে শোন। তা শুন্লে তুমি বরং আরও আন্তর্গ্র হ'বে যে, কি ক'রে এথনও আমি বেঁচে আছি। আমি যে অনাথা হয়েছি, সে আমার হৃঃথের কারণ নয়; আমি যে পরাধীন হ'য়েছি,—দেও আমার হৃঃথের কারণ নয়,—আমি যে বলী হ'য়েছি, তাও আমার হৃঃথের কারণ নয়; আমার হৃঃথের কারণ আমার নিজেরই হৃদয়। তুমি তাই, শুন্লে অবাক্ হ'বে যে, সেই মুসলমানদের কাল-স্করপ ক্মার বিজয়িশংহ, যিনি আমাদের সকল হৃঃথের মৃল, যিনি নির্দেশ হ'য়ে আমাকে এখানে বন্দী ক'রে এনেছেন, যিনি বিদেশী, যিনি বিধর্মী, যাঁর সঙ্গে আমাদের কোন সম্বন্ধই নেই, যাঁর নামমাত্র শুন্লও আমাদের মনে স্বণা হওয়া উচিত, ভাই, সেই ভয়ানক শক্রই——

মোনিয়া। ও কি ভাই ?—বল্ডে বল্ভেই যে চুপ্ক'লে ?

রোষেনারা। ভাই সেই ভয়ানক শত্রুই—আমার——প্রাণের বন্ধু—আমার হৃদয়-সর্কার !

মোনিয়া। বল কি সথি! এর একটু বাস্পও ভো জামি পূর্বে জান্তে পারিনি।

রোবেনারা। আমি মনে ক'রেছিলেম, এই কথাটী আমার অস্ত-রের মধ্যেই চিরকাল রাখ্বো, কিন্তু সথি, ভোমার কাছে আর আমি গোপন ক'ত্তে পাল্লেম না; যা হ'ক, আর না—হৃদয়ের কথা হৃদ-রেই থাক্।

মোনিরা। সথি ! আমাকেও ব'ল্ডে তুমি কুঠিত হ'চচ ? এই
কি তোমার ভালবারা ? সব কথা খুলে না ব'লে আমি কিছুতেই
ছাড়্ব না। এমন শক্রর উপর ভোমার কি ক'রে ভালবারা হ'ল,
আমার জানতে ভারি ইচেছ হ'চে।

রোবেনারা। সে কথা ভাই আর কেন জিজ্ঞানা কর ? কুমার বিজয়সিংহ কি আমার হুংথে কিছুমাত হুংথ প্রকাশ ক'রেছিলেন ? তিনি কি আমার কোন উপকার ক'রেছিলেন ? তবে কেন আমি তাঁকে ভাল বাদ্লেম ?—কেন বে আমি তাঁকে ভাল বাদ্লেম, ভা ভাই আমি নিজেই জানিনে। আছো বে দিন আমি বন্দী হয়েছিলেম, সেই ভয়ানক দিনের কথা কি ভোমার মনে পড়ে না ?

মোনিয়। মনে পড়ে না আবার,—বেশ মনে পড়ে।

রোষেনার।। মনে আছে,—কভন্ষণ ধ'রে আমাকে দেই কারা-গারের মধ্যে থাক্তে হ'য়েছিল ?—ভোমাকে ভাই ব'ল্ব কি, দেগানে অসনি অন্ধকার ষে, মনে হচিল যেন আমার প্রাণটা বুঝি বেরিয়ে গেল,—ভার পর কভন্ষণ বাদে যথন একটু আলো দেখা গেল, তথন যেন আমি বাঁচ্লেম, কিন্তু ভার পরেই দেখতে পেলেম, ছট রক্ত মাখা হাত আমার সন্মুখে উপস্থিত,—দেখেই ভো আমি একেবারে চম্কে উঠ্লেম। ভার পর ভাই, সেই হাত ক্রমে স'রে স'রে এসে আমার শেকল খলে দিলে। সেই শক্ত, কঠোর হাত স্পর্শমাত্রই আমার শেকল খলে দিলে। দেই শক্ত, কঠোর হাত স্পর্শমাত্রই আমার সর্শান্ধ মেন কাঁটা দিয়ে উঠ্ল,—আমি ভারে কাঁপ্তে লাগ্লেম।—ভার পর কে যেন গভীর স্বরে আমাকে এই কথা ব'লে,—"যবন-ছহিতা! ওঠ।" আমি অমনি ভার কথার ভয়ে ভয়ে উঠ্লেম; কিন্তু তথনও মুখ ফিরিয়ে ছিলেম,—তখনও তাঁর দিকে ভাকাতে আমার শাহস হয়নি।

গোনিয়া।—আমি হ'লে তো ভাই একেবারে ভয়ে ম'রে যেভেম— ় ভার পর ?

রোবেনারা। তার পর যথন তিনি ভাই আমার স্থূথে এলেন,—
হঠাৎ তাঁর দিকে আমার চোক্ প'ড়ল। কি কুক্ষণেই আমি যে তাঁকে
সেই দেখেছিলেম, সেই দেখাই ভাই, আমার কাল হ'ল। কোথার
আমি মনে ক'রেছিলেম, সয়ভানের মত কোন ভয়ভর মুর্ভি দেখ্ব, না
কোথার ইসফ্ প্যার্গ্যরের মত তেজ্পী পরমস্থলর একজন ম্বা
পুরুবের মুখ দেখ্লেম। আমি কত ভর্মনা ক'র্ব মনে ক'রেছিলেম,
কিন্তু সে সব যেন আমার মুখে আট্কে গেল। তথন ভাই মনে হ'ল
যেন, আমার হলয়ই আমার বিপক্ষ হ'য়েছে। তার পর তিনি এমনি

কোমল স্বরে বল্লেন—"স্করে! আমার দেখে কি ভয় পেয়েছ ?—
ভয় নাই। আমার দক্ষে এদ। রাজপুত বীর জীলোকের মর্যাদা
জানে।" এই কথা গুলিতে ভাই আমার হৃদয়ের তার যেন একেবারে
বেজে উঠ্লো। তথন, মত্রে মুগ্ধ হ'লে দাপ যে রকম হয়, আমি
ঠিক্ দেই রকম হ'য়ে তাঁর পিছনে পিছনে চল্তে লাগ্লেম।
দেই অবধিই ভাই আমার শরীর শুধু নয়, আমার হৃদয়ও চির
কালের জন্ম তাঁর কাছে বন্দী হ'য়ে রয়েছে। রাজকুমারী সরোজিনী, আমাকে দখীর মত ভাল বাদেন,—বোনের মত বত্র করেন
সত্যি—কিন্তু জানেন না যে, একটা কালদাপিনীকে তিনি ঘরের
মধ্যে পুষ্ছেন। ভোমার কাছে ভাই ব'ল্তে কি, রাজকুমারী আমাকে
হাজার ভাল বাহ্মন, আমি তাঁর ভাল কিছুতেই দেখ্তে পার্ব না—
বিশেষ, তিনি যে কুমার বিজয়িসংহের প্রেমে স্থা হবেন, এ তো
ভাই আমার প্রাণ থাক্তে দহু হবে না।

মোনিয়া। সথি! বিজয়সিংহ হ'ল হিন্দু, তুমি হ'লে মুসলমান, তুমি তাঁর প্রেমের আকাজ্জা কি ক'রে কর বল দিকি? তার চেয়ে বরং তোমার এথানে না আসাই ভাল ছিল। বিজয়সিংহের সঙ্গে রাজকুমারী সরোজিনীকে দেখলেই তুমি মনের আগুনে পুড়রে বৈ তো নয়? সথি! কেন বল দিকি, এ রুখা যন্ত্রণা ভোগ কর্বার জন্যে চিভোর থেকে এলে?

রোবেনারা। আমি মনে ক'রেছিলেম, এথানে আস্ব না, কিন্ত কে যেন আমার অক্তরের অন্তর থেকে ব'ল্তে লাগ্ল যে, "যাও,— এই বেলা যাও, সরোজিনীর স্থথের দিন উপস্থিত,—তুমি গিয়ে তার পথে কণ্টক দাও, তোমার মত হতভাগিনীর সংসর্গে তার একটা না একটা অমঙ্গল হ'বেই হ'বে।" আমি সেই জন্মই ভাই,এথানে এসেছি; আমার জন্ম-বৃত্তান্ত আন্বার জন্মে আমি তত উৎস্থক নই। যদি সরোজিনীর মনস্থামনা পূর্ণ হয়, যদি বিজয়দিংহের সঙ্গে তার বিবাহ হয়, তা হ'লে ভাই নিশ্চয় জান্বে, আমার পৃথিবীর দিন শেষ হ'য়ে এলো!

মোনিরা! ও কি কথা ভাই ? তুমি কি ক'রে বিজয়সিংহের সক্ষে

শরোজিনীর বিবাহ আটক্ ক'র্বে বল দিকি ? সে কখনই সন্তব নয়;

তার চেয়ে ভাই বিজয়সিংহকে একেবারে ভুলে যাওয়াই ভোমার

শক্ষে ভাল।

রোষেনারা। হা। এ জন্মে কি ভাই তাঁকে আর ভুল্ভে পার্বো?

্ (অন্যমনে গীত।)

রাগিণী বিবৈট-ভাল কাওয়ালি।

"তারে ভুলিব কেমনে। প্রাণ সঁপিয়াছি যারে আপনারি জেনে; আর কি সে রূপ ভুলি, প্রেম-তুলি, করে তুলি, হৃদয়ে রেখেছি লিখে অতি যতনে।" মোনিয়া। কে ভাই আসচে।

রোবেনারা। এ কি! রাজা আর সরোজিনী যে এই দিকে
আস্চেন, আমার গান ভো শুন্তে পান নি ?—এম ভাই আমরা ঐ
গাছের আড়ালে লুকোই।

(রুক্ষের অস্কুরালে উভয়ের অবস্থান।)

লক্ষণ সিংহ ও সরোজিনীর প্রবেশ।

লক্ষণ। (স্বগত) ওঃ!—ন্ধামি আর বাছার মুথের দিকে চাইভে পান্ধিনে।

সরোজিনী। পিডঃ! মুদলমানদের দক্ষে কবে যুদ্ধ হ'বে ?
লক্ষ্ণ। বৎদে, আমি ভোমার পিতা নামের যোগ্য নই।
আমা অপেক্ষা ভাগ্যবান পিতা হ'লে ভোমার উপযুক্ত হ'ত।

সরোজিনী। পিভঃ। ও কি কথা ? আপনার অপেক্ষা ভাগ্যবান্ আর কে আছে ? আপনার কিনের অভাব ? আপনার ভায় মান মর্য্যাদা আর কোন রাজার আছে ?

লক্ষণ। (স্বগত) আহা! এই সরলা বালা কিছুই জানে না,— পিতা যে তোর কৃতান্ত, তা তুই এখনও টের পাস্নি,—

্ সরোজিনী। জাপনি কি ভাব্চেন ? মধ্যে মধ্যে ওরপ দীর্ঘ নিঃশাদ ফেল্চেন কেন ? আমি কি কোন অপরাধ ক'রেছি? আপ-নার বিনা আদেশে আমার কি এখানে আদা হ'রেছে ? ভবে কেন ওরপ ভাবে আমার দিকে চেয়ে র'য়েছেন। লক্ষণ। না বংদে! ভোমার কোন অপরাধ হয় নি। এখানে বুদ্ধসজ্জার জন্ত নানা ভাবনা নাকি ভাব্তে হ'চেচ, তাতেই বোধ হয়, ভুমি আমায় অমন দেথ্ছ।

শরোজিনী। এতো দে রকম ভাবনা ব'লে বোধ হয় না। আপনাকে দেখলে বোধ হয়, যেন অস্তরের মধ্যে আপনার কি একটা
ভয়ানক যাতনা উপস্থিত হ'য়েছে। পিছঃ! বল্ন কি হ'য়েছে? এ
রকম ভাব তো আপনার কথনই দেখিনি।

লক্ষণ। হাবৎদে!

শরোজিনী। আপনি কেন অমন ক'রে দীর্ঘ নিখাস ফেল্চেন ? বলুন, কি হ'য়েছে।

লক্ষণ। বৎসে! আর কি বশ্ব! স্পলমানের

শরোজিনী। মা চডুর্জা! যাদের জন্যে পিতার আজ এরূপ
বিষম ভাবনা হ'রেছে, সেই ছুই মুদলমানদের শীম্র নিপাত কর।

লক্ষণ। বৎসে । মুদলমানেরা শীঘ্র নিপাত হবার নয়, তাব পূর্ব্বে অনেক অঞ্চপাত কর্তে হ'বে—হাদয়ের রক্ত পর্যান্ত শুদ্ধ কর্তে হবে। সরোক্ষিনী। দেবী চতুর্ভূজা যদি আমাদের উপর প্রদন্ধ থাকেন, তা হ'লে আর কিদের ভাবনা ?

লক্ষণ। বৎদে! দেবী চতুর্জা এখন আমার প্রতি অত্যস্ত নির্দ্ধ হ'য়েছেন।

দরোজিনী। দে কি পিডঃ—এই জন্যই কি ভবে ভৈরবাচার্য্য দেবীকে প্রদন্ধ কর্বার আশার যজের আয়োজন কচেন ? লক্ষণ। হাঁবৎদে!

मतां जिनी। युक्त कि भी खरे हैं रित १

লক্ষণ। এই যজ্ঞ ষতই বিলম্বে হয়, ততই ভাল, কিন্তু ভৈরবাচার্য্য শুনচি তিলার্দ্ধ বিলম্ব কর্বেন না।

সরোজিনী। কেন, বিলম্ব কর্বার প্রারোজন কি ? যত শীম্ব অমঙ্গলের শান্তি হর, ততই তো ভাল। এই যজ্ঞ দেখতে আমার বড় ইচ্ছে ক'চেচ। পিতঃ! আমরা কি দেখানে থাক্তে পাব ?

লক্ষণ। (দীর্ঘ নিঃখাস) হা!----

সরোজিনী। পিতঃ! জামরা কি সেখানে থাক্তে পাব না ?
লক্ষণ। (উৎকৃষ্ঠিত ও ব্যস্ত সমস্ত হইরা) পাবে। আমি এখন
চলেম, হা !---

(লক্ষণসিংহের বেগে প্রস্থান।)

(রোবেনারা ও মোনিয়ার অন্তরাল

হইতে নির্গমন।)

সরোজিনী। এ কি ? তোমরা ভাই এতক্ষণ কোথায় ছিলে ?
রোমেনারা। আমরা ভাই এই থানেই বেড়াচ্ছিলেম। তার পর,
রাজা আস্ছেন দেথেই ঐ গাছের আড়ালে লুকিয়েছিলেম।
সরোজিনী। দেথ ভাই রোমেনারা, আগে পিতা আমাকে

দেখলে কত আদর কন্তেন, আজ তা কিছুই ক'লেন না; খুদি হওরা

দ্রে থাক্, আমাকে দেখে আরও যেন তাঁর মুখ ভার হ'ল, আমার সঙ্গে ভাল ক'রে কথাও কইলেন না, এর ভাব কি বল দিকি ? আমার ভাই মনে কেমন একটা ভর হ'চে। আমার উপর পিতার এরপ ডাচ্ছিল্য-ভাব আমি ভো আর কথনই দেখিনি। আমার বোধ হ'চে, কি যেন একটা বিপদ্ শীঘ্র ঘ'ট্বে। মা চতুর্ভু জা! আমার যাই হোক, আমার পিতার যেন কোন অম্বন্ধ না হয়।

রোষেনারা। কি রাজকুমারি! তোমার বাপ আজ তোমার সঙ্গে একটু কম কথা কয়েছেন ব'লে তুমি এত অধীর হয়েছ ? আমি যে আজন্ম কাল বাপ মা হারা হ'য়ে অনাথার মত বিদেশে বিদেশে বেড়াচ্চি—আমার তুলনায় ভোমার ছঃখ তো কিছুই নয়। বাপ যদি তোমায় অনাদর ক'রে থাকেন তো ভোমার মা আছেন, মায়ের কোলে গিয়ে সাস্ত্রনা পেতে পার; আর মা বাপ যদি ছজনেই তো-মায় অনাদর করেন, কুমার বিজয় সিংহ তো আছেন—

সরোজিনী। তিনি ভাই কোথার ? জামি এসে জবধি তো তাঁকে এথানে একবারও দেখতে পেলেম না। (স্বগভ) জামি বে মনে ক'রেছিলেম, তিনি জামাকে দেখ্বার জন্ম না জানি কতই ব্যগ্র হ'রেছেন, তার কি জবশেষে এই হ'ল । যুদ্ধের উৎসাহে তিনিও কি জামাকে ভুলে গেলেন ।

ব্যস্ত সমস্ত হইয়া রাজমহিষীর প্রবেশ।

রাজ-ম। এস বাছা, আমরা এখান থেকে এখনি চ'লে যাই,

এখানে জার এক দণ্ডও থাকা নয়। এথান থেকে এখনি না গেলে জামাদের জার মান সন্ত্রম রক্ষা হয় না। পূর্বের জামি জাক্ষর্য হয়েছিলেম যে, মহারাজ জামাদের সঙ্গে দেখা হ'লে কেন ভাল ক'রে কথা বার্তা কন্নি,—এখন ভার কারণ জামি বেশ বৃক্তে পেরেছি। যেরূপে জগুভ সংবাদ, ভাতে কোন্ বাপ মায়ের হৃদয় না জাকুল হয় ৽ প্রথমে ভো, মহারাজ স্থরদাসকে দে পত্র পাঠিয়ে জামাদের এখানে জাস্তে বলেন, কিন্তু ভার পরেই যখন জান্তে পালেম যে, বিজর্গতের মন ফিরে গেছে, ভখন ভিনি আবার রামদাসের হাভ দিয়ে এই পত্র থানি পাঠিয়ে জামাদের জাস্তে নিষেধ করেন। জামরা স্থরদাসের পত্র পেরেই ভখনি এখানে চলে এসেছিলেম, এই জল্পেরামদাসের সঙ্গে জার জামাদের দেখা হয় নি। জামি বেই পত্র এখন পোলেম। ভা এখন এস বাছা, জামরা চিভোরে ফিরে যাই। জার এখানে থেকে কাজ নেই, এখনি হয় ভো জপমান হ'তে হবে। বিজয় সিংহের মন ফিরে গেছে, সে জার এখন বাছা ভোমাকে বিবাহ ক'তে চায় না।

সরোজিনী। (স্বগত) কি কথা শুন্লেম ?—তিনি স্থার স্থামাকে বিবাহ ক'তে চান্ না?——মা চতুর্স্কা! এখনি তুমি স্থামাকে নেও, এ পাপ পৃথিবীতে স্থার স্থামি এক দণ্ডও থাক্তে চাইনে।

রোষেনারা। (স্থগত) যা শুন্লেম, তা ষদি স্তির হয়, তা হ'লে ভ বড় ভালই হ'য়েচে, আমি যা ইচ্ছে কচ্ছিলেম, তা তো আপনা হ'তেই ঘট্লো। এখন দেখি আমার কপালে কি আছে। রাজ-ম। (স্বগত) আহা! এ কথা শুনে বাছার চোকৃ ছণ্ছণ্
ক'চে, মুখখানি যেন একেবারে নীল হ'য়ে গেছে। (প্রকাশ্যে)
এতে বাছা তোমার ছঃখ না হ'য়ে আরও বরং রাগ হওয়া উচিত।
আমি এমনি নির্কোধ যে, সেই শঠের কথায় অনায়াসে বিশ্বাস ক'রেছিলেম। আমি কোথায় আশা ক'রেছিলেম, বিজয় সিংহের মহৎ
বংশে জয়, তার সকে বিবাহ দিলে আমাদের বংশের মর্য্যাদা রক্ষা
হ'বে—না শেষে কি না তার এই ফল হ'ল ? সে যে এরূপ নীচ
ব্যবহার ক'র্বে, তা আমি স্বপ্লেও মনে করিনি। বাছা! তুমি যদি
আমার মেয়ে হও, তা হ'লে এ অপমান কখনই সহু ক'র না। এস
বাছা, আমরা এখনই চলে যাই, তার মুখও যেন আমাদের আর না
দেখ্তে হয়। আমি যাবার সমস্তই উল্যোগ ক'রেছি, কেবল একবার
মহারাজের সক্ষে দেখা করবার অপেক্ষা।

রোমেনারা। রাক্ষমহিষি ! স্থামার এখানে ক্ত্এক দিন থাক্তে ইচ্ছে ক'চ্চে। এ স্থায়গাটী পূর্ব্বে স্থামি কখন দেখিনি নাকি—

রাজ-ম। থাক, তুমি থাক—আমাদের দলে তোমার আর আস্তে হ'বে না, আমরা চলে গেলেই তো তোমার মনদ্বামনা পূর্ণ হয়,—যাও, বিজয়সিংহ তোমার জন্ত অপেক্ষা ক'চে। তোমার মনের ভাব আমি বেশ টের পেয়েছি। যাই,—আমি এখন মহারাজের দক্ষে দেখা করিগে। দেখু বাছা সরোজিনি। তুইও ভভক্ষণ ঠিক্ ঠাক্ হয়ে থাক।

(রাজমহিষীর প্রস্থান।)

সরোজিনী। (স্বগত) এ জাবার কি ?—রোফেনারাকে মা ও রকম কথা ব'লেন কেন ? তবে কি ওরই উপর কুমার বিজয়সিংহের মন প'ড়েছে ? (প্রকাশ্যে) হাঁ। ভাই! মা ভোমাকে ও রকম কথা ব'লেন কেন ?

রোমেনার। রাজক্মারি! আমিও তো ভাই এর ভাব কিছুই বুক্তে পাচ্চিনে।

সরোজিনী। (স্বগত) কি, রোবেনারাও কিছু বুক্তে পারে নি? ভবে মা ও রকম ক'রে ব'লেন কেন?—বিজয়সিংহেরই বা মন হঠাৎ এরপ হ'ল কেন? আমি তো এমন কোন কাজই করিনি, যাতে তিনি আমার উপর বিমুখ হ'তে পারেন। এর কারণ এখন কি ক'রে জানা যায়? তাঁর সঙ্গে কি একবার দেখা ক'রব?—না—তার কাজ নাই, কেন না, বাস্তবিকই যদি অস্তের উপর তাঁর মন প'ডে থাকে, তা হ'লে, কেবল অপমান হ'তে হবে বৈ ত নয়। তার চেয়ে চিতোরে ফিরে যাওয়াই ভাল। আছো, রোবেনারা যে বড় এখানে থাক্তে চাচে ? (প্রকাশ্যে) ভাই রোবেনারা! ভূমি এক্লা এখানে কি ক'রে থাক্বে বল দিকি? ভূমিও ভাই আমাদের সঙ্গে চল,—চিতোরে ভূমি আমা ছাড়া এক দণ্ডও থাক্তে পাত্তে না,—আর এখন কি না স্বছ্বন্দে এখানে একলা থাক্বে?

রোষেনারা। আমার ভাই এখানে বেশি দেরি হ'বে না, আমার একটু কাজ আছে, সেইটে সেরেই আমি যাচ্চি।

সরোজিনী। এখানে আবার ভোমা কি ক-র বেজা ধাম

ছিলেন বিজয় সিংহ ভোমার জন্মে অপেক্ষা ক'চ্চেন ভবে কি ডাই শত্যি ?

রোষেনারা। .বিজয়সিংহ—বিজয়সিংহ—তিনি আবার আপেক্ষা ক'র্বেন? এমন সৌ—(স্বগত) এই! কি ব'লে ফেল্লেম? (প্রকাশ্যে) তিনি—তিনি—তিনি ভাই আমার জন্তে কেন অপেক্ষা ক'র্বেন?

দরোজিনী। (স্বগভ) মা বা দদেহ ক'রেছেন, তবে তাই ঠিক্। (প্রকাশ্যে) রোবেনারা! আমার বেশ মনে হ'চ্চে বে, তোমাকে হাজার সাধ্বেও তুমি এখন এখান থেকে নড্বে না। আশুর্যা! আমি কখন স্বপ্নেও ভাবিনি,—তাই কি না আজ দেখ্তে পাচ্চি—বুকেছি, কুমার বিজয় দিংহকে না দেখে তুমি আর কিছুতেই এখান থেকে বেতে পাচ্চ না। রোবেনারা! কেন আর মিছে আমার কাছে লুকোও? মা বা ব'ল্ছিলেন তাই ঠিক্, আমি এখান থেকে গেলেই তোমার মন্স্কামনা পূর্ব হয়।

রোষেনারা। কি?—বে আমার দেশের শক্ত,—বে আমার বন্দী ক'রেছে,—বে বিধর্মী, যাকে দেণ্লে আমার মনে দ্বণা হয়, তাকে কি না আমি———

দরোজিনী। হাঁ। ভাই, তোমার ভাব দেখে আমার বেশ মনে হয়, ভাকেই তুমি ভাল বাদ। বে শক্তর কথা ব'ল্চ, দেই শক্তকে, দ্বণা করা দ্বে থাক্, ভাকেই তুমি নিশ্চয় হৃদয়-মন্দিরে পূজা কর। সামি কোথা আরো মনে ক'রেছিলেম যে, যাতে তুমি দেশে ফিরে যেতে পার, ভার জন্তে খুব চেষ্টা ক'র্র — কিন্তু আমি জো ভাই তথন জান্তেম না যে, এই দানত শৃত্যলই তোমার এত প্রিয়। যা হোক, ভোমার আমি দোব দিইনে, আমারই কপাল মন্দ। ভূমি ভাই স্থে থাক, ভোমার মনস্বামনা পূর্ব হ'ক, — কিন্তু ভূমি তাঁকে ভাল বাদ, এ কথা আমাকে আগে বলনি কেন ?

রোষেনারা। রাজকুমারি! ভোমাকে ভাই আবার আমি কি ব'ল্ব? এ কি কখন সম্ভব ব'লে বোধ হয় যে, প্রবল-প্রভাপ মহা-রাজ লক্ষণবিংহের গুণবভী রূপদী কন্তাকে ছেড়ে, এক জন কি না অপরিচিভ স্থণিভ হবনীকে তিনি তাল বাস্বেন?

সরোজিনী। রোধেনারা ! কেন্স আর আমাকে যন্ত্রণা দেও । ডোমার ভো মনস্কামনা পূর্ণ হ'য়েছে, ভা হ'লেই হ'ল, এখন আমাকে আর উপহাস ক'রে ভোমার লাভ কি ? (স্বগত) পিতা যে কেন তথন বিষয় হ'য়েছিলেন, এখন তা বেশ বুক্তে পাল্কি।

বিজয়সিংহের প্রবেশ।

বিজয়। এ কি রাজকুমারি! ভূমি এখানে কখন এলে? ভূমি যে এখানে এদেছ, সমস্ত দৈহাদের কথাতেও জামার বিখাস হরনি। ভূমি এখানে এখন কি জন্ত এসেছ? তবে যে মহারাজ জামাকে ব'ল্ছিলেন, ভোমার এখানে জাস্বার কোন কথা নাই?—এ কথা ভিনি কেন ব'লেন?

দরোজিনী। রাজকুমার! আমি এখানে না থাকৃলেই ভো

জাপনার মনকামনা পূর্ণ হয়,—ভা ভয় নেই, জামি আর এখানে জাধিক ক্ষণ থাকুচিনে। জাপনি এখন স্থাথ থাকুন।

(সরোজিনীর প্রস্থান।)

বিজয়। (স্বগত) রাজকুমারীর আজ এরণ ভাব কেন? কেন ভিনি আমাকে এরপ কথা বরেন?—কেনই বা তিনি আমার কাছ থেকে চলে গেলেন? (প্রকাশ্যে রোবেনারার প্রতি) ভল্তে! বিজয়- দিংহ তোমার নিকটে এলে ভূমি কি বিরক্ত হ'বে ? যদি শক্রর সঙ্গে কথা কইক্তে তোমার কোন আপত্তি না থাকে, ভা হ'লে ভোমাকে একটি কথা জিজ্ঞাসা কত্তে চাই।

রোষেনারা। বন্দীর আবার কিদের আপত্তি ? আপনার হাতেই তো আমার জীবন মৃত্যু সকলি নির্ভর ক'চেচ। রাজকুমার ! ষথার্থই কি আপনি আমার শক্র ?

বিজয়। তোমার শক্ত না হ'তে পারি, কিন্তু আমি যে তোমার দেশের শক্ত, তাতে আর কিছুমাত্র সন্দেহ নাই।

রোবেনারা। আপনি আমার দেশের শত্রু সভিত, কিন্তু আমি আপনাকে আমার শত্রু ব'লে মনে করিনে।

বিজয়। যে ডোমার দেশের শত্রু, তাকে কি ভূমি শত্রু ব'লে জ্ঞান কর না? তোমার দেশের প্রতি কি তবে অনুরাগ নাই?

রোবেনারা। রাজকুমার! এমন কি কেউ থাক্তে পারে না,
যাকে দেশের চেয়েও অধিক——

বিজয়। সে কি ?—তবে কি তোমার পিতা মাতা এখনও বর্ত্ত-মান আছেন ?

রোবেনারা। না রাজকুমার ! স্থামার বাপ মা নাই, স্থামি চির-স্থানাথা ! (স্থগত) এইবার যদি জিজ্ঞানা করেন, তবে সে ব্যক্তি কে—তা হ'লে ব'লে ফেল্ব—স্থার গুম্রে গুম্রে থাক্তে পারিনে। স্থামার বেশ বোধ হ'চে এইবার উনি ঐ কথাই জিজ্ঞানা ক'র্বেন।

বিজয়। দে বা হোক্, ভদ্রে! আমি তোমাকে জিজ্ঞানা কচ্ছি-লেম, রাজমহিবী ও রাজকুমারী সরোজিনী এখানে কেন এসেছেন তাকি ভূমি জান ?

রোবেনারা। (স্বগত) হা অদৃষ্ট ! ও কথা দেখছি আর জিজ্ঞান।
ক'লেন না। (প্রকাশ্যে) রাজকুমার ! আপনি কি তা জানেন না ?
বিজয়। সে কি ! আমি যে এক মাস কাল এখানে ছিলেম না,

ষ্মামি তো দবে এই মাত্র এথানে পৌছেছি।

রোবেনার।। আপনার সঙ্গে বিবাহ হ'বে ব'লেই মহারাজ রাজকুমারীকে এথানে আনিয়েছেন। আপনিও তো তাঁর জন্তে——

বিজয়। (স্বগত) স্থামিও তো এই জনরব পূর্বে শুনেছিলেম।
কিন্তু রাজাকে এই বিষয় জিজ্ঞানা করাতে তিনি তো তথন একেবারেই
স্থান্দক ব'লে উড়িয়ে দিয়েছিলেন। তিনি কি তবে স্থামাকে প্রভারণা ক'ল্লেন ?—তা কর্বারই বা উদ্দেশ্য কি ? কিছুই তো বুঝ্তে
পাচ্চিনে। (প্রকাশ্যে) সে যা হোক্, রাজকুমারী এখন কোথায়
চলে গেলেন বল্তে পার ?

দ্বিতীয় অঙ্ক।

রোবেনার। রাজকুমার! তিনি বোধ হয় চিতোরে গেলেন।
বিজয়। (অগত) আমার ইচ্ছা হচ্চে, আমি এখনি গিয়ে রাজকুমারীর দকে চিতোরে দাক্ষাৎ করি। দকলি আমার কাছে প্রহেলিকার ভায় বোধ হচ্চে, আমি তো কিছুই বুক্তে পাচিনে; মহারাজ আমাকে মুখে বলেন এক রকম, কাজে আবার দেখ্ছি ঠিক
ভার বিপরীত। দকলেই যেন, কি একটা আমার কাছে লুকিয়ে
রাখ্বার চেষ্টা কচেচ। (প্রকাশ্যে) ভল্লে! রাজকুমারী আমাকে
ওরপ কথা বলে কেন চলে গেলেন বল্তে পার ?

রোষেনার। রাজকুমার! জামি যত দূর দেখ্ছি তাতে এই পর্যাক্ত বল্তে পারি, জাপনার উপর রাজকুমারীর মনের ভাব আর দেরকম নেই।

বিজয়। (স্বগত) হঠাৎ কেন এরপ হল? না জানি জামার কি ক্রটি হয়েছে। আজ জামার সকলকেই শক্র বলে বোধ হজে—
কিছু পূর্বের রণধীর সিংহ ও জার জার প্রধান প্রধান সেনাপতিও
জামার এই বিবাহের বিরোধী হয়ে দাঁড়িয়েছিলেন; সকলেই যেন
জামার বিরুদ্ধে কি একটা মন্ত্রণা কচ্চে। যা হোক্, জামাকে এখন
এর ভথা জানতে হল।

(বিজয়সিংহের প্রস্থান।)

রোবেনারা। (স্বগত) কৈ ?—বিজয়সিংহের মন তো কিছুই কেরে নি—সরোজিনীর উপর তাঁর ভালবাদা বেমন তেমনিই আছে. রাজমহিনী তবে কেন ও কথা বল্লেন ? হণু আমি যা আশা করেছি- লেম, তা কিছুই সফল হল না। যা হ'ক, সরোজিনি! তোর স্থধ আমার কথনই সহ হবে না,—আর, যে সকল লক্ষণ দেখছি, তাতে বোধ হচ্চে,—(চিন্তা)—(পরে প্রকাশ্যে) দেখু ভাই মোনিয়া, আমার বেশ বোধ হচ্চে, শীঘ্রই যেন কি একটা হলস্থল কাও বেধে উঠ্বে—আমি অন্ধ নই, চারি দিকের ভাবগতিক দেখে আমার মনে হচ্চে, সরোজিনীর বিপদ আসর, তার স্থথের পথে কি একটা কন্টক পড়েছে—আবার, মহারাজ লক্ষণিস্হকেও সারাদিন বিষয় দেখ্তে পাই; এই সব দেখে শুনে ভাই আমার একটু আশা হচ্চে—আমার বোধ হয়, বিধাতা এখন সরোজিনীব উপর তত প্রসন্থ নই।

মোনিয়া। তা ভাই কি করে টের পেলে? বিজয়িসিংহের সঙ্গে কথা কয়ে দেখলে তো, সরোজিনীর জত্তেই তিনি ব্যাকুল, ভোমার উপরে তো তাঁর আদপে মন নেই।

রাগিণী সিক্ক্তিরবী।—তাল আড়াঠেকা।

"স্থি! সে কি তা জানে।

আমি যে কাতরা তারি বিরহ বাণে।

নয়নেরি বারি, নয়নে নিবারি,
পাসরিতে নারি সেই জনে;

দেহে মম আছে প্রাণ, সতত তাহারই ধানে।"

মোনিয়া। এ ভাই তোমার আশ্চর্য্য কথা—ভিনি ভোমাকে ভাল বাদেন না, আর ভূমি কি না তাঁর জন্যে পাগল হ'য়েছ ?

রোবেনারা। তুনি আশ্চর্য্য হ'চ্চ—লোকে শুন্লেও আমাকে পাগল ব'ল্বে, কিন্তু ভাই তোমাকে আমি দভিয় কথা বল্চি, আমাকে যথন তিনি বন্দী করেন, সেই দমরে আমি যে তাঁকে কি চোথে দেখেছিলেম, ভা ব'ল্ভে পারিনে; তাঁর মূর্ত্তি আমার হৃদরে যেন আঁকা র'রেছে, তা কথনই যাবার নয়। তিনি যদি এখন, আমাকে পায়েও ঠেলেন, তবু আমি তাঁর চরণতলে প'ড়ে থাক্ব—কিন্তু ভাই ব'লে, আরু কেউ যে তাঁর প্রেমে স্থী হবে, তা আমার প্রাণ থাক্তে দহা হবে না। আমার বল্বার অধিকার থাক্ বা না থাক্, অশমি ভাই দরোজিনীকে আমার দপত্নী ব'লে মনে করি। স্বি! আমার দপত্নীর ভাল, আমি প্রাণ থাক্তে কথনই দেখ্তে পার্ব না।

মোনিয়া। না ভাই ভোমার কথা আমি কিছুই বুক্তে পারি নে—
থাক্, ও সব কথা এখন থাক্, কে আবার শুন্তে পাবে—চল ভাই
এখান থেকে এখন যাওয়া যাক্।

(সকলের প্রস্থান।)

দিতীয় অঙ্ক সমাপ্ত।

তৃতীয় অঙ্ক।

প্রথম গর্ভান্ত।

চিতোরের রাজপথ।

কভেউল্লার প্রবেশ।

ফতে। (পথ চলিতে চলিতে স্বগত) এই সহর ছাড়ায়ে আরও এক কোশ রাস্তা চলি পর, তবে চাচাজির আন্তানা নজরে আস্বে। আয়হন মুই আরও বিশ কোশের পালা মাত্তি পারি আ্যামন তাকৎ বি মোর হয়েছে। চাল কলা খাওয়ায়ে খাওয়ায়ে চাচাজি মোর দক্ষা-রকা করি ক্যালেছিল, ভাগ্যি দিলি গ্যাছেলাম, তাই খায়ে বজালাম। বাবা ! গ্যাজ-রস্থনির এমন তুণ, মোর বুকির ছাতি হিশাতে যেন দশ হাত কুলি উঠেছে।—আয়হন আর মুই কোন ব্যাটা হাঁছর তকা রাহি নে। মোরা বাদ্দার জাৎ, পরোয়া কি ? সব নসিবির কাম। মুই বাদ্সা হ'লি ত আগে এই হাঁছে ব্যাটাদের কুটি ক'রে জবাই করি; আর গদিতে ঠ্যাস্ মারি, খ্ব লম্বা চৌড়াহ হুক্ম করি, বাগুনির কাবাব আর চিংড়ির ছালোন বেনিয়ে খ্ব প্যাট্

(তিন জন রাজপুত রক্ষকের প্রবেশ।)

>म-त्रक्षक। त्क ७ शांक्क ? विकल्पन विक्रिमी ना ?

২য় রক্ষক। আমাদের এখন খুব সাবধান হওয়া উচিত। এ ব্যক্তি মুসলমানদের কোঁন গুপ্ত চর হ'তে পারে।

কতে। (স্বগভ) অন্তাহন তো মুই আঁছ ব্যাটাদের ছাতির ওপর দে চলেচি, অন্তাহন দেহি, কোন্ব্যাটা আঁছ মোর সাম্নে আগুরু পারে, তা হ'লে এক থাপ্পড়েই চাবালিতা ওড়ায়ে দিই।
মোরা হচ্চি বাদ্দার জাৎ, মোরা কি হাঁাছদের ভর রাথি ?
ভাগাহন তো কোন ব্যাটারেই দেখ্তি পাচিচ না (সপর্কে বুক
ফুলাইয়াগমন)

তন্ত্র বন্ধক। মুশলমান ব'লে তো আমার বোধ হ'চে। ব্যাটা বুক ফ্লিয়ে চলেছে দেখ না,—বোদ দিজ্ঞাদা করা যাকৃ (নিকটে যাইয়া) কে ভুই ?

ফতে। (স্থগত) কেডা ও ? তিন জন হেতিয়ের বাঁধা সিপুই--বাপ্পুইরে ! এই বার মলাম জালা--(কম্পামান)

১ম-রক্ষক । কথা কোস নে বে—বল্কে, না হলে এধনি দেখ্ডে পাবি।

कत्छ। भूरे-भूरे-भूरे क्छे नरे वावा-

ংয়-রক্ষক। কেউ নই ভার মানে কি ? ব্যাটাকে দা কতক দাও ছো হে।

ফভে। বল্চি বাবা, বল্চি বাবা—মের না বাবা—মুই মোশীকের লোক———

তম্ব-রক্ষক। দেখ্চ, এত ঢাক্বার চেষ্টা ক'চ্চে, তবু মুদলমানি কথা ওর মুখ দিয়ে আপনি যেন বেরিয়ে পড়ছে—ও ব্যাটা নিক্ষ্মই মুদলমানদের কোন চর হবে।

ফতে। আলার কিরে—মুই মুসলমান নই বাবা—মুই হাঁছে,—

মুই হাঁছে,—তোমাদের জাত-ভাই—

১ম রক্ষক। ব্যাটা ব'ল্ছে আলার কিরে, আবার বলে মুদলমান নই! (উচ্চ হাদ্য) বেটা এখনও ঢাক্তে চেটা কচ্চিদ্?—আছো, ভূই কি জাত বৃদ্ দিকি ?

कर्षा । भूरे त्वताचन ठीक्त, भूरे--भूरे--य---म मन्बितन--मन्---मन्तित घठी नोएए। थाकि ।

১খ-রক্ষক। মস্জিদেই বটে, আচ্ছা বন্ধু দিকি বাপের ভাইকে
আমাদের ভাষায় কি বলে ?

ফভে। (অপ্লানবদনে) চাচা।

১ম-রক্ষক। হাঁ ঠিক হরেছে! (সকলের হাস্য) আচ্ছো বল্ দিকি বাপের বোনের স্বামীকে কি বলে ?

कछ। कान्-कूथू।

১ম-রক্ষক। হাঁ এও ঠিকৃ হয়েছে ! (সকলের হাস্য) আছো বল্ দিকি 'আমি হারাম থাই'।

कर्छ। ७ क्था कान्-७ क्था कान्?

১ম-त्रक्रक। रन्, ना श्रम এখনি--

कटा वन् हि-वन् हि-भू हे हार्ताम-

১ম-রক্ষক। কের ভাকামি কচিচ্দৃ বল্, নাহ'লে এখনি মার ধ্যে মর্বি।

ফতে। বল্চি—বল্চি—মূই হারাম—খা—খাই—ভোবা ভোবা——

>म-तक्कि । हाः भागात भूममभाम ! তবে नाकि छूटे हिन्यू----

চল্ ভাই, শালাকে নগর-পালের কাছে ধরে নিয়ে যাওয়া যাক।

> (ক্তেকে ধরিরা প্রহার করিতে করিতে লইয়া যাওয়া।

ফতে। মূই আঁছ—মূই আঁছ—জাঃ!—মারিদ্নে বাবা—মলাম বাবা—ও চাচাজি!—মলাম চাচাজি!

২র-রক্ষক। চল্ শালা---দেখি ভোর চাচা কেমন রক্ষ্যে করে।
(সকলের প্রস্থান।)

দ্বিতীয় গর্ভাঙ্ক।

লক্ষাণসিংছের শিবির।

(রাণা **লক্ষ্মণসিংছ** ও রাজ্মহিষীর প্রবেশ।)

রাজ-ম। মহারাজ! আমরা বিজয়দিংহের উপর রাগ ক'রে এথান থেকে চ'লে বাচ্ছিলেম, থার্নিক দূরে আমরা গিয়েছি, এমন সময়ে বিজয়দিংহের সঙ্গে পথে দেখা হ'ল, তিনি আমাদের ফিরে আস্তে বিস্তর অন্থরোধ ক'লেন। তিনি শপৎ ক'রে ব'ল্লেন যে,

ভিনি বিবাহের জন্য প্রস্তুত ছিলেন, ভাঁর মনের একটুও পরিবর্ত্ত হরনি। কে এই মিথা। জনরব রটিয়েছে, ভাই জান্বার জল্তে মহা-রাজকে ভিনি খুঁজ্চেন, ভিনি আরও এই কথা ব'লেন মে, এইরূপ মিথো জনরব যে রটিয়েছে, ভাকে ভিনি সমুচিত শাস্তি দেবেন।

লক্ষণ। দেবি। এভক্ষণে ভবে স্থামার ভ্রম দূর হ'ল, সকল সন্দেহ মন হ'তে অপস্ত হ'ল। এখন তবে আবার বিবাহের উদ্যোগ করা যাক। পুরোহিতের কার্যা ভৈরবাচার্য্য মহাশরের দারাই দম্পন্ন হবে, তুমি সরোজিনীকে এই ব্যালা মন্দিরে পাঠিয়ে দাও গে; স্বামি ভার প্রতীক্ষায় রইলেম।—দেশ, আর একটা কথা ব'লে যাই,—দেশ্চ তো কিরূপ স্থানে ভূমি এসেছ; এখানে চভূর্দ্দিকেই কেবল যুদ্ধ-সজ্জা इ'एफ, अख्ताः अथात विवाद इ'ला, विवाद-इला कवन वीत्रशलतहे সমারোহ হবে; সৈন্তদের কোলাহল, অথের হেষারব, হস্তিদের বুংহিত, অন্ত্রের বিশ্বনা বই আর কিছুই তন্তে পাবে না,আর চতুর্দিকে বল্লমের অরণ্য ভিন্ন আর কিছই লক্ষ্য হবে না। মহিবি। এ বিবাহে স্ত্রী-নেত্র-রঞ্জন কোন দৃশ্যই থাকবার কথা নেই; আমি বেশ ব'ল্ভে পারি, এরপ বিবাহ-স্থলে ভোমার থাক্তে কথনই ভাল লাগ্বে না— আর ভোমার দেখানে থেকেই বা আবশাক কি ? বিশেষতঃ দে একটা দামান্য মন্দির, দেখানে উপযুক্ত স্থান নাই, আর তুমি দামান্য ভাবে সেখানে থাকলে সৈন্যগণই বা কিমনে করবে? ভোমার मधीशं मरताजिनीरक मिन्दित नरत्र योक्, आंत्र जूमि এই निविद्यहे থাক। ভোমার সেখানে গিরে কাজ নাই।

রাজ-ম। কি ব'লেন মহারাজ ? আমার দেখানে গিয়ে কাজ নেই ? আমার মেয়েকে আমি বিবাহ দেবার জন্তে এখানে আন্লেম, আমি কি না ভার বিবাহ দেখতে পাব না ?

লক্ষণ। মহিষি! ভোমার বেন শারণ থাকে ফৈ, ভূমি এখন চিভোরের রাজ-প্রাদাদের মধ্যে নেই, ভূমি এখন দৈক্ত-শিবিরের মধ্যে র'য়েছ।

রাজন। মহারাজ! আমি জানি, এখন আমি দৈন্ত-শিবিরের মধ্যেই র'য়েছি; আর, এও আমার ইচ্ছা নয় য়ে, আমি আপনার মহিনী ব'লে আমার জন্ত আপনি কোন শিবির-নিয়মের অভ্যত্থা করেন। এখানে একজন শামান্ত দৈনিকের যে অধিকার, তার চেয়ে কিছুমাত্র অধিক আপনার কাছে আমি প্রার্থনা করি নে। কিন্তু যথন প্রধান প্রধান দেনাপতি হ'তে এক জন শামান্ত পদাতিক পর্যন্ত শকলেই বিবাহ-স্থলে উপস্থিত থাক্তে পারে, সকলেই এই উৎসবে মন্ত হবে, তথন কি না যার কন্তার বিবাহ, সে সেখানে থাক্তে পাবে না ? আর মহারাজ য়ে ব'ল্ছিলেন, সে শামান্ত মন্দির, সেখানে বস্বার উপযুক্ত স্থান নেই,—কিন্তু ষেখানে স্থ্য-বংশারতংগ মেও-রারের অধীষর থাক্তে পারেন, দেখানে কি তাঁর মহিনী থাক্তে পারে না ?

লক্ষণ। দেবি! ভোমায় আমি মিনতি কচ্চি, ভূমি আমার এই অহুরোধটী রক্ষা কর। আমি যে ভোমাক্ষে এইরূপ অহুরোধ কচ্চি, ভার অবশ্র কোন বিশেষ কারণ আছে। রাজ-ম। নাথ! বা আমার চিরকালের সাধ, তাতে আমাকে
নিরাশ ক'র্বেন না। আমি সেথানে থাক্লে আপনাকে কিছুমাত্র
লজ্জিত হ'তে হ'বে না। আমার কন্তার বিবাহ আমি স্বচক্ষে দেখ্তে
পাব না, এরপ নিঠুর আজ্ঞা কর্বেন্ না।

লক্ষণ। আমি পূর্ব্বেমনে ক'রেছিলেম, আমি বল্বামাত্রই ছুমি দশত হবে; কিন্তু যথন যুক্তিতেও ভোমাকে কিছুতেই বোকাতে পালেম না,—আমার অন্থরোধ মিনতিও ভোমার কাছে ব্যর্থ হ'ল, তথন ভোমাকে এখন আদেশ ক'তে বাধ্য হ'লেম,—ভূমি দেখানে কথনই উপস্থিত থাক্তে পাবে না। মহিষি! ভোমাকে পুনর্কার ব'ল্চি, এই আমার ইচ্ছা—এই আমার আদেশ—এই আদেশান্থ্যায়ী এখন কার্য্য কর।

(লক্ষণসিংহের প্রস্থান।)

রাজ-ম। (অগত) কেন মহারাজ এরপ নিষ্ঠুর হ'য়ে আমাকে বিবাহস্থলে থাক্তে নিষেধ ক'লেন ? বাস্তবিকই কি আমি সেখানে থাক্লে আমার মানের লাঘব হবে ? যাই হোক্, তিনি ষথন আদেশ ক'লেন, তথন কাজেই তা আমাকে পালন ক'তে হবে। এখন এই মাত্র আক্রেপ, আমার যা মনের লাখ ছিল, তা পূর্ব হ'ল না। যাই হোক্, আমার সরোজিনী তো স্থাই হবে—তা হ'লেই হ'ল। আমার এখন অন্ত কিছু তাব্বার দরকার নাই, তার স্থেওই আমার স্থা।— এই যে, বিজয়লিংছ এই দিকে আদ্চেন।

(বিজয়সিংহের প্রবেশ।)

বিষয়। দেবি! মহারাজের দক্ষে দাক্ষাৎ করাতে ভিনি এই ব'লেন যে, তিনি জনরবের কথার প্রবিশিত হ'রেছিলেন, এখন তাঁর মন হ'তে দকল সংশার দূর হ'রেছে। তিনি অধিক কথা না ক'রেই আমার গাঢ় আলিক্ষন দিলেন, আর বিবাহের সমস্ত উদ্যোগ ক'তে তখনই আদেশ ক'লেন। রাজমহিষি! আর একটা স্ক্ষেংবাদ কি শুনেছেন ? দেবী চতুর্জাকে প্রদান কর্বার জল্মে একটা মহা যজ্জের আরোজন হ'চ্চে, শত-সহস্র ছাগ আজ্ নাকি তাঁর নিকট বলিদান হবে। যজ্ঞান্তগানের পরেই আমাদের বিবাহ কার্য্য সম্পান্ন হবে, ভার পরেই আমারা সকলে যুদ্ধযাতা ক'রব।

রাজ-ম। যুদ্ধে যেন জয়ী হও, এই আমার আশীর্কাদ। বাছা!
তোমাকে আমি পর ব'লে ভাবিনে, তোমাকে ছেলেব্যালা থেকেই
আমি দেখছি, তুমি তথন সর্বাদাই আমাদের প্রানাদে আস্তে,—
মহারাজ তোমাকে আমার নিকট অস্তঃপুরে পাঠিয়েদিতেন,—
সরোজিনীর সঙ্গে তুমি কত থেলা কত্তে, কতকি গল্প কত্তে—
মনে পড়ে
বাছা ? তথনই আমি মনে কত্তেম যে, আহা! যদি এই ছটি
ছেলে মেয়ের বিবাহ হয়, তা হ'লে বেশ হয়; তা বাছা! বিধাতা
এখন আমার সেই সাধ এত দিনের পর পূর্ণ ক'লেন। বাছা, তুমি
এখানে একটু থাক, আমি সরোজিনীকে ডেকে নিয়ে আসি।

বিজয়। যে আজা।

রাজ-ম। (স্বগত) ছই জনকে একতা দেখতে আমার বড় ইন্ছা ছণ্টিচ। আমি তো বিবাহে উপস্থিত থাক্তে পাব না, এই বেলা আমার মনের দাধ মিটিয়ে নিই।

(রাজমহিষীর প্রান্থান।)

(সরোজিনী ও রোষেনারার প্রবেশ।)

বিজয় সিংহ। (স্বগত) এই যে রাজকুমারী আপনা-হতেই এদেছেন,—(প্রকাশো) রাজকুমারী! এখন তো দকল দদ্দেহ দূর হয়েছে

ংয়েছে

আমার নামে কেন যে এরপ জনরব উঠেছিল, তা ব'ল্তে পারিনে। আকর্মা

মহারাজ, রাজমহিযী, দকলেই এই জনরবে
বিধাদ করেছিলেন।

সরোজিনী। (স্থগভ) আহা!রোবেনারার জত্তে আমার বড় ছঃথ হয়; ওর ভাব দেখে বোধ হয়, যেন ওর দাসত্ব অসহা হ'য়ে উঠেছে।

বিজয়সিংহ। রাজকুমারী ূ! চুপ্ ক'রে রইলে বে—এখনও কি সন্দেহ যায় নি ?

সরোজিনী। না রাজকুমার ! আর আমার কোন সন্দেহ নেই,

এখন কেবল আমার একটী প্রার্থনা—

বিজয়। প্রার্থনা ?— কি প্রার্থনা বল। বিজয়সিংহের নিকট এমন কি বস্তু থাক্তে পারে, যা রাজকুমারী সরোজিনীকে অদেয়? সরোজিনী। রাজকুমার ! আমার প্রর্থনাটী অতি সামান্ত— এই যুবতী যবন-কন্থাকে আপনিই বন্দী ক'রে আনেন—অনেক দিন
পর্য্যস্ত উনি আত্মীয় স্বজনের মুখ দেখতে পান্নি,—ওঁর ভাব দেখে
বোধ হয়, সেই জন্মই উনি অত্যন্ত মন-কঠে আছেন। আর আমিও
একটু পুর্বের্ম কোন বিষয়ে মিখ্যা সন্দেহ ক'রে ও'কে যার পর নাই
ভিরদ্ধার করেছি—তাতেও উনি মনে মনে অত্যন্ত কঠ পেয়েছেন।
ভা আর যেন উনি ছঃগ না পান, এই আমার প্রার্থনা। রাজকুমার !
ইনি আপনারই বন্দী, আপনার অন্তমতি হ'লেই এখন দাসম্বশ্রুত্বন
হ'তে মুক্ত হ'তে পারেন।

রোষেনারা। (স্বগত) এশৃঙ্খল মোচন ক'লে কি হবে? যে
শৃঙ্খলে আমার হৃদয় বাঁধা,—সরোজিনি! তোর সাধ্য নেই মে, তা
হ'তে তুই আমায় মুক্ত করিদ।

বিজয়। (রোষেনারার প্রতি) ভদ্রে! তুমি কি এথানে কষ্ট পাচ্চ?

রোমেনার। রাজকুমার ! আমার শারীরিক কোন কট নেই,—
আমার কট মনের; আপনি আমাকে বন্দি করেছেন,—আপনিই
আমার দকল ছঃথের মূল। (গদাদস্থরে) রাজকুমারীর দক্ষে বিবাহ
হয়ে গেলে, আর যেন আপুনাকে আমার না দেখতে হয়; আর
আমার যন্ত্রণ সহা হয় না।

বিজয়। ভল্রে! নিশ্চিত হও, শক্রর মুধ ভোমাকে আর বেশি দিন দেখ্তে হবে না। ভোমার ছঃথের দিন শীঘ্রই জবদান হবে— ভূমি আমাদের সঙ্গে চল,—যথন আমাদের বিবাহ হ'বে, সেই শুভ- ক্ষণেই আমি ভোমার দাদত্ব মোচন ক'রে দেব। (সরোজিনীর প্রতি) রাজকুমারি! এ অতি দামান্য কথা—এর জন্ম তুমি এত ভাবিত হয়েছিলে ?

রোষেনারা। (স্বগভ) হা! আমার ছংখ কেউই বুঝলে না।
বুঝ্বেই বা কি ক'রে? যার সঙ্গে আমার শক্ত সম্বন্ধ, তার জ্ঞে
আমার মন কেন যে এরপ হ'ল, তা আমি নিজেই বুঝিনে—তো
অন্তে কি বুঝ্বে? সরোজিনি! আমি এখান থেকে গেলেই বুঝি
ভূই বাঁচিদ্? না হ'লে আমার দাসত্ব মোচন কর্বার জ্বন্যে তোর
এত মাথা-ব্যথা কেন? আর, আমি দাসত্ব ছংখ ভোগ ক্চিন, এই
মনে ক'রে যদি বাস্তবিকই আমার জন্যে বিজয়সিংহের ছংখ হ'ত, তা
হ'লেও আমি খুদি হ'তেম,—কিন্তু তা তো নয়—সরোজিনীর মন
রাখ্বার জন্যেই উনি আমার দাসত্ব মোচন ক'তে চাচ্চেন। হা!
আমার আশা ভরসা আর কিছুই নেই।

(রাজমহিষীর প্রবেশ।)

রাজমহিষী। (সরোজিনীর প্রতি) এই যে, এই খানেই এসেছ দেথ্ছি—স্থামি এতকণ বাছা তোমাকে খুঁজ্ছিলেম।

(ব্যস্ত সমস্ত হইয়া রামদাসের প্রবেশ।)

রাম। মহারাণি! মহারাজ যজ্ঞবেদির সন্মুখে রাজকুমারীকে প্রভীক্ষা কচ্চেন, আর, তাঁকে সেখানে শীদ্র নিয়ে যাবার জন্য আমাকে এখানে পাঠিয়ে দিলেন—(অধােমুখে) কিন্তু—কিন্তু যেন—— রাজমহিবী। কিন্ত আবার কি রামদাস ? এখনি ভূমি বাছাকে দলে ক'রে নিয়ে যাও না।

রামদাদ। না, ভা নয়,—বলি—রাজমহিবি ! দেখানে যদি রাজকুমারীকে এখন না পাঠান' হয় ভো—ভাল হয় ।

রাজমহিবী। সে কি রামদাস শু—মহারাজ ওকে ডেকে পার্টিয়ে-ছেন, একটু পরেই বিবাহ হবে,—আর আমি ওকে এখন পাঠাব না ? এ ডোমার কি রকম কথা ?

রাম। রাজমহিষি ! আমি আপনাকে ব'ল্ছি, রাজকুমারীকে দেখানে কথনই যেতে দেবেন না। (বিজয়দিংহের প্রতি) আপনিও দেখ্বেন, যেন রাজ্কুমারীকে দেখানে পাঠান না হয়। জাপনি বই আর কেউ নেই যে ওঁকে রক্ষা করে।

বিজয়। কি !—রক্ষা ?—রক্ষা আবার কি । কার অভ্যাচার হ'তে রক্ষা ক'তে হবে ?

রাজমহিনী। এ কি কথা রামদাদ ? ভোর কথা শুনে আমার গা কাঁপ্চে,—বল্ রামদাদ ! পঠ ক'রে বল্।

রামদাদ। রাজকুমার! বাঁর অত্যাচার হ'তে রক্ষা কতে হবে, তাঁর নাম ক'তেও আমার হৃদয় বিদীর্ণ হ'তে—আমি বতক্ষণ পেরেছি, তাঁর গোপনীয় কথা প্রকাশ করি নি—কিন্ত এখন অদি, রক্ষু, অগ্নিক্ত, হাড়কাঠ, সকলি প্রস্তত দেখে, আর আমি প্রকাশ না ক'রে থাক্তে পাচিচ নে।——

বিজয়। যেই হোক্না, শীজ তার নাম কর, রামদাস, তাতে

কিছুমাত্র ভয় ক'র না। আজ যজ্ঞে শতসহস্র ছাগ বলিদান হবে ব'লেই ভো হাড়কাট প্রভৃতি প্রস্তুত হ'য়েছে, ভাতে তোমার ভয়ের কারণ কি ?

রামদাদ। কি ব'লেন ?—শত দহস্র ছাগ বলিদান ?—দে যাই হোক্, রাজকুমার! আপনি রাজকুমারীর ভাবী পতি; আর রাজ-মহিয়ী তাঁর জননী; আমি আপনাদের ছজনকেই এই কথা ব'লে যাচ্চি—সাবধান! রাজকুমারীকে মহারাজের কাছে কথনই যেতে দেবেন না।

রাজমহিবী। ও কি কথা রামদাস ? মহারাজকে আবার ভয় কি ?

বিজয়। রামদাশ! সমস্ত কথা আমাদের কাছে খুলে বল, বল্ডে কিছুমাত ভয় ক'র না।

রামদাস। কি আর ব'ল্ব ?—আর কত স্পষ্ট ক'রে ব'ল্ব ?— আজ তো শতসহস্র ছাগ বলিদান হবে না—আছ—মহারাজ— রাজকুমারীকেই——

বিজয়। কি! মহারাজ রাজকুমারীকেই ?—— সরোজিনী। কি! আমার পিতা ?———

রাজমহিবী। কি ব'লে १—মহারাজ তাঁর আপনার কন্তাকে १— আমার সরোজিনীকে—আমার হৃদয়-রড়কে—আমার—ওঃ—মা—— (মৃচ্ছিতি হইরা পতন)

नतािकनी। धाकि र'ल १-धाकि र'ल १-मारवत आमात कि

হ'ল ?—মা! এ কি হ'ল মা ?—ওঠ মা!—একি হ'ল ?—রামদাদের কথা সব মিথ্যে, পিতা জামার মারবেন কেন মা ? জামি তো কোন দোষ করিনি—ওঠ মা! জামি তোমার ব'ল্চি রামদাদের কথা কথনই সত্যি না। (বিজ্ঞার প্রতি) রাজকুমার! কি হবে ? এখনি পিতাকে থবর দিন,—জামার বড় ভর হচেত। (ব্যক্ষম)

বিষয়। রাজকুমারি! ভয় নাই, এথনি চেতন হবে। রোখেনারা! তুমিও ঐ দিক্ থেকে বাতাদ দাও তো—(স্থপত) একি বিভাট!———

রোবেনারা। (ব্যঞ্জন করিতে করিতে স্বগত) আ! আমার কি
সোভাগ্য! বিজয়সিংহ আমাকে আজ্ নাম ধ'রে ডেকেছেন, ভাগ্যি
এই বিপদ হ'য়েছিল। প্রণয়! তুই আমার হৃদয়ে কি ভয়ানক বিষ
চেলে দিয়েচিদ্; যখন আর সকলেই এই বিপদে কাঁদ্চে, ভখন কি
না আমিই মনে মনে হাস্চি——জানিনে সরোজিনীর ছৃংখে কেন
আমি এত স্থাী হই!

বিজয়। রামদাদ ! ভূমি কেন বল দিকি একটা মিখ্যা কথা ব'লে এই বিভ্রাট উপস্থিত ক'ল্লে ? এ কি কথন দস্তব ? একথা কি বিশ্বাদ যোগ্য ?

রামদাস। রাজকুমার, আমি জান্তেম যে, এই ভয়ানক সংবাদ দিলেই একটা বিভ্রাট উপস্থিত হবে—কিন্তু কি করি?—এ কথা না বলেও দেখ্লেম রাজকুমারীর রক্ষার উপায় হয় না—ভাই আমি ব'লেম—রাজকুমার! আমি মিথাা কথা বলি নি, আমি ভগবানকে শতসহস্র ধন্তবাদ দিতেম যদি এ বিষয়ে একটু সন্দেহও থাক্তো। ভৈরবাচার্ঘ্য বলেচেন যে, চতুর্ভুজা দেবী আর কোন বলি গ্রহণ কর-বেন না।

বিজয়। (স্বগভ) এ কি আশ্চর্য্য কথা, আর কোন বলি তিনি গ্রহণ ক'র্বেন না ? (প্রকাশ্যে) এই বে—এইবার রাজমহিষীর চেতন হ'রেছে।

সরোজিনী। (স্বগত) আ!—আমি এখন বাঁচ্লেম।
রাজমহিনী। (চেতন পাইয়া) কৈ ?—আমার সরোজিনী কৈ ?—
ভাকে ভো নিয়ে বায়নি ?

সরোজিনী। এই যে মা! আমি এই থানেই আছি।
রাজমহিষী। রামদাস! ঠিক্ ক'রে বল্—ভূই যা বলি তা কি
সতা ? মহারাজ কি সতা সতাই এইরূপ আদেশ ক'রেছেন ?

রামদাস। রাজমহিষি ! আমি একটুও মিথ্যা কথা বলিনি, কিন্তু এতে অধীর না হ'য়ে যাতে এখন রাজকুমারীকে রক্ষা ক'তে পারেন, ভারই উপায় দেখুন, আর সময় নেই।

রাজমহিবী। (স্বগত) রামদাস তো মিধ্যা বল্বার লোক নর, এখন ভবে বাছাকে বাঁচাবার উপায় কি করি ?—একলা বিজয়সিংছ কি রক্ষা ক'তে পারবেন ?

বিজয়। (স্বগত) ক্রোধে স্থামার সর্বাঙ্গ কাঁপ্চে। স্থামাকে এই-ক্লাপ প্রতারণা ? পিতা হ'নে কন্তার প্রতি এইরূপ ব্যবহার ? কোথার ভূত বিবাহ—্না কোথার এই দারুণ হত্যা ?—তিনি রাজাই হ'ন, আর যেই হ'ন,—তাঁকে এর সমুচিত প্রতিশোধ না দিরে কথনই কাভ হব না।

সরোজিনী। (স্বগত) পিতা আমাকে এত ভাল বাসেন, তিনি কি এরপ ক'র্বেন ?

রাজমহিবী। রামদাস ! মহারাজ কি স্বয়ং এরূপ **আদেশ** ক'রেছেন ?

রামদাস। রাজ্মহিষি! তিনি না আদেশ ক'লে কি কোন কাজ হ'তে পারে ?

রাজমহিনী। তাঁর সৈত সেনাপতিরাও কি এতে মত দিয়েছে ?
রামদাস। রাজমহিষি ! ছংথের কথা ব'ল্ব কি, তারা সকলেই
এর জত্ত উন্মত হ'রে উঠেছে।

রাজমহিষী। (স্বগত) মহারাজ যে আমাকে মন্দিরে উপস্থিত থাক্তে নিষেধ ক'রেছিলেন, তার অর্থ আমি এখন বুক্তে পাচি। ৩ঃ!—তিনি যে এমন পাষও, আমি তো তা স্বপ্নেও জান্তেম না! এখন কি ক'রে বাছাকে রক্ষা করি? যে তার প্রকৃত রক্ষক,—যে তার পিতা, দেই যখন তার হস্তারক, তখন আর কে রক্ষা কর্বে? এখন তার আর কে আছে,—এখন আর দে কার মুখের পানে চাবে? আমি স্ত্রীলোক,—আমার সাধ্য কি ? (প্রকাশ্রে) রামদাদ! দৈত্ত-দের মধ্যে কি এমন কেউ নেই যে, এই বিপদে রক্ষা করে?

রামদাদ। নারাজমহিষি ! দেরপ কেউই নেই। রাজমহিষী। (তুই জন রক্ষক আদিতেছে দেথিরা) **ওঁ সা**বার বুৰি মহারাজ লোক পাঠিয়েছেন। এইবার বোধ হয়, বাছাকে জোয় ক'রে নিয়ে থাবে। (সরোজিনীর প্রতি) আয় বাছা শীদ্র এই দিকে আয়। (সরোজিনীকে লইয়া বিজয়দিংহের পার্ধে সছর গমন). এইথানে দাঁড়া, এমন নিরাপদ স্থান আর কোথাও পাবি নে। (বিজয়দিংহের প্রতি) বাছা! এই অসহায় অনাথ বালিকাকে তোমার হাতে সমর্পণ ক'লেম। এর আর কেউ নেই—পিতা থাক্তেও এপিতৃহীন,—সহায় থাক্তেও অসহায়—এথন তুমিই বাছা এর একমাত্র ভরসা—তুমিই এর স্কর্থ, সহায়, সর্ক্ষ। তুমি না রক্ষা ক'লে আর উপায় নেই—এ আসচে—বাছা। তুমি রক্ষা কর।

বিজয়। (অসি নিজোশিত করিয়া) রাজমহিষি । আপনার কোন ভয় নেই। আমি থাক্তে কারও শাধ্য নেই বে, রাজকুমারীকে এখান থেকে বল পূর্বক নিয়ে যায়। আপনি নিশ্চিস্ত হোন্।

(হুই জন রক্ষকের প্রবেশ।)

রক্ষক। মহারাণীর জয় হোক্! মলিরে রাজকুমারীকে পাঠাতে কেন এত বিলম্ব হ'চেচ তাই জান্বার জত্তে মহারাজ আমাদের পাঠিয়ে দিলেন।

রাজমহিষী। (স্বগত) তাঁর কি একটু বিলম্বও দহা হ'চেচ না ।

কি ভয়ানক! তিনি কি আর দে মাহ্য নেই । তাঁর হৃদয় হ'তে দেই
কোমল দয়ার্দ্র ভাব কি একেবারেই চ'লে গেছে !—তিনি হঠাৎ কি
কোম রক্ত-পিপাস্থ পিশাচের মূর্ভি ধারণ ক'রেছেন । আছে।! এথনি

আমি তাঁর কাছে যাচ্চি—দেথি তাঁর কিরপ ভাব হরেছে—দেথি কেমন ক'রে ভিনি আমার কাছে মুখ দ্যাধান! (প্রকাশ্যে বিজ্ঞর- সিংহের প্রতি) বাছা! আমার হুদর-রত্ন ভোমার কাছে রইল—আমি একবার মহারাজের সঙ্গে সাক্ষাৎ ক'রে আসি। (রক্ষকদ্বরের প্রতি) চল্ আমি ভোদের সঙ্গে যাচ্চি—মন্দিরে পাঠাতে কেন এত বিলম্ব হ'চে, আমি নিজে গিরেই তাঁকে ব'ল্চি।

(রক্ষকন্বয়ের সহিত রাজমহিষীর প্রস্থান।)

বিজয়। রাজকুমারি! আমি বেঁচে থাক্তে কার দাধ্য ভোমাকে আমার কাছ থেকে নিয়ে যায় ? যভক্ষণ আমার দেহে একবিন্দু রক্ত থাক্বে ততক্ষণ ভোমার আর কোন ভয় নেই। রাজকুমারি! এখন তথু ভোমাকে রক্ষা কত্তে পাল্লেই যে আমি যথেষ্ঠ মনে ক'র্ব তা নয়—আরও, যে নরাধম আমাকে প্রভারণা ক'রেছে, ভাকেও এর সমুচিত প্রতিফল না দিয়ে আমি কখনই নিরস্ত হব না। দেখ দিকি দে কি পাষও! বিবাহের নাম ক'রে আপনার প্রস্কাভ কন্যাকে কি না সে আনায়াদে অমানবদনে বলিদান দেবে!—এ অপেক্ষা ভয়া নক ছক্ষ আর কি হতে পারে? আবার ভার উপর কি না আমাকে প্রতারণা ? রাজকুমারি! আমার আর সহু হয় না, এই উলক্ষ অনিহত্তে এখনি আমি চ'লেম, দেণি, তিনি কেমন——(গমনোদ্যম।)

নরোজিনী। (ভীত হইরা) রাজকুমার! একটু অপেকা করুন—

শামার কথা শুহ্বন—যাবেন না,—যাবেন না—একটু অপেকা করুন।

বিজয়। কি! রাজকুমারি—ভিনি আমার এই রূপ অব্যাননা

কর্বেন আর আমি তাঁকে কিছু ব'ল্ব না ? আমি তাঁর হয়ে কভ যুদ্দ ক'রেছি, তাঁর আমি কভ সাহায্য, কভ উপকার করেছি, আমার এই দকল উপকারের প্রতিশোধ, আমার সকল পরিশ্রমের পুরস্কার কি অবশেষে এই হ'ল ?—আমি তাঁর নিকট পুরস্কার স্বরূপ ভোমা বই আর কিছুই প্রত্যাশা করি নি—ভা দ্রে থাক্, তিনি কি না স্বভাবের বন্ধন, বন্ধুতার বন্ধন সকলি ছিন্ন ক'রে শোণিভ-পিপাস্থ ব্যাপ্তের ভার, পিশাচের ভার, যার পর নাই গর্হিত কার্য্যে প্রস্তুভ হয়েছেন ? আর, ভূমিই মনে করে দেখ দিকি, আমি যদি আর একদিন পরে আস্ত্রেন, তা হ'লে কি হত ? তা হ'লে তো আর ভোমার সঙ্গে এই জন্মে দেখা হ'ত না।

সরোজিনী। (ক্রন্দন) হাঁরাজকুমার! তা হ'লে আর জাপ-নাকে এ জন্মে দেখতে পেতেম না।

বিজয়। বিবাহ-স্থলে জামাকে দেখতে পাবে মনে ক'রে ভূমি চারি দিকে দৃষ্টিপাত ক'তে, কিন্তু কোথাও জামাকে দেখতে পেতে না। ভূমি বিশ্বস্তচিতে জামার প্রতীক্ষা ক'তে, জার এমন সময় ডোমার মস্তকের উপর বখন সেই ভীবণ খড়লা উদ্যত হ'ত, তথন নিশ্চয় ভূমি এই মনে ক'তে যে, নিঠুর বিজয়িসংহই জামাকে প্রতারণা ক'রেছে—সেই জামার হস্তারক। এখন জামি সকল রাজপুতদিগের সমুখে সেই নরাধমকে একবার এই কথা জিজ্ঞাসা ক'তে চাই, সে কেন জামাকে এরপ প্রভারণা ক'লে? সেই রক্তাপিশাস্থ পিশাচ জাত্বক্ যে, জামাকে প্রভারণা ক'লে কি কল হয়।

সরোজিনী। না রাজকুমার, তাঁকে ওরূপ ব'ল্বেন না। তিনি কথনই রক্ত-পিপাস্থ পিশাচ নন্, তিনি আমার স্লেহময় পিতা।

বিজয়। কি রাজকুমারি! এখনও তুমি তাঁর স্নেহের কথা
ব'ল্চ ?—এখনও তাঁকে ভোমার পিতা ব'ল্ডে ইচ্ছা হয়? না—
এখন আর তিনি তোমার স্নেহময় পিতা নন্, এখন তিনি ভোমার
করাল কৃতান্ত।

সরোজিনী! না-রাজকুমার! এখনও তিনি আমার পিভা, সেই পিতাকে আমি ভাল বাদি, তাঁকে আমি দেবতার স্থার শ্রদ্ধা করি,—তিনিও আমাকে ভাল বাদেন, আমার উপরে তাঁর স্নেহ সমানই আছে। রাজকুমার! তাঁকে কিছু ব'ল্বেন না। তাঁকে কোন রুচ কথা ব'লে আমার হৃদ্যে যেন শত শেল বিদ্ধ হয়।

বিজয়। আর, আমি বে এত অবমানিত হলেম, তাতে ভোমার হৃদরে কি একটী শেলও বিদ্ধ হ'ল না ? এই কি ভোমার অন্থ্রাগের পরিচয় ?

সরোজিনী। (জন্দন করিতে করিতে) রাজকুমার! আমাকে কেন এরপ নির্চুর কথা ব'ল্চেন? অন্তরাগের পরিচয় কি এখনও পান নি? এখনও কি ভার পরিচয় দিতে হবে? হা!—আমার সম্মুখে আমার পিভার কভ ছুর্নাম ক'লেন, তাঁকে কভ তিরস্কার ক'লেন, কত ভুৎ সনা ক'লেন,—অন্ত হলে যা আমি কখনই সহু কতেম না,—কিন্তু কুমার বিজয়িংহের মুখ থেকে বেকচ্চে ব'লে ভাও আমি সহু ক'লেম,—এডেও কি আমার অন্তরাগের পরিচয় পান নি ?

বিজয়। না—রাজকুমারি ! আমি সে কথা বল্চিনে, — তুমি কেঁদ না। আমার বল্বার অভিপ্রার এই—যে ব্যক্তি এরপ নিষ্ঠুর কাজ ক'তে পারে, সে কি পিতা নামের যোগ্য ?—বে আমাকে এইরপ প্রভারণা ক'লে, ভাকে কি আর এক মুহুর্ভের জভ্যেও আমি ভক্তি ক'তে পারি ?

দরোজিনী। রাজকুমার ! এ কথা কভদ্র সভিত ভা না জেনেই
কি তাঁকে একেবারে দোষী করা উচিত ? একে ভো নানা ভাবনা
চিন্তায় তাঁর হৃদয় জর্জারিত হ'চেচ, ভাতে আবার যদি ভিনি জান্তে
পারেন যে, আপনি তাঁকে অকারণে স্বণা করেন, ভা হ'লে কি আর
ভাঁর হৃঃথ রাখ্বার স্থান থাক্বে ? রাজকুমার ! আমি বল্চি, তিনি
কথনই আপনাকে প্রভারণা করেন নি। বরং এ বিষয় তাঁকে
জিজ্ঞানা করুন, লোকের কথায় হঠাৎ কথনই বিখান করবেন না।

বিজয়। কি আশ্চর্য !—রাজকুমারি ! রামদাদের কথাতেও কি তোমার বিশাস হ'ল না ?

(রাজমহিষী ও তাঁহার সহচরী অমলার প্রবেশ।)

মহিবী। সর্কনাশ হয়েছে!—সর্কনাশ হয়েছে!—রামদাসের কথা
একটুও মিথা নয়; বিজয়সিংহ! বাছা, ভুমি এখন না বাঁচাকে স্পার
রক্ষে নেই। মহারাজ আমাকে কিছুতেই দেখা দিলেন না—মন্দিরের
চার দিকে সব অল্রধারী রক্ষক রেখে দিয়েছেন, ভারা আমায় মন্দিরের
মধ্যে বেডে দিলে না।

বিজয়। আচ্ছা, দেবি ! আমিই মহারাজের সহিত এথনি শাক্ষাৎ
কল্পি—দেখি তারা আমাকে কেমন ক'রে আট্কায়। (অসি খ্লিয়া
গমনোদ্যত)

সরোজিনী। রাজকুমার ! যাবেন না, যাবেন না—একটু অপেক।
করুন।

বিজয়। (ফিরিয়া আদিয়া) রাজকুমারি ! আমাকে নিবারণ ক'র না—এক্লণ অন্যায় অহুরোধ করা ভোমার অহুচিত।

মহিষী। বাছা, ভূই বলিস্কি ? এখন কি অপেক্ষা কর্বার আর সময় আছে ? (বিজয়সিংহের প্রতি) না বাছা ভূমি এখনি যাও, ওর কথা শুনো না।

সরোজিনী। রাজকুমার ! একটু অপেক্ষা করুন—মা ! আমার কথা শোন রাজকুমারকে দেখানে কথনই যেতে দিও লা। পিতার উপর ওঁর এখন অত্যন্ত রাগ হয়েছে, এখন দেখানে গেলেই একটা বিপদ ঘ'ট্বে; আমার পিতা যেরপ অভিমানী, তাতে তিনি কঠোর কথা কথনই নহু ক'তে শার্বেন না। (বিজয়িদংহের প্রতি) রাজকুমার ! আপনি অত ব্যস্ত হবেন না, আমার দেখানে যেতে বিলম্ব হ'লে আপনা হ'তেই তিনি এখানে আদ্বেন—এদে যথন দেখবেন, মা কাঁদ্চেন, তথন কি তাঁর মনে একটুও দয়া হবে না ?

বিজয়। কি রাজকুমারি ! এখনও তুমি তাঁর দয়ার উপর বিখাদ ক'রে আছ ? (রাজমহিধীর প্রতি) দেবি ! আপনি রাজকুমারীকে স্থপরামর্শ দিন, নচেৎ শামাদের কারও মন্দল নাই। এথানে বাক্য ব্যয় ক'রে সময় নট করা রুথা, জামি চলেম; এখন জার কথার সময় নেই, এখন কাজের সময় উপস্থিত।

মহিষী। যাও বাছা ভূমি এখনি যাও—ও ছেলে মান্ত্ৰের কথার কান দিও না।

বিজয়িনিংই। দেবি ! আমি রাজকুমারীর জীবন রক্ষার সমস্ত উদ্যোগুকরিগে, আপনি নিশ্চিত্ত হ'ন—আপনার কোন ভর নেই; এ আপনি বেশ জান্বেন যে, যতক্ষণ পর্যান্ত আমার দেহে প্রাণ থাক্বে, ততক্ষণ দেবভারাও যদি রাজকুমারীর মৃত্যু ইচ্ছা ক'রে থাকেন, ভাও ব্যর্থ হবে। আমি চল্লেম।

(বিজয়সিংহের প্রস্থান।)

সরোজিনী। মা ! ভূমি কেন রাজকুমারকে যেতে দিলে

পিতাকে যদি তিনি কিছু বলেন, তা, হ'লে——

মহিষী। আর বাছা আর, (যাইতে যাইতে) সে পাষণ্ডের কথা জার আমার কাছে ব'লিস নে।

সরোজিনী। কি—মা!--তুমিও তাঁকে পাষও ব'ল্চ !----
(সকলের প্রস্থান।)

তৃতীয় অঙ্ক সমাপ্ত।



চতুথ অঙ্ক।

প্রথম গর্ভান্ধ।



শিবির-সন্নিহিত উদ্যান।

(রোফেনারা ও মোনিয়ার প্রবেশ।

মোনিয়া। সথি ! ভুমি যে তথন বল্ছিলে যে, সরোজিনীর শীঘ্রই একটা বিপদ হবে, তা দেথ্চি সভাই ঘট্ল। আর এক ঘন্টার মধ্যেই শুন্চি ভার বলিদান হবে।

রোষেনার।। তুমি কি ভাই মনে ক'চচ, ভার মৃত্যু ঘট্বে ? বলিদানের সমস্ত উদ্যোগ হয়েছে সভ্যি, কিন্তু সথি! এখনও বিখাস
নেই। যখন রাজমহিনী বৎস-হারা গাভীর মত বিহনলা হয়ে চীৎকার
কত্তে থাক্বেন, যখন সরোজিনী আর্তিম্বরে কাঁদ্তে থাক্বে,—যখন
বিজয়সিংহ ক্রোধে গর্জন ক'তে থাক্বেন, ভখন কি ভাই, লক্ষ্মনগিংহের মন বিচলিত হবে না? না স্থি! বিধাতা সরোজিনীর
কপালে মৃত্যু লেখেন নি—সে আশা র্থা। আমার কেবল যন্ত্রণাই
সা্র—আর কারও অদৃষ্ট মন্দ নয়—কেবল বিধাতা আমাকেই হতভাগিনী করেছেন।

মোনিয়া। আচ্ছা ভাই,—সরোজিনী ম'লে তোমার লাভ কি ?—তা হ'লে কি বিজয়সিংহের ভালবাদা পাবে মনে ক'চ্চ ?

রোষেনার। আর আমি এখন কারও ভালবাদা চাইনে—যাকে আমি হৃদর মন দকলি দিয়েছিলেম,দে আমার পানে একবার ফিরেও চাইলে না। দথি! আর নয়—আমার ঘুমের ঘোর এখন ভেঙ্গেছে। কিন্তু ভাই বলে দরোজিনীর স্থথ কখনই আমার দহ্য হবে না। আমি ভো ভোমায় পূর্কেই ব'লেছিলেম যে, হয় দে মর্বে—নয় আমি ম'র্ব,—এতে আমার অদৃষ্টে যা থাকে, ভাই হবে। দৈল্লের মধ্যে যারা এখনও দৈববাণীর কথা শোনে নি, ভাদের এখনি ব'লে দিই গে। এ কথা শুন্লে, তারা সরোজিনীর রজ্কের জল্পে নিশ্চয়ই উন্মন্ত হয়ে উঠ্বে। আমাকে এখানে ভো কেউ জানে না, আমার বেশ দেখ্লেও মুল্লমানি ব'লে কেউ বুক্তে পার্বে না।

মোনিয়া। তাক'রে ভাই কি দর্কার ?

রোবেনারা। মোনিরা! ভূমি বোকনা,—এতে আমাদের দেশেরও ভাল হবে। রাজপুত দৈন্তেরা আর মহারাজ যদি বলিদানের পক্ষে হন, আর তাতে যদি বিজয়দিংহের মত না থাকে, তা হ'লে তাদের মধ্যে নিশ্চরই খুব একটা বগ্ড়া বেধে উঠ্বে,—কোথায় ওরা ম্পলমানদের সঙ্গে যুদ্ধ কর্বে,—না হ'রে ওরা আপনা আপনিই কাটাকাটি ক'রে মর্বে। হিন্দুরা যে আমাদের এখানে বন্দী করে এনেছে, তথন তার বিলক্ষণ প্রতিশোধ হবে, আমাদের দেশের মুথ উজ্জব হবে, অবিখাসী হিন্দুদের নিশ্চরই পতন হবে। সথি! এ

কথা মনে ক'ল্লে কি ডোমার আহলাদ হর না ? এ বলিদানে আমারও মঙ্গল, আমাদের দেশেরও মঞ্জল।

(নেপথ্যে——পদশন্দ)———

মোনিয়া। সথি! কার পায়ের শব্দ শুন্তে পাচিচ। বোধ করি,
কে আস্চে—এই বে রাজমহিবী এই দিকে আস্চেন। এখানে আর
না,—এস ভাই, আমরা ঐ বাঘিনীর সমুখ থেকে পালাই।
রোধেনারা। হাঁা, চল এখান থেকে যাওয়া যাক।

or -many monthly

(রোবেনারা ও মোনিয়ার প্রস্থান।)

(রাজমহিনী ও অমলার প্রাবেশ।)

রাজ-ম। আমি তাঁরই অপেক্ষার এথানে আছি,—দেখি তিনি কড ক্ষণে আদেন। এথনি তিনি নিশ্চর জিজ্ঞাসা ক'তে আদ্বেন যে, সরোজিনীকে এখনও কেন মন্দিরের মধ্যে পাঠান হয় নি ? তিনি মনে ক'চ্চেন, তাঁর মনের ভাব এখনও আমার কাছে গোপন ক'রে রাখ্তে পারবেন !—এই যে তিনি আস্চেন—আমিষে ওঁর অভিসন্ধি জান্তে পেরেছি, এ কথা প্রথম প্রকাশ ক'র্ব না,—দেখি উনি জাপনার মনের ভাব কডক্ষণ গোপন ক'রে রাখ্ডে পারেন।

(লক্ষণসিংহের প্রবেশ।)

শক্ষণ। মহিষি! এথানে কি ক'চ্চ ? সরোজিনী কোথায় ? ভাকে যে বড় এথানে দেণ্ডে পাচ্চিনে ? আমি যে ভাকে মন্দিরে পাঠিয়ে দেবার জন্ত বার বার লোক পাঠালেম, তা কি ভোমার গ্রাহ্ম হ'ল না ?—আমার আদেশের অবহেলা ? তুমি কি এই মনে ক'রেছ,—তুমি সঙ্গে না গেলে ভাকে একাকী কথন সেধানে পাঠিয়ে দেবে না ?——চুপ্ ক'রে রইলে যে ?—উত্তর দাও।

মহিবী।—সরোজিনী ধাবার জন্যে তো প্রস্তুতই রয়েছে—একা-স্তুই যদি যেতে হয় তো এথনিই ধাবে—তার জন্ম চিস্তা কি ? কিন্তু মহারাজ, আপনার কি আর তিলার্দ্ধ বিলম্বও সহা হচ্চে না ?

লক্ষণ। বিলম্ব কিসের ?

মহিনী ৷ বলি, আপনার উদ্যোগ ও ষ্বে সকলই কি এর মধ্যে প্রস্তুত হয়েছে ?

লক্ষণ। দেবি ! ভৈরবাচার্য্য প্রস্তুত হয়েছেন—বিবাহের সমস্ত: উদ্যোগ হয়েছে—আমার যা কর্ত্তব্য তা আমি সকলি করেছি। যজে-রও সমস্ত আয়োজন—

মহিবী। যভে যে বলিদান হবার কথা ছিল, তাও কি দব ঠিক্ হ'য়েছে ?

লক্ষণ। কি!—বলিদান ?—ও কথা যে জিজ্ঞাসা ক'চ্চ?—বলিদান হবে তোমায় কে বল্লে ?——ও!—বলিদানের কথা জিজ্ঞাসা ক'চ্চ?—হাঁ। হাঁ।, আজ শভ সহস্র ছাগবলি হবে বটে।

মহিষী। তথু কি ছাগবলিতেই আপনি সন্তুষ্ট হবেন ?

লক্ষণ। সে কি ?—ও কি কথা ব'ল্চ ?—আবার কিসের বলিদান ? মহিষী। ভবে দরোজিনীকে এত শীঘ্র নিয়ে ধাবার প্রয়ো-জনকি?

লক্ষণ। আঁগ ? সরোজিনী ?—তার বলিদান ?—তোমায় কে বলে ?

মহিষী। আমি জিজ্ঞাসা কচিচ, তাকে এত শীন্ত নিয়ে যাবার প্রয়োজন কি?

লক্ষণ। জাঁগ ?—নিয়ে যাবার প্রয়োজন—প্রয়োজন কি—তাই জিজ্ঞাসা কচ্চ ?—ও!—তা – তা –

(সরোজিনীর প্রবেশ।)

মহিষী। এস বাছা এস—ভোমার জন্তেই মহারাজ প্রভীকা কচ্চেন। ভোমার পিতাকে প্রণাম কর—এমন পিতা ভো আর কারও হবে না।

লক্ষণ! এ দব কি ?—এ কিরপ কথা ? (সরোজিনীর প্রতি)
বৎসে! তুমি কাঁদ্চ কেন ?—একি! ছজনেই কাঁদতে আরস্ত কলে
বে ?—হয়েছে কি বল না,—মহিষী!

মহিষী। কি আশ্চর্যা! এখনও আপনি গোপন ক'তে চেটা। কচ্চেন ?

লক্ষণ। (স্বগত) রামদাস !——হতভাগা রামদাস ! ভুই দেখ্ছি সব প্রকাশ ক'রে দিয়েছিন্—ভুই আমার সর্ব্যনাশ করেছিন্।

महिसी। हुश क'तत तहेलन (१)

লক্ষণ। হা!(দীঘ নিঃখাস)

সরোজিনী। পিতঃ! আপনি ব্যাক্ল হবেন না, আপনি যা আদেশ কর্বেন, তাই আমি এখনি পালন কর্ব। আপনা হতেই আমি এ জীবন পেয়েছি, আদেশ করুন, এখনি তা আপনার চরণে উৎসর্গ করি; আপনার ধন, আপনি যখন ইচ্ছে ফিরিয়েনিতে পারেন,—আমার তাতে কিছুমাত্র অধিকার নেই। পিতঃ! আপনি একটুও চিন্তা কর্বেন না, আপনার আদেশ পালনে আমি তিলার্জি বিলম্ব কর্ব না—আমার শরীরের যে রক্ত, তা আপনারই—এখনি তা ফিরিয়েনিন।

লক্ষণ। (স্বগত) ওঃ ! এর প্রত্যেক কথা যেন স্থতীক্ষু বাণের ভার আমার ক্রম ভেন কচে ।— আর সহ্য হয়না। না,—দেবী চতু ভূজার কথা আমি কথনই শুন্ব না—ভৈরবাচার্য্য, রণধীর—কারও কথা শুন্ব না—এতে আমার অদৃষ্টে যা থাকে তাই হবে।

ভঃ !—

মহিবী। (সরোজিনীর কণ্ঠালিঙ্গন পূর্ব্বক) বাছা ! ও কথা আর বলিদ্নে, আমার আর দহু হয় না; বাছা ভুই আমাকে ছেড়ে কথ- নই যেতে পার্বি নে, তোর পাষও পিতার সাধ্য নেই যে সে আমার কাছ থেকে তোকে ছাড়িয়ে নিয়ে যায়।

লাগাণ। ওঃ !---

সরোজিনী। পিতঃ! আমি জান্তেম না যে বিধাতা এর মধ্যেই আমার জীবন শেষ কর্বেন, যে অদি যবনদের জন্তে শাণিত হ'চ্ছিল, আমার উপরেই যে তার প্রথম পরীক্ষা হবে, তা আমি স্থপ্নেও জান্তেম না। পিতঃ! আমি মৃত্যুর ভয়ে এ কথা বল্চি নে—আমি ভীকতা প্রকাশ ক'রে কখনই বাপ্পারাওর বংশে কলম্ব দেব না; আমার এই ক্ষুদ্র প্রাণ যদি আপনার কাজে—আমার দেশের কাজে আনে, তা হলে আমি কুতার্থ হব। কিন্তু পিতঃ! (সরোদনে) যদি না জেনে শুনে আপনার নিকট কোন শুক্তর অপরাধে অপরাধী হ'য়ে থাকি, আর সেই জন্তেই যদি আমার এই দণ্ড হয়, তা হ'লে মার্জিনা চাই——

মহিষী। বাছা। ভোকে আমি কথনই ছাড়্ব না—আমার প্রাণ বধ না ক'রে ভোকে কথনই আমার কাছ থেকে নিয়ে যেতে পার্বে না।

লক্ষণ। (স্বগত) ওঃ কি বিষম সন্ধট! এক দিকে ক্ষেত্র মমতা, আর এক দিকে কর্ত্তব্য কর্ম। এতদূর অগ্রসর হয়ে এখন কি ক'রে নিরস্ত হই ? আর তা হ'লে রণধীরের কাছেই বা কি ক'রে মুখ দেখাব ? শৈভাগণই বা কি বল্বে ? রাজদ্বই বা কি ক'রে রক্ষা ক'র্ব ?

সরোজিনী। পিত: ! আমি কি কোন অপরাধ ক'রেছি?

লক্ষণ। হা-বৎদে!-ভোমার কোন অপরাধ নেই। আমিই বোধ হয় পূর্বজন্মে কোন গুরুতর পাপ ক'রেছিলেম, তাই দেবী চতুভুজা আমাকে এই কঠোর শাস্তি দিচ্চেন। নচেৎ কেন তিনি এইরূপ বলি প্রার্থনা ক'রবেন ৭ বৎদে ! তিনি দৈববাণী ক'রেছেন ষে ভোমাকে তাঁর চরণে উৎদর্গ না ক'লে চিতোরপুরী কথনই রক্ষা হবে না। তোমার জীবন রক্ষার জন্ম আমি আনেক চেষ্ঠা করে-ছিলেম—কিন্তু কিছুতেই কিছু হ'ল না। এর জন্ত, আমার প্রধান দেনাপতি রণধীরিদিংহের দক্ষে কত বিরোধ করেছি। প্রথমে আমি কিছুতেই সমত হই নি; এমন কি, আমার পূর্ব আদেশের অন্তথা ক'রেও, দেনাপতিদের অভিপ্রায়ের বিরুদ্ধে, যাতে ভোমাদের এখানে আসানা ঘটে এই জন্ম রামদাসকে পাঠিয়েছিলেম। কিন্তু দৈবের নিবন্ধন কে থণ্ডন কত্তে পারে ? রামদাসের সঙ্গে ভোমাদের দেখা হ'ল না—তোমরাও এদে উপস্থিত হলে। বৎদে! দৈবের সঙ্গে বিরোধ ক'রে কে জয়লাভ ক'তে পারে ? ভোমার হতভাগা পিতা ভোমাকে বাঁচাবার জন্ম এত চেটা কল্লে কিন্তু দৈববলে তা সমস্তই বার্থ হয়ে গেল। এখন যদি আমি দৈববাণী অবহেলা করি, ভা হলে **কি আর রক্ষা আছে** ? রণোন্মন্ত, যবনদেবী, রাজপুত-দেনাপতিগণ আমাকে এখনি---

মহিথী। মহারাজ ! আপনি পিতা হয়ে এইরূপ কথা ব'ল্তে পালেন ?—আপনার হৃদয় কি একেবারেই পাষাণ হ'য়ে গেছে १— আপনার কি দয়া মায়া কিছুই নেই ? ৬ঃ!—— দরোজিনী। পিডঃ! আপনার জনিষ্ঠ প্রাণ থাক্তে কথনই জামি দেখতে পার্ব না—আমার জীবন রক্ষা ক'রে যে আপনাকে জামি বিপদগ্রস্ত কর্ব, তা আপনি কথনই মনে ক'র্বেন না; (মহিষীর প্রতি) মা! তুমি পিতাকে তিরস্কার ক'র না—ওঁর দোষ কি? যথন দেবী চতুর্জা এইরূপ আদেশ ক'রেছেন, তথন আর উনি—

মহিষী। বাছা! তুইও ঐ কথায় মত দিচ্চিদ্? দেবী চতুর্জা কি এরপ আদেশ ক'রেছেন?—কখনই না। ওঁর সেনাপতিরাই ওঁকে এই পরামর্শ দিয়েছে,—আর পাছে ওঁর রাজ্য তারা কেড়ে স্থায়, এই ভয়েই উনি এখন কাঁপ্রেন।

লক্ষণ। দেথ বৎসে! কোন্ বংশে তোমার জন্ম, এই সময়ে ভার পরিচয় দেও; যে দেবভারা নির্দির হয়ে তোমার মৃত্যু আদেশ করেছেন, অকুভোভরে মৃত্যুকে আলিজন ক'রে ভাঁদের লজ্জা দেও; যে রাজপুতগণ তোমার বলিদানের জন্ম এত ব্যগ্র হয়েছে, ভারাও জান্তক্ যে বাগ্লারাওর বীর-রক্ত ভোমার শিরে শিরে বহমান আছে।

মহিষী। মহারাজ! আপনি এই নিষ্ঠুর আচরণে সেই পরম পূজনীয় বাপারাও-বংশের উপযুক্ত পরিচয়ই দিচেন বটে! ছহিতাঘাতী পাষও! তোমার আর কিছুই বাকি নেই—তোমার আর কিছুই
জ্বসাধ্য নেই,—এখন কেবল জামাকে বধ ক'লেই তোমার সকল
মনস্থামনা পূর্ব হয়। নুশংশ! নিষ্ঠুর। এই কি তোমার শুভ যজ্জের

অনুষ্ঠান ? এই কি সেই বিবাহের উদ্যোগ ?-কি! যথন তুমি আমার বাছাকে যমের হাতে সমর্পণ কর্বে মনে ক'রে, মিথ্যা বিবাহের কথা আমায় লিখেছিলে, তথন কি তোমার হৃদয় একটুও বিচলিত হয় নি ? লেখনী কি একটুও কাঁপেনি ? কেমন ক'রে তুমি আমায় এইরূপ মিথা কথা লিখতে পালে ?—আশ্চর্যা !—এখন আর আমি ভোমার কথার ভূলি নে। এই মাত্র ভূমি না ব'লে যে, ওকে বাঁচাবার জন্যে অনেক চেষ্টা ক'রেছ, অনেকের সহিত বিবাদ क'त्रह ?-- विवान एक कमन ? विवान क'त्र, युक्त क'त्र नाकि রক্তধারায় পৃথিবীকে ভাগিয়ে দিয়েছ !-- মৃতশরীরে নাকি রণস্থল একেবারে আচ্ছাদিত হ'য়ে গেছে! আবার কি না বল্ছিলে, যদি ভুমি দৈববাণী অবহেলা কর, ভা হ'লে ভোমার প্রতিদ্বন্দীরা অব-সর পেয়ে তোমার সিংহাসন কেড়ে নেবে—ধিক তোমায়! ও কথা বল্তে কি তোমার একটুও লজ্জা হ'ল না ? তোমার কন্তার জীবন অপেক্ষা তোমার রাজত্ব বড় হল ? কি আশ্চর্য্যা পিতা যে আপনার নির্দ্ধোণী কন্যাকে বধ করে, এ তো আমি কথনই ভানি নি; তুমি কোন প্রাণে যে এ কাজ কর্বে, তাতো আমি এক-বারও মনেও আন্তে পাচ্চি নে। – ধিক্! ধিক্! তোমার এই নিষ্ঠুর ব্যবহার দেখে আমি একেবারে হতবুদ্ধি হ'য়েছি। কি! তোমার চোথের সামনে ভোমার নির্দোষী কন্তার বলিদান হবে—আর ভুমি কিনা তাই অল্লান-বদনে দেখবে ? তোমার মনে কি একটুও কট হবে না ? আর, আমি কোথায় তার বিবাহ দিতে এসেছিলেম, না

এখন কিনা ভাকে বলি দিয়ে—আমায় সোণার প্রতিমা বিদর্জন দিয়ে ঘরে ফিরে যাব ? না মহারাজ! সরোজিনীকে আমি তার পিতার হাতেই সমর্পণ করেছিলেম—যমের হাতে দিই নি। যদি তাকে বলি দিতে চান, ভবে আগে আমায় বলি দিন। আপনি আমাকে হাজার ভয় দেখান, হাজার যন্ত্রণা দিন, আমি কখনই বাছাকে ছেড়ে দেব না; আমাকে খণ্ড খণ্ড ক'রে কেটে না ফেলে কখনই ওকে আমার কাছ থেকে নিয়ে যেতে পারবেন না।

লক্ষণ। দেখ মহিষি ! আমাকে ভিরন্ধার করা রুখা। বিধাতার নিবন্ধন খণ্ডন করে এমন কারও সাধ্য নাই। ঘটনা-স্রোভ এখন এভদূর প্রবল হয়ে উঠেছে, যে আর আমি ভাতে বাধা দিতে পারি নে। বাধা দিলেও কোন ফল হবে না। এখনি হয় ভো উন্মন্ত দৈতোরা এদে বলপূর্ব্বক——

মহিবী। নিঠুর স্থামিন্! সরোজিনীর পাষও পিতা। এস দেখি কেমন তুমি দিংহীর কাছ থেকে শাবককে কেড়ে নিয়ে ষেতে পার ? তোমার একলার কর্ম নয়, ডাক—তোমার উন্মন্ত সৈস্তদের ডাক—তোমার দিখিজয়ী সেনাপতিদের ডাক—দেখি তাদেরও কড দ্র সাধ্য!—যদি ভোমার স্থায় ভাদের হৃদয় পাষাণ অপেকা কঠিন না হয়, তা হলে শোক-বিহ্বলা জননীর ক্রন্দনে নিশ্চয় তাদেরও হৃদয় শতধা বিদীণ হবে। (সরোজিনীর প্রতি) আয় বাছা, তুই আমার সক্রে আয়—দেখি, কে আমার কাছ থেকে তোকে নিয়ে যায়।

সরোজিনী। মা! পিভাকে কেন ভিরস্কার ক'চ্চ ? ওঁর কি দোব ?

মহিষী। আয় বাছা আয়, উনি আয় এখন তোর পিত। নন। (সরোজিনীর হস্ত আকর্ষণ পূর্বকি রাজমহিষীর প্রস্থান।)

লক্ষণ। ঐ সিংহীর তীত্র ভর্ৎ দনা ও হৃদয়-বিদারক আর্ভনাদই
মামি এতক্ষণ ভয় কচিছলেম। আমি তো একেই উন্মন্ত-প্রায় হয়েছি,
তাতে আবার মহিবীর গঞ্জনা ও সরোজিনীর অটল ভক্তি;—৩ঃ—আর
সহ্য হয় না মাতঃ চতুর্তু ছে ! তুমি এরপ নির্চুর কঠোর আদেশ
প্রদান ক'রে এখনও কেন আমাতে পিতার কোমল হৃদয় রেণেছ ?
মামা ছারা যদি তোমার আদেশ প্রতিপালিত হবায় ইচ্ছা থাকে তা
হলে এরপ হৃদয় আমার দেহ হ'তে এখনি উৎপাটিত, উন্লিভ
ক'রে ক্যাল।

(বিজয়সিংহের প্রবেশ।)

বিজয়। মহারাজ ! আজ একটী অভুত জনশ্রুতি আমার কর্ণগোচর হ'ল। সে কথা এত ভয়ানক যে তা ব'ল্তেও আমার
আপাদ মস্তক কণ্টকিত হয়ে উট্ছে। আপনার অন্নমতিক্রমে—
আজ নাকি—সরোজিনীর—বলিদান হ'বে ? আপনি নাকি আজ
স্নেহ মায়া মন্ত্র্যান্ত সমস্তই জলাঞ্জলি দিয়ে বলিদানের জন্ম ভিরবাচার্য্যের হস্তে তাকে সমর্পণ কত্তে যাচ্চেন ? আমার সহিত বিবাহ
হবে এই ছল ক'রে না কি আজ তাকে মন্দিরের মধ্যে নিয়ে
যাবেন ?—এ কথা কি সভ্য ?—এ বিষয়ে মহারাজ্যের বক্তব্য কি ?

লক্ষণ। বিজয়সিংহ! আমার কি সংকল্প-আমার কি মনোগভ

অভিপ্রায়, তা আমি দকল সময় দকলের কাছে প্রকাশ কর্তে বাধ্য নই। আমার আদেশ কি, দরোজিনী এখনও তা জানে না; যথন উপযুক্ত দময় উপস্থিত হবে, তথন আমি তাকে জ্ঞাপন কর্ব; তথন ভূমিও জান্তে পারবে, দমস্ত দৈত্যগণও জান্তে পারবে।

বিজয়। আপনি যা আদেশ কর্বেন, তা আমার জান্তে বড় বাকি নাই।

লক্ষণ। যদি জান্তেই পেরেছ, ভবে আর কেন জিজ্ঞাসা কচ্চ ?
বিজয়। কেন আমি জিজ্ঞাসা কচ্চি ?—আপনি কি মনে করেন,
আপনার এই জঘন্য সকল্লের অনুমোদন ক'রে, আমার চক্ষের উপর
সরোজিনীকে আমি বলি দিভে দেব ? না—তা কথনই মনে কর্বেন
না। আপনি বেশ জান্বেন, আমার অনুরাগ—আমার প্রেম, জক্ষয়
কবচ হয়ে তাকে চিরদিন রক্ষা কববে।

লক্ষণ। দেখ, বিজয়! ভোমার কথার ভাবে বোধ হ'চ্চে, ভূমি জামাকে ভয় দেখাতে চেষ্টা ক'চ্চ—জান কার দক্ষে ভূমি কথা ক'চ্চ ?

বিজয়। আপনি জানেন কার প্রাণ বধ কত্তে আপনি উদ্যত হয়েছেন ?

লক্ষণ। আমার পরিবারের মধ্যে কি হ'চ্চে না হ'চ্চে, তাহাতে তোমার হস্তক্ষেপ কর্বার কিছুমাত্র প্রয়োজন করে না। আমার কন্তার প্রতি আমি যেরূপ আচরণ করি না কেন, তোমার তাতে কথা. কবার অধিকার নাই।

বিজয়। না মহারাজ, এখন আর সরোজিনী আপনার নয়।

আপুনি ষধন তার প্রতি এইরপ অস্বাভাবিক ব্যবহার ক'তে উদ্যুত হয়েছেন, তথন—সন্তানের উপর পিতার যে স্বাভাবিক অধিকার—তা হ'তে আপনি বিচ্যুত হয়েছেন। এখন সরোজিনী আমার। যতক্ষণ একবিন্দু রক্ত আমার দেহে প্রবাহিত থাক্বে, ততক্ষণ আমার কাছ থেকে আপনি তাকে কখনই বিচ্ছিন্ন কত্তে পার্বেন না। আপনার স্বরণ হয়, আমার সহিত সরোজিনীর বিবাহ দেবেন ব'লে আপনি প্রতিশ্রুত হয়েছিলেন—এখন সেই অঙ্গীকার-স্তেই, সরোজিনীর প্রতি আমার স্থায় অধিকার। রাজমহিষ্যুও কিছু পূর্কে আমাদের উভয়ের হস্ত একত্র সন্মিলিত ক'রে দিয়েছিলেন—আর আপনিও তো আমার সহিত বিবাহের নাম ক'রে ছল পূর্কক তাকে এখানে আহ্বান করেছেন।

লক্ষণ। যে দেবতা সরোজিনীর প্রার্থী হয়েছেন, তুমি সেই দেবতাকে ভর্মনা কর, ভৈরবাচার্য্যকে ভর্মনা কর, রণধীরসিংহকে ভর্মনা কর—সৈভ্যমণ্ডলীকে ভর্মনা কর, অবশেষে তুমি আপনাকে ভর্মনা কর।

বিজয়। কি!—আমি!—আমিও ভর্ৎ সনার পাত্র ?

লক্ষণ। হাঁ, ভূমিও। ভূমিও দরোজিনীর মৃত্যুর কারণ। আমি বথন বলেছিলেম যে, মুদলমানদের দক্ষে যুদ্ধ ক'রে কাজ নাই, তথন ভূমি মহা উৎসাহের দহিত আমাকে যুদ্ধে প্রবর্তিত কলে—তা কি তোমার মনে নাই? ভূমিই তো আমাকে বলেছিলে 'মহারাজ! পৃথিবীতে এমন কি বস্তু আছে, যা মাতৃভূমির জন্তু আদের থাক্তে

পারে ?" দরোজিনীর রক্ষার জন্ম আমি একটা পথ খুলে দিরেছিলেম কিন্তু তুমি সে পথে গেলে না—মুদলমানদের দহিত যুদ্ধ ভিন্ন তুমি আর কিছুতেই দমত হ'লে না—মেই যুদ্ধ-ক্ষেত্রের পথ রোধ ক'তে আমি তথন কত চেষ্টা কলেম, কিন্তু তুমি আমার কথা কিছুতেই শুন্লে না,—এখন যাও তোমার মনস্কামনা পূর্ণ কর গে—এখন সরোজিনীর মৃত্যু তোমার জন্ম দেই যুদ্ধক্তেরে পথ উন্মুক্ত ক'রে দেবে।

বিজয়। ওঃ কি ভয়ানক কথা। শুদ্ধ অত্যাচার নয়—অত্যাচারের পর আবার মিথ্যা কথা। আমি কি এই বলিদানের কথা শুনেছিলেম ? আর শুন্লেও কি তাতে আমি অন্থমোদন ক'ত্তেম ?—কথনই না। আমার যদি সহস্র প্রাণ থাকে, তাও আমি দেশের জন্ম অনায়াসে অকাতরে দিতে পারি, তাই ব'লে এক জন নির্দোষী অবলার প্রাণ্বধে আমি কথনই সমত হ'তে পারিনে। আর, দেবতারা যে এরূপ অন্থায় আদেশ ক'র্বেন, তাও আমি কথন বিশ্বাস ক'ত্তে পারিনে। যে এরূপ কথা বলে, সে দেবতাদের অবমাননা ক'রে,—সেই দেবনিন্দুকের কথা আমি শুনি নে।

লক্ষণ। কি! ভোমার এত দূর স্পদ্ধা যে, ভূমি আমাকে দেবনিন্দুক বল? ভূমি যাও—আমি ভোমাকে চাইনে,—যাও—ভোমার
দেশে ভূমি ফিরে যাও—ভূমি যে প্রভিজ্ঞা-পাশে আমার কাছে বদ্ধ
ছিলে, তা হ'তে ভোমাকে নিক্ষতি দিলেম; ভোমার মত সহায় আমি
অনেক পাব, অনেকেই আমার আজ্ঞান্নবর্তী হবে; ভূমি যে আমাকে
অবজ্ঞা কর, তা ভোমার কথায় বিলক্ষণ প্রকাশ পাচেচ। যাও !—

আমার সমুথ হ'তে এখনি দ্র হও। যে সমস্ত বন্ধনে তুমি এতদিন আমার সহিত বন্ধ ছিলে, আজ হ'তে সে সমস্ত বন্ধন আমি ছিল্ল ক'রে দিলেম—যাও।

বিজয়। যে বন্ধন এখনও আমার ক্রোধকে রোধ ক'রে রেখেছে, আপনি অগ্রে তাঁকে ধন্যবাদ দিন। সেই বন্ধনের বলেই আপনি এবার রক্ষা পেলেন। আপনি সরোজিনীর পিতা, এই জন্যই আপনার মর্য্যাদা রাখ্লেম; নচেৎ সমস্ত পৃথিবীর অধীশ্বর হ'লেও আমার এই অসি হ'তে আপনি নিহুতি পেতেন না। আর, আমি আপনাকে এই কথা ব'লে যাচ্চি যে,—সরোজিনীর জীবন আমি রক্ষা কর্বই—আমার বিন্দুযাত্র শোণিত থাক্তে,—আপনি কি আপনার সৈন্যমণ্ডলী একত্র হ'লেও, সরোজিনীর প্রাণ-বিনাশে কথনই সমর্থ হবে না।

(বিজয়সিংছের প্রস্থান।)

লক্ষণ। (স্বগভ) হা!—বিধাতা দেখ্ছি আমার প্রতি নিতান্তই
বিমুখ হয়েছেন। দকল ঘটনাই সরোজিনীর প্রতিকূল হয়ে দাঁড়াচে।
আমি কোণায় ভাব্ছিলেম যে, এগনও যদি কোন উপায়ে তাকে
বাঁচাতে পারি,—না—আবার কি না একটা প্রতিবন্ধক উপস্থিত হ'ল।
বিজয়সিংহের গর্ব্বিত স্পর্ধা-বাকো দরোজিনীর মৃত্যু অনিবার্য হয়ে
উঠ্ল। এখন যদি স্নেহ বশত সরোজিনীর বলিদান নিবারণ করি,
তা হ'লে বিজয়সিংহ মনে ক য়্বে, আমি তার ভয়ে এরপ কাজ
ক'ল্লেম—না,—তা কখনই ছবে না। কে আছে ওখানে?—প্রহরী?—

(প্রহরীগণের সহিত স্কুরদাসের প্রবেশ।)

স্রদাস। মহারাজ।

লক্ষণ। (স্বগত) আমি কি ভয়ানক কাজে প্রবৃত্ত হচ্চি। এই নিষ্ঠুর আদেশ এদের এখন কি করে দিই ?—বাতুলবৎ আপনার পদে আপনিই যে জামি কুঠারাঘাত ক'চিচ!—সে নির্দ্ধোয়ী সরলা বালার কি দোষ ?—বিজয়শিংহই আমাকে ভয় প্রদর্শন ক'চেচ, বিজয়-দিংহই আমাকে অবজ্ঞা ক'চ্চে, সরোজিনীর প্রতি আমি কেমন ক'রে নির্দায় হব ?--না-ভা আমি কখনই পারব না, দেবী-বাক্য আমি কথনই শুন্ব না; এতে আমার যা হবার তাই হবে। - কিন্তু কি !—আমার মর্য্যাদার প্রতি কি আমি কিছুমাত্র দৃষ্টিপাত ক'র্ব না ? বিজয়সিংহের প্রতিজ্ঞাই কি রক্ষাহবে ৭ সেতা হ'লে নিশ্চয় মনে করবে, আমি ভার ভয়েই এরপ ক'চ্চি, ভা হ'লে ভার স্পর্দ্ধার আর ইয়তা থাক্বে না।—আচ্ছা,—আর কোন উপায়ে কি তার দর্প চুর্ণ হ'তে পারে না ৷ সে সরোজিনীকে অত্যস্ত ভাল বাসে: বিজয়-সিংহের সঙ্গে বিবাহ না নিয়ে সরোজিনীর জন্ম যদি আর কোন পাত্র মনোনীত করি, তা হলেই তো তার সমুচিত শাস্তি হ'তে পারে। হাঁ—সেই ভাল। (প্রকাশ্যে) স্থরদান! ভূমি রাজমহিয়ী ও সরো-जिनी क विश्वास नित्र अम ; उँ। एत वन त्य, जात कान छत्र नाहै। স্থবদাস। যে আজা মহারাজ।

(প্রহরীগণের সহিত স্করদাসের প্রস্থান।)

লক্ষণ। মাতঃ চতুর্জু ছে ! তুমি কি আমার কন্তার রজের জন্ত নিতান্তই লালাগিত হয়েছ ?—তা যদি হ'রে থাক, তা হ'লে আমার শাধ্য নাই যে, আমি তাকে রক্ষা করি—কোন মহুযোর শাধ্য নাই যে, তাকে রক্ষা করে; যাই হোক্, আমি আর একবার চেটা ক'রে দেখ্ব।

(রাজমহিষা, সরোজিনী, মোনিয়া, রোফেনারা, রামদাস, স্কুরদাস ও প্রহরীগণের প্রবেশ।)

লক্ষণ। (মহিযীর প্রতি) এই লও দেবি! সরোজিনীকে জামি তোমার হাতে সমর্পণ করেম; ওকে নিয়ে এই দয়াশূভ কঠোর স্থান হ'তে এখনি পলায়ন কর। কিন্ত দেখ দেবি! এর পরিবর্ত্তে আমার একটী কথা তোমায় শুন্তে হবে। সরোজিনীর সঙ্গে বিজয়নিংহের কখনই বিবাহ দেওয়া হবে না, সে আজ আমার অবমাননা ক'রেছে। (সরোজিনীর প্রতি) দেখ বৎসে! তুমি যদি আমার কন্তা হও, তাহ'লে বিজয়-সিংহকে জন্মের মত বিশ্বত হও।

সরোজিনী। (স্বগত) হা! আমি যা ভর ক'চ্ছিলেম, তাই দেখ্ছি ঘ'লে।

লক্ষণ। দেখ মহিষি ? রামদাস, স্থরদাস ও এই প্রহরীগণ তোমা-দের সঙ্গে যাবে। কিন্ত দেখ, এ কথার বিন্দু-বিসর্গও যেন প্রকাশ না হয়। অতি গোপনে ও অবিলয়ে এখান হ'তে প্রস্থান কর। রণ-ধীর সিংহ ও ভিরবাচার্গ্য যেন এ কথা কিছুমাত্র জানতে না পারে; আর দেথ মহিষি! সরোজিনীকে বেশ ক'রে লুকিয়ে নিয়ে বাও,
শিবিরের সমস্ত সৈন্যেরা বেন এইরূপ মনে করে ষে, সরোজিনীকে
এথানে রেথে কেবল ভোমরাই ফিরে যাচ্চ—পলাও, পলাও, আর
বিলম্ব ক'র না—রক্ষকণণ! মহিবীর অন্তুগামী হও।

রক্ষক। যে আজ্ঞামহারাজ।

মহিবী। মহারাজ! আপনার এই আদেশে পুনর্কার আমার দেহে যেন প্রাণ এল। (সরোজিনীর প্রতি) আর বাছা। আমরা এখান থেকে এখনি পলায়ন করি।

শরোজিনী। (স্বগত) হা। এখন আর আমার বেঁচে থেকে স্থ কি? বাকে আমি এক মূহর্জের জনো বিশ্বত হ'তে পারিনে, তাকে জন্মের মত বিশ্বত হ'তে পিতা আমার আদেশ ক'চেনে। এখন প্রাণ থাকৃতে কি ক'রে তাঁকে বিশ্বত হই ? পিতৃ-আজ্ঞাই বা কি ক'রে পালন করি? আবাব দেবী চতুর্জা আমার জীবন চাচ্চেন, আমার বলিদানের উপর চিতোরের কল্যাণ নির্ভর ক'চে, এ জ্বেনে গুলেই এখন সকল দিক্ রক্ষা হয়,—কিন্তু পিতা সে পথও বন্ধ ক'রে দিচেন। হা।——

লক্ষণ। ভৈরবাচার্য্য না টের পেতে পেতে ভোমরা পলায়ন কর, আমি তাঁর কাছে গিয়ে যাতে আজ্কের দিন যজ্ঞ বন্ধ থাকে ভার প্রস্তাব করি, তা হ'লে ভোমরাও পলাতে বেশ অবসর পাবে।

সরোজিনী। পিতঃ! আপনিই তো তখন ব'ল্ছিলেন যে,

আমাকে বলি দেবার জতে দেবী চতুতুরি আদেশ ক'রেছেন, এথন তাঁর আদেশ লজ্মন ক'লে কি মঙ্গল হবে ৪

মহিষী। আয় বাছা আয়, তোর আর সে দব ভাব্তে হবে না।
লক্ষণ। বৎদে! তোমার কিলে মঙ্গল, আর কিনে অমঙ্গল, তা
আমি তোমার চেয়ে ভাল জানি।

মহিষী। আয় বাছা-- আয়--আর বিলম্ব করিস নে!

(সরোজিনীর হস্ত আকর্ষণ পূর্ব্বক মহিবীর প্রস্থান— রোমেনারা মোনিয়া ও রক্ষকগণ প্রভৃতির প্রস্থান।)

লক্ষণ। (স্বগত) মাতঃ চতুর্জু ছে! বিনীত ভাবে তোমার নিকট প্রার্থনা কচিচ, তুমি ওদের নিঙ্গতি দাও—আর ওদের এথানে ফিরিয়ে এন না, আমি অন্ত কোন উৎকৃষ্ট বলি দিয়ে তোমার তুষ্টি সাধন ক'রব। তাতে কিছুমাত্র সন্দেহ ক'র না।

(লক্ষণসিংহের প্রস্থান।)

দ্বিতীয় গর্ভাক।

মন্দির-সমীপস্থ গ্রাম্য পথ। (রোফেনারা ও মোনিয়ার প্রবেশ।)

রোষেনারা। আমার দক্ষে আয় মোনিয়া—উদিকে আমাদের পথ নয়। মোনিয়। সথি! আমাদের এথানে থেকে আর কি হবে? চল না—আমরাও ওদের সঞ্চে বাই।

রোষেনার। না ভাই! আমাদের একটু অপেক্ষা ক'তে হবে,
আমার এখন এই প্রতিজ্ঞা, হয় আমি মর্ব, নয় সরোজিনী মর্বে।
আয় ভাই, ওদের পালাবার কথা ভৈরবাচার্য্যের কাছে প্রকাশ ক'রে
দিই গে। এই যে! ভৈরবাচার্য্যই যে এই দিকে আস্চেন—ভবে
বেশ স্থবিধে হ'ল।

(ভৈরবাচার্য্য ও রণধীরসিংহের প্রবেশ।)

ভৈরব। সরোজিনীকে এখনও যে মহারাজ মন্দিরে পাঠিয়ে দিচ্চেন না, ভার অর্থ কি ?

রণধীর। ভাই তো মহাশয়, আমি তো এর কিছুই বুক্তে পাচিচ
নে। ভবে বুঝি মহারাজের আবার মন কিরে গেছে। ভিনি ষে রূপ
অস্থির-চিত্ত লোক, তাতে কিছুই বিচিত্র নয়। ভাল, ঐ স্ত্রীলোক
ছটীকে জিজ্ঞাসা ক'রে দেখা যাক্ দিকি, ওরা বোধ হয় রাজকুমারীর সহচরী হবে। ওগো! ভোমরা কি মহারাজের অন্তঃপুরে
থাক ?

রোমেনারা। হাঁ মহাশর !— আমরা রাজকুমারীর সহচরী।
রণধীর। তোমরা বাছা বল্তে পার, রাজকুমারী এখনও পর্য্যস্ত মন্দিরে আস্চেন না কেন ?

রোবেনারা। ভারা যে এই মাত্র চিভোরে যাত্রা ক'লেন।

রণধীর। (আশ্চর্য্য হইয়া) সে কি ? ভৈরব। অঁগা ?—তাঁরা চ'লে গেছেন ?

রণধীর। তুমি ঠিক ব'ল্চ বাছা १

রোমেনারা। আমি ঠিক্ বল্ছি নে তো কি; এই মাত যে তাঁরা রওনা হয়েছেন, ও বনের মধ্যে দিয়ে তাঁরা গেছেন, এগনও বোধ হয়, বন ছাড়াতে পারেন নি।

রণধীর। তবে দেখ্ছি মহারাজ আমাদের প্রতারণা করেছেন;
ভার আমি তাঁর কথা শুনি নে; দেশের স্বার্থ আণে আমাদের দেখ্ডে
হবে; তিনি যখন সেই স্বার্থের বিপরীত কাজ ক'চেন, তখন
তাঁকে আর রাজা ব'লে মান্তে পারিনে।—আহ্ন, মহাশর! আমার
অধীনস্থ সৈত্তগণকে এখনি ব'লে দিই যে, তারা তাঁদের গতি-

ভৈরব। (রোযেনারার প্রতি এক দৃষ্টে নিরীক্ষণ করত স্বগত) এ স্ত্রীলোকটী কে ?

রণধীর। মহাশয়। আপনি ওদিকে কেন তাকিয়ে রয়েছেন १— কি ভাব্চেন १—চলুন, এখন অন্য কোন চিন্তার শময় নয়; চলুন——

মহশ্বদ। এই যে যাই;—আপনি অগ্রসর হোন্না। (যাইতে যাইতে পশ্চাতে নিরীক্ষণ)

(রণধীর ও ভৈরবাচার্য্যের প্রস্থান।)

রোষেনারা। সথি! আমার কাজ তো শেষ হ'ল—এথন দেখা যাক, বিধাতা কি করেন। মোনিয়া। দেখ ভাই রোষেনারা। ভোর পানে ঐ পুরুত মিন্সে এত ডাকিয়ে তাকিয়ে দেখছিল কেন বল দিকি ?

রোবেনার।। বোধ করি, আমার কথার ওর সন্দেহ হয়েছিল।
আমি সভিা রাজকুমারীর সহচরী কি না তাই বোধ হয় ঠাউরে
দেখ্ছিল।

মোনিয়া। হাঁ ভাই — তাই হবে। আমরা যে মুসলমানী, তা তো আমাদের গায়ে লেখা নেই যে ওরা টের পাবে। এখানে বিজয়-সিংহ, আর হদ তার ছই চার জন সেনাই যা আমাদের চেনে, আর তো কেউ চেনে না।

নেপথ্য। — বলবন্তনিংহ, তুমি দক্ষিণ দিকে যাও —বীর-বল, তুমি উত্তরে — আর তোমরা পূর্ব-পশ্চিম রক্ষা কর — দেখ, যেন কিছুতেই তারা পালাতে না পারে, আমার অধীনস্থ দৈন্যগণ, দেনা-নায়কগণ, সকলে সতর্ক হও।

রোষেনারা। ঐ দ্যাথ,—দৈন্তেরা চারি দিকে ছুটেছে,—আয় ভাই, আমরা এখন এখান থেকে যাই।

(রোফেনারা ও মোনিয়ার প্রস্থান।)

তৃতীয় গর্ভাঙ্ক।

মন্দির-স্মীপস্থ বন।

্রাজমহিষী, স্কুরদাস ও কতিপয় রক্ষবের প্রবেশ।)

মহিধী। স্থরদাস! সরোজিনী, রামদাস ওরা কি শীজ বন ছাড়াতে পার্বে ?

স্থরদাস। দেবি, ভাঁরা যে পথ দিয়ে গেছেন, ভাতে বোধ হয়

এভক্ষণ বন ছাড়িয়েচেন। ছই দল পৃথক্ হ'য়ে যাওয়াতে পালাবার
বেশ স্থবিধা হয়েছে। আর বিশেষ রাজকুমারী যে গুপু পথ দিয়ে
গেছেন, ভাতে ধরা পড়বার কোন সন্তাবনা নাই।

মহিবী। (স্বগত) আহা, বাছা এই কাঁটা বন দিয়ে অন্ত প্থ কি ক'রে হেঁটে যাবে ? আমাদের অদৃষ্টে কি এই ছিল ? আমি হ'চিচ সমস্ত মেওয়ারের অধীশ্বী—আমার কিনা এখন চোরের মতন বন বাদাড় দিয়ে ষেতে হ'চেচ। যাই হোক এখন যদি আমার সরোজিনী রক্ষা পায় তা হ'লেই সকল কটু সার্থক হবে।

(নেপথ্যে—এই দিকে—এই দিকে)—— শ্রেকাশ্যে) ঐ—
কিসের শব্দ শুন্তে পাচ্চি—স্থরদাস! সতর্ক হও বোধ করি, সৈত্তগণ আমাদের ধ'তে আদ্চে;—এ কি! আমাদের চারি দিক্ ষে
একেবারে ঘিরে ফেলেছে,—কি হবে ।

(চারিদিক বেষ্টন করত উলঙ্গ অসি হস্তে সৈন্যগণের প্রবেশ।)

সেনা-নায়ক। রাজমহিষি !— মেওয়ারের অধীখরি !—জননি !—

শামাদের সেনাপতি রণধীরসিংহের আদেশক্রমে আমরা আপনার

পথ-রোধ ক'তে বাধ্য হলেম।

মহিবী। কি ! রণধীরসিংহের আদেশ ক্রমে ?—রণধীরসিংহ, যে আমাদের অধীনস্থ করপ্রদ এক জন ক্ষুদ্র রাজা, ভার আদেশ-ক্রমে ?

সেনা-নায়ক। রাজমহিষি ! আমরা এখন ভাঁরই অব্যবহিত অধীন, তিনি আমাদের সেনাপতি।

মহিষী। আমি মনে ক'রেছিলেম, মহারাজের আদেশ; রণধীর সিংহের আদেশ আজ আমাকে পালন ক'তে হবে ?—পথ থুলে লাও, আমি যাব—পথ থুলে লাও, আমি বল্চি।

সেনা-নায়ক। দেবি! মার্জনা ক'র্বেন, আ্মাদের আদেশ নাই।

মহিধী। আদেশ নাই ?—কার আদেশ নাই? মেওয়ারের অধীশ্বী আদেশ ক'চেনে, ভোমরা পথ খুলে দাও।

সেনা-নায়ক। দেবি! আমাদের মার্জনা ক'র্বেন।

মহিবী। কি !—স্থরদাস! রক্ষকগণ! ভোমরা থাক্তে জামার এই জবমাননা ? স্থ্রদাদ। মহাশয়! রাজমহিষীর আবেশ শুন্চেন না ? পথ পরিস্কার করুন—নচেৎ——

শেনা-নায়ক। আপনি চুপ করুন না মহাশয়।
মহিষী। স্বলাস!—ভীক।—এখনও ভুমি সহা ক'রে আছ?
ভোমার ভলবার কি কোষের মধ্যে বদ্ধ থাক্বার জন্তই হয়েছে?
স্বলাস। দেবি! শুদ্ধ আপনার আদেশের প্রভীক্ষায় ছিলেম।
রক্ষকগণ! পথ পরিস্কার কর।

(নিক্ষোষিত অসি লইরা আক্রমণ ও যুদ্ধ করিতে করিতে উভয় দলের প্রস্থান।)

চতুর্থ অঙ্ক সমাপ্ত।

পঞ্চম অঙ্ক।



প্রথম গর্ভাঙ্ক।

মন্দির-সমীপস্থ বনের অপর প্রান্ত। (সরোজিনী ও অমলার প্রবেশ।)

শরো। না অমলা, আমাকে আর তুমি বাধা দিও না—আমার রক্ত না দিলে আর কিছুতেই দেবীর ক্রোধ শাস্তি হবে না। দেবতা-দের বঞ্চনা ক'র্তে গিয়ে দেথ আমরা কি ভয়ানক বিপদেই পড়েছি। দেথ আমাদের গতি রোধ কর্বার জন্ত দৈন্তরা এই বনের চারিদিক্ ঘিরে ফেলেছে। এখন আর পালাবার কোন উপায় নেই। আমি এখন মন্দিরেই যাই। দেগ অমলা—আমি যে দেখানে যাচ্চি, মা ঘেন তা কিছুতেই টের না পান। পিতা যে আমাকে আবার মন্দিরে ঘাবার জন্তে ব'লে পাঠিয়েছেন, এ কথা যেন তিনি শুন্তে না পান—ভা শুন্লে তিনি মনে অভান্ত কই পাবেন।

অমলা। নারাজকুমারি! ভোমার মন্দিরে গিয়ে কাজ নেই।
মহারাজ ভো এখন পাগলের মত হয়েছেন, একবার পালাভে ব'ল্চেন,
আবার ডেকে পাঠাচেন, তাঁর কথা কি এখন শুন্তে আছে ? এখন

এথান থেকে পালাতে পাল্লেই ভাল, তুমি সেথানে যেওনা—
কেন বল দিকি আমাদের ছঃথ দেও—ম'তে কি তোমার এতই
সাধ ?

সরোজিনী। পিতা আমাকে আর একটী যে আদেশ ক'রেছেন, ভা অপেকা মৃত্যু শতগুণে প্রার্থনীয়; দেখু অমলা আমার আর বাঁচতে সাধ নেই।

শ্বনাজিনী। কুমার বিজয়দিংহের দক্ষে বোধ হয় পিভার কি একটা মনান্তর উপস্থিত হয়েচে; রাজকুমারের উপর তাঁর এথন বিষ দৃষ্টি। আর, পিভা আমাকেও এইরপ আদেশ ক'রেচেন্, যেন আমিও তাঁকে জন্মের মত বিশ্বত হই। অমলা, দেখ দিকি এর চাইতে কি আমার মরণ ভাল না । (ক্রন্দন) আমি বেঁচে থাক্তে কুমার বিজয়-দিংহকে কথনই বিশ্বত হ'তে পার্ব না। আমি রামদাসকে কভ বারণ কল্লেম, কিন্তু গে কিছুতেই শুন্লে না,—সে আমার বলিদান রহিত কর্বার জন্মে আবার পিভার কাছে গেছে;—কিন্তু দেখ অমলা, আমার বাঁচ্তে আর সাধ নেই, এখন আমার মরণ হ'লেই শকল ধ্রণার শেষ হয়।

অমলা। ওমা! কি সর্বনাশের কথা! এত দূর হয়েছে তাতো আমি জানি নে।

সরোজিনী। দেখু অমলা! দেবতারা সদয় হয়েই আমার মৃত্যু আদেশ ক'রেছেন—এখন আমি বুক্তে পাচিচ আমার উপর তাঁদের কত কুপা!---ও কে আসচে ? একি ! কুমার বিজয়-সিংহ**ই যে** এই দিকে আদচেন!

অমলা। রাজকুমারি! আমি তবে এখন ঘাই।

(অমলার প্রস্থান।)

(বিজয়সিংহের প্রবেশ।)

বিজয়। রাজকুমারি ! এদ আমার পশ্চাৎ পশ্চাৎ এদ, এই বনের চতুর্দিকে যে সকল লোক একত্র হয়ে উন্মন্তবৎ চীৎকার ক'চেচ→ তাদের চীৎকারে কিছুমাত্র ভীত হ'রো না। আমার এই ভীষণ অসির সাঘাতে লোকের জনতা ভঙ্গ হয়ে এখনি পথ পরিষ্কৃত হবে। ষে সকল সৈক্ত আমার অধীন, তারা এথনি আমার সঙ্গে যোগ দেবে। দেখি, কে ভোমাকে আমার কাছ থেকে নিয়ে যেতে পারে? কি. রাজকুমারি! তুমি যে চুপ ক'রে রয়েছ ? তোমার চোক্ দিয়ে জল পড়ছে কেন? তোমাকে আমি রক্ষা কর্তে পার্ব, তা কি তোমার এখনও বিখাদ হ'চেচ না? এখন ক্রন্দনে কোন ফল নাই: ক্রন্দনে যদি কোন ফল হবার সম্ভাবনা থাকৃত, তা হ'লে এভক্ষণে তা হ'ত। ভোমার পিভার কাছে ভো তুমি অনেক কেঁদেছ!

সরোজিনী। না রাজকুমার,—তা নয়, আপনার সঙ্গে যে আজ আমার এই শেষ দেখা, এই মনে ক'রেই আমার——(ক্রন্দন)

বিজয়। কি! শেষ দেখা—ভূমি কি ভবে মনে ক' চচ স্থামি ভোমাকে রক্ষা ক'র্ভে পারব না ?

সরোজিনী। রাজকুমার ! আমার জীবন রক্ষা হ'লে, আপনি কথনই স্থা হ'তে পার্বেন না।

বিজয়। ও কি কথা রাজকুমারি ?—আমি তা হ'লে স্থাী হব না ?—তুমি বেশ জেনো, যে ভোমারি জীবনের উপর বিজয়-সিংহের স্থথ-শান্তি সমস্তই নির্ভর ক'চে।

সরোজিনী। নারাজকুমার! এই হতভাগিনীর জীবন-স্ত্রে বিধাতা আপনার স্থ্রথ-সোভাগ্য বন্ধন করেন নি। সকলি বিধাতার বিড়ম্বনা !—তাঁর বিধান এই যে, আমার মৃত্যু না হ'লে আপনি কথ-নই স্থী হ'তে পারবেন না। মনে ক'রে দেখুন দিকি, মুসলমানদের সহিত যুদ্ধে জয়লাভ কর্লে আপনার কত গৌরব বৃদ্ধি হবে। আবার দেবী চতুর্জার এইরূপ দৈববাণী হয়েছে যে, আমার রক্ত দারা দিঞ্জিত না হ'লে, দেই যুদ্ধ-ক্ষেত্র কখনই ফলবান হবে না। তা দেখুন, আমার মৃত্যু ভিন্ন দেশ উদ্ধারের আর কোন উপায়ই নেই। সমস্ত রাজপুত-দৈন্তও এই জন্তে আমার মৃত্যু আকাক্ষা ক'লেচ। তা রাজকুমার! আমাকে আর বাঁচাতে চেষ্টা কর্বেন না। মুগলমানদের হাত থেকে সমস্ত রাজস্থানকে আপনি উদ্ধার ক'র্বেন ব'লে পিতার কাছে যে প্রতিজ্ঞা ক'রেছিলেন—তাই এখন পালন করুন। রাজ-কুমার! আমি যেন মনের চক্ষে স্পষ্ট দেখতে পাচ্চি যে, যেই আমার চিতা প্রজ্ঞালিত হয়ে উঠ্বে—অমনি আলাউদ্দিনের বিজয়-লক্ষ্মী স্লান হবে—ভার জয়পভাকা দিল্লির প্রাসাদ-শিথর হ'তে ভূমিতলে স্থালিত ্হবে— তার সিংহাসন কম্পুমান হবে—রাজকুমার। এই আশায় আমার মন উৎফুল হয়েছে – এই আশা-ভরে আমি অনায়াসে প্রাণত্যাগ
ক'তে পার্ব; তাতে আমি কিছুমান কাতর হব না, আপনি নিশ্চিত্ত
হোন্। আমি মলেম তাতে কি, আমার মৃত্যু যদি আপনার অক্ষ
কীর্ত্তির সোপান হয়,—দেশ উদ্ধারের উপায় হয়, তা হ'লেই আমার
মনস্কামনা পূর্ণ হবে। রাজকুমার! আমাকে এখন জন্মের মত্ত্বিদায় দিন—

বিজয়। না, রাজকুমারি, আমি কথনই পার্ব না। কে ভোমায় ব'লে যে, চতুর্জা দেবী এই রূপ দৈববাণী ক'রেছেন? এ কথা যে বলে, সে দেবতাদের অবমাননা করে। দেবতারা কি কথন নির্বোধী অবলার রজে পরিত্প্ত হন ? এ কথা কথনই বিখানযোগ্য হ'তে পারে না। আমরা যদি দেশের জন্ম প্রোণপণে যুদ্ধ করি, তা হ'লেই দেবতারা পরিত্ই হবেন; সে জন্ম তুমি ভেবো না। এখন, আমার এই বাহু-যুগল যদি তোমার জীবন রক্ষা ক'তে পারে, তা হ'লেই আমি মনে ক'র্ব, আনার সকল গৌরব লাভ হ'ল—আমার সকল কামনা সিদ্ধ হ'ল। এস রাজকুমারি—আর বিলম্ব ক'র না—আমার অহুবর্তিনী হও।

শরোজিনী। রাজকুমার ! আমাকে মার্জ্জনা কর্বেন, কি ক'রে, আমি পিতার অবাধ্য হব ? আমি যে তাঁর নিকট মহা ঋণে বন্ধ আছি,—তাঁর আজ্ঞা পালন ভিন্ন সে ঋণ হ'তে কি ক'রে মুক্ত হব ?

বিজয়। মস্তানের প্রতি পিতার ফেরুপ কর্ত্ব্য, তা কি ভিনি

সরো। রাজক্ষার ! পুনর্কার বল চি আমাকে মার্জনা করুন।
আমার জীবন অপেকা আমার ধর্ম কি আপনার চক্ষে অধিক মূল্যবান্বোধ হয় না ?—এ ছাগিনীকে আপনি মার্জনা করুন, কেমন
ক'রে আমি পিতার কথা নজন কাব ?

বিজ্য়। আচ্ছা,এ বিষয়ে তবে আর কোন কথা কথার প্রয়োজন
নাই : ভোষার পিডানট আনেশ তবে এখন পালন কর । মৃত্যু ষদি
ভৌমার এতই প্রার্থনীয় হয়ে পানে, অচ্চন্দ তুর্নি তাকে আলিজন
কর ; আমি আর ডাতে নায়া দেব না। রাজকুমারি! যাও আর
বিলম্ব ক'র না, আনিও সেখানে এখনি যাছি। যাব চতুর্ভু প্রা দেবী
শোণিভের জভ বাজবিকট লালানিত হয়ে থাকেন, ভাহ'লে শীজই
ভার শোণিভ-পিপানা শান্তি হ'বে, ভাতে আর কিছুমাত্র সন্দেহ
নাই। কিন্ধু এমুন রহুপাভ আর কেট ক্লন দেখে নি। আমার
অন্ধ প্রেমের নিকট কিন্তুই অধ্যা ব'লে বোধ হবে না। প্রথমেই
ভৌগুরেহিত নরাধ্যের মৃত্পাত কর্তে হ'বে—ভার পরে, আর যে
সকল পাষ্ট থাতক ভার সহকারী হয়েছে, ভাদেরও রজে আনি
যজ্ঞবেদি ধ্যাত ক'র্ব। এই প্রলম্ভ কান্ডের মধ্যে যদি দৈবাৎ অসির
আঘাতে ভোমার পিভারত কোন অনিই হয়, ভাহ'লেও আমি দায়ী
নই—সেও জান্বে ভোমার এই অভি-পিভ্-ভিত্তির কল!

় (বিজয়দিংহের প্রস্থানোদ্যম।)

সরোজিনী। রাজকুমার!—একটু অপেক্ষা করুন— **আমি যাচিচ**— আমি——

(বিজয়দিং**হে**র প্রস্থান।)

(স্বগত) হা! কুমার বিজয়সিংহও আমার উপর বিমুধ হলেন !—
প্রোণের উপর আমার যে একটুকু মমতা এখনও পর্যান্ত ছিল, এই বার
তা একেবারে চলে গেল—এখন আর আমার বাঁচতে একটুকুও সাধ
নেই——এখন যে দিকেই দেখি, মৃত্যুই আমার পরম বন্ধু বলে
মনে হ'চেচ। মা চতুর্জা! এখনি আমাকে গ্রহণ কর, আর আমার
যন্ত্রণ সহ্য হয় না।

(রাজমহিনী, স্থরদাস ও রক্ষকগণের প্রবেশ।)

মহিষী! (দোড়িয়া গিয়া সরোজিনীকে আলিম্বন পূর্ব্বক)

একি! আমার বাছাকে একা ফেলে সকলে চলে গেছে? রামদাস
কোন কাজের নয়—ভোনাকে নিয়ে এখনও পালাতে পারে নি?
ভারা সব কোথায় গেল ? অমলা কোথায় ?

সরোজিনী। মা—ভারা নিকটেই আছে।

মহিষী। আহা ! বাছার মুখখানি একেবারে শুকিয়ে গেছে।
আহা ! ছেলে মান্তব, ওর কি এ সব ক্লেশ সহ্য হয় ?

মহিষী। (দূরে দৈহাদের আগমন লক্ষ্য করিয়া) আগার ঐ রক্ত-পিপাস্করা এগানে কেন আদ্চে ? (স্তরদাসের প্রতি) ভীক, ভোরা কি বিশাস ঘাতক হয়ে আমাদের শক্র-হস্তে সমর্পণ ক'র্বি ব'লে মনে ক'রেচিস্ ?

স্থানদা। দেবি ! ও কথা মনেও স্থান দেবেন না। ষতক্ষণ আমাদের দেহে শেষ রক্ত-বিন্দু থাক্বে, ততক্ষণ আমরা যুদ্ধে ক্ষান্ত হব না—তার পরেই আপনার চরণ-তলে প্রাণ বিদর্ক্তন করব। কিন্তু আমাদের এই ছই চারি জন হারা আর কত আশা ক'তে পারেন ? এক জন নয়, ছই জন নয়, শিবিরের সমস্ত দৈল্লই এই নির্ভুর উৎসাহে উত্তেজিত হয়ে উঠেছে—কোথাও আর দয়ার লেশমান নাই। এথন ভৈরবাচার্য্যই সর্কাময় কর্তা হয়ে প্রভুষ ক'চেন। তিনি বলিদানের জন্ত অত্যন্ত ব্যস্ত হয়েছেন। মহারাজও পাছে তাঁর প্রভুষ ও রাজষ্ব যায়, এই ভয়ে তাদের মডেই মত দিয়েছেন। কুমার বিজয়িশংহ, বাঁকে সকলেই ভয় করে. তিনিও যে এর কিছু প্রতিবিধান ক'তে পার্বেন, তা আমার বোধ হয় না। তাঁরই বা দোষ কি ? যে দৈল্ভ-তরঙ্গ চারিদিক্ ঘিরে রয়েছে, কার সাধ্য তার মধ্যে প্রবেশ করে।

রাজমহিষী। ওরা আস্থক্ না, দেখি কেমন করে বাছাকে
আমার কাচ থেকে নিয়ে যেতে পারে, আমায় না মেরে ফেল্লে ভো
আর নিয়ে যেতে পারবে না।

সরো। মা, এই অভাগিনীকে কি কুক্ষণেই পর্য্তে ধারণ ক'রে-ছিলে! আমার এখন যেরূপ অবস্থা, তাতে তুমি মা আমাকে কি ক'রে বাঁচাবে? মায়ুষ ও দৈব সকলেই আমার প্রতিকূল, আমাকে বাঁচাবার চেষ্টা করা রুথা—শিবিরের সকল সৈন্তাই পিভার বিজোহী হয়েছে——মা! ভাঁরও এতে কিছু দোষ নেই।

রাজমহিবী। বাছা! ভূমি তো কিছুতেই তাঁর দোব দেখতে পাঞ্কা; তাঁর এতে মত না থাকলে কি এ সব কিছু হ'তে পার্তো?, সরোজিনী। মা! তিনি আমাকে বাঁচাতে জনেক চেটা ক'রেভিলেন।

মহিষী। বাঁচাতে চেষ্টা ক'রেছিলেন বৈ কি !— সে কেবল ভাঁর প্রবঞ্চনা—চাতুরী।

সরোজিনী। দেবতাদের হ'তেই তাঁর সকল স্থপনৌভাগ্য—
কেমন ক'রে তাঁদের আদেশ তিনি অথাহ ক'র্বেন ?—মা! আমার
মৃত্যুর জন্তে কেন তুমি এত ভাব্চ ?—আমি গেলেও তো আমার বার
জন ভাই থাক্বেন, মা! ভাঁদের নিয়ে ভূমি ভবী হ'তে পার্বে।

মহিষী। বাছা। তুইও কি নিঠুর হলি ? কোন্ প্রাণে তুই
আমার ছেড়ে থাবি বল্ দিকি ? বাছা। আনার ছেড়ে গেলেই কি
তুই স্থী হোদ্ ? হা—একি!—এ পিশাচেরা যে এই দিকেই
আদচে। এইবার দেখচি আমার দর্শনাশ হ'ল।

(সেনানায়কের সহিত কতিপয় সৈন্যের প্রবেশ।)

দেনানারক। (সরোজিনীর প্রতি) রাজকুমারি! আপনাকে মন্দিরে লয়ে যাবার জন্ম মহারাজ আমাদের পাঠিয়ে দিলেন। সরোজিনী। মা, আমি তবে চল্লেম্, এইবার অভাগিনীকে জন্মের মত বিদায় দাও—মা, এইবার শেষ দেখা—এ জন্মে বোধ হয় আমার দেখা হবে না। (ক্রন্দন)

(বৈন্যগণের সহিত সরোজিনীর গমনোদ্যম।)

মহিষী। বাছা আমাকে ছেড়ে তুই কোথার যাবি ? আমি তোকে কথনই ছাড়্ব না, আমিও সঙ্গে যাব। সত্যই যদি চতুর্জা দেবী বলি চেয়ে থাকেন, তা হ'লে আমি প্রস্তুত আছি,—মহারাজ আমার বলি দিন।

সরোজিনী। মা, ও কথা ব'ল না, চতুর্জা দেবী আমার রক্ত ভিন্ন আর কিছুতেই তৃপ্ত হবেন না। মা, আমার জন্তে তুমি কেন ভাব্চ ? আমার মর্তে একটুও তৃঃথ হবে না। আমি স্থাথে মর্তে পার্ব। কেবল তোমাকে যে আর এ জন্মে দেখতে পাব না, এই জন্তেই আমার——(ক্রন্দ্র)

সেনানায়ক। রাজকুমারি, আর বিলম্ব ক'রে কাজ নেই।
মহারাজ আপনার কাছে এই কথা ব'ল্তে ব'লে দিয়েছেন যে, যদি
পিতার অবাধ্য হ'তে আপনার ইচ্ছা না থাকে, তা হ'লে আর তিলার্জ
বিলম্ব ক'রবেন না।

সরোজিনী। মা, আমি তবে চলেম। আর কি ব'ল্ব?—
আমার এখন একটা কথা রেখো, আমার মৃত্যুর জত্তে যেন পিতাকে
তিরস্কার ক'র না। এই আমার শেষ অন্তরোধ। এখন আমি জন্মের

মত বিদায় হ'লেন। আর একটা অলুরোধ, যত দিন রোবেনারা এখানে থাকুবে, সে যেন কোন কট না পায়।

(কতিপয় সৈন্যের সহিত কাঁদিতে কাঁদিতে সরোজিনীর প্রস্থান ও রাজমহিনীর পশ্চাৎ পশ্চাৎ গমন।)

সেনানায়ক। (রাজমহিধীর প্রতি) দেবি, আপনাকে সঙ্গে থেতে মহারাজ নিষেধ করেছেন।

রাজমহিনী। কি! আমার থেতে নিষেধ ?—আমি নিষেধ মানিনে; বাছা আমার ষেথানে যাবে, আমিও সেই থানে যাব—দেখি আমার কে আট্কার ?—ছাড় পথ বলচি। আমার কথা শুন্চিদ্ নে—রাজমহিনীর কথা শুন্চিদ্ নে ? স্থরদাদ,——ভোমরা এথানে কি কতে আছ ?

স্থরদাস। দেবি! এবার মহারাজের আদেশ, এবার কি ক'রে-----

রাজমহিনী। ভীরু, দে ভোর তলবার—(স্থরদাদের নিকট হুইতে তলবার কাড়িয়া লইয়া সেনানায়কের প্রতি) পথ ছেড়ে দে— না হলে এখনি তোর——

সেনানায়ক। (স্বগত) রাজনহিবীর গাত্র কি ক'রে স্পর্শ করি ? পথ ছাড়তে হল।

(সেনাগণের পর্য ছাড়িয়া দেওন—ও রাজমহিষীর বেগে প্রস্থান, পরে সকলের প্রস্থান।)

ষিতীয় গর্ভান্ধ।

-wastparen

যন্দিরের নিকটস্থ একটা বিজন স্থান।

(ভৈরবাচার্ষ্যের প্রবেশ।)

ভৈরব। (সংক্রমণ করিতে করিতে গত) এখনই তো হিন্দুণ দের মধ্যে বেশ ঝগ্ড়া বেধে উঠেছে, বলিদানের সময় দেশ্ছি আরও ভুমুল হয়ে উঠ্বে। চিভোরপুরী ভো এখন এক প্রকার জরক্ষিত্ত ব'লেও হয়; সেখান থেকে প্রায় সমস্ত দৈছই এখানে পূজা দেবার জন্তে চলে এমেছে; এই ঠিক্ আক্রমণের সময়। এদিকে হিন্দুরা আপনাদের মধ্যে কলহ ক'রে সময় অভিবাহিত ক'র্বে—ওদিকে আল্লাউদিন চিভোর পুরী আক্রমণের বেশ অবসর পাবেন। যদিও চিভোর এখান থেকে দূর নয়, ভবুও হিন্দুদের প্রস্তুত হয়ে যথাকালে সেখানে পৌছিতে বিলম্ব হবার সন্তাবনা। আর, এই যুদ্ধবিগ্রহের সম্বন্ধে, ছই এক দিনের অগ্র-পশ্চাতই সমূহ ক্ষতির কারণ হয়ে ওঠে। এবার আমাদের নিশ্চয়ই জয় হবে; আর, শুদ্ধ জয় নয়, আমি যে কন্দি করেছি, ভাতে চিভোরের সিংহাসন চিরকালের জয়্য আমাদের জাধিক্বত হবে। লখাণংহের ভেরস্বী থুডাগণ বেঁচে থাব্তে আমান

দের সে. আশা কখনই পূর্ণ হবার নয়, কিন্তু ভারও এক উপায় ক'রেছি। আমি যে মিথ্যা দৈববাণী ক'রেছিলেম যে,—

এই কথা সেই নির্কোধ ধর্মান্ধ লক্ষণসিংছ দৈববাণী ব'লে বিশ্বাস
ক'রেছে, আর সে যে এই বিশ্বাস অন্ত্রায়ী কাজ ক'র্বে, ভাতে আর
কোন সন্দেহ নাই; আর, তা হ'লেই আমার যা মৎলব্ তা সিদ্ধ
হবে; লক্ষণসিংহ একেবারে নির্কাংশ হবে, তার দাদশ পুত্রকেই
মুদ্ধে প্রাণ নিতে হবে; আর,ভার পুত্রগণ, ম'লেই আমরা নিষ্কন্টকে ও
নির্কাবাদে চিতোর রাজ্য ভোগ ক'তে পার্ব।——এখন কিন্তু
আমাদের বাদসাকে কি ক'রে সংবাদ দি? সেই ফতেউলা ব্যাটা
ছিল—বোকাই হোক্ আর যাই হোক্, অনেক সমর আমার কাজে
আস্ত; সে ব্যাটা যে—সেই গ্যাছে—আর কিরে আস্বার নামও
করে না। এখন কি করি? ব্যাটা এখন এলে যে বাঁচি; ওকে?—এই
যে! সেই ব্যাটাই আস্ছে দেখছি—নাম ক'র্ডে ক'তেই এসে উপস্থিত।

(ফতেউল্লার প্রবেশ।)

কতে। চাচাজি। মুই আংরছি, দ্যালাম।

ভৈরব। তুমি এসেছ—আমাকে কৃতার্থ ক'রেছ আর কি? হারামজাদা, আমি তোকে এত ক'রে শিথিয়ে দিলেম—এর মধ্যেই সব জলপান ক'রে ব'সে আছিদ্?

ফভে। (মহম্মদের প্রতি ক্যাল্ ক্রারণ তাকাইরা) কি মোরে শেথারেছ ?

ভৈরব! আমি যে ভোকে ব'লে দিয়েছিলেম যে, আমাকে কথন এথানে দেলাম কর্বি নে—আমাকে হিন্দুদের মতন প্রণাম কর্বি, তা এই বৃঝি ?

ফতে। চাচাজি ! ওডা মোর ভুল হয়েছে—এই আবার প্যায়াম করি—(প্রণাম করণ) এই—স্যালামও যা, প্যায়ামও তা; কথাডা জ্যাহি, তবে কি না এডা হাঁছের কায়্দা—ওডা মোসলমানির কায়্দা।

ভৈরব। আর ভোমার ব্যাখ্যায় কাজ নেই—চের হয়েছে।

কতে। চাচাজি । ওডা যে ভুল হয়েছে, ভাতো মুই কবুল কচ্চি—আবার ধমকাও কাান ?

ভৈরব। আবার ব্যাটা আমাকে চাচাজি ব'লে ডাক্চিন্? তোকে আমি হাজার বার ব'লে-দিয়েছি, আমাকে ভৈরবাচার্য্য মশায় ব'লে ডাক্বি, তবু তোর চাচাজি কথা এখনও খুচ্লো না? কোন্ দিন দেখ্ছি তোর জভো আমাকে মুসলমান ব'লে ধরা পড়তে হবে।

ফতে। মুই কি বল্চি?—মুইতো ঐ বল্চি—তবে কি না জত বড় বাংটা মোর মুয়ে জালে না—তাই ছোট করে লয়েছি— ভৈরব। ভাল, না হয়, আচাণিটিই বল্ — চাচাজি কিরে ব্যাটা ?

ফতে। এই দ্যাহ! — মুই আর বল্চি কি ? মুইও ভো ভাই
বল্চি।

ভৈরব। ভুই কি বল্চিস্ ? আচ্ছা বল্দিকি আচার্য্যি। ফতে। চাচাজি ;—ভূমি যা বল্চ মুইও ভো ভাই বল্চি।

ভৈরব। হাঁ তা ঠিকই বলিচিদ্। (স্থগত) দূর কর—ব্যাটার

শঙ্গে আর বোক্তে পারা যায় না—(প্রকাশ্যে) ভাল সে কথা যাক্,
ভুই আস্তে এত দেরি কল্লি কেন বল্দিকি ?

কতে। দের কলাম ক্যান্?— মোর যে কি হাল্ হরছাল, তা তো তুমি একবারও পুছ্ কর্বা না চাচাজি?—থালি দের কলি ক্যান্?— দের কলি ক্যান্! (উচ্চৈঃস্বরে ক্রন্সন) মুই যে কি নাকাল হয়ছি—তা থোদাই জানে—আর কি কব।

ভৈরব।— চুপ্ চুপ্ চুপ্ !— অমন ক'রে চ্যাচাস্ নে— (স্বগভ)
এ ব্যাটা আমাকে মজালে দেখ্চি, ভাগ্যি এ স্থানটা নির্জন ছিল, তাই
রক্ষে।— আঃ— এ ব্যাটাকে নিয়ে পারাও যায় না— আবার এ না
হ'লেও আমার চলে না। ভাল মুদ্ধিলেই পড়েছি। (প্রকাশ্যে)
ভোর কি হয়েছিল বল্ দিকি; — আন্তে আন্তে বল্, অত চাাচাস নে।

ফতে। (মৃত্বরে) আর ছকের কথা কব কি চাচাজি; মৃই
এহানে আস্ছেলাম—পথের মন্দি হাঁছে ব্যাটারা মোরে চোর বলি
ধর পাকড় করি করেদ কলে, আর কত যে বেইজ্ঞাৎ কলে তা তোমার
সাক্ষাতি আর কব কি ——শ্যাসে যহন টাহা কড়ি কিছু পালে না,

ভহন মোর কাপড় চোপড় কাড়ি লয়ে এক গালে চুণ আর এক গালে কালি দে হাঁকায়ে দেলে। মোর আবস্থার কথা ভোমার কাছে আর কি কব চাচাজি।

ভৈরব। আর কোন কথা ভো ভূই প্রকাশ করিস্নি ?—ভা ছলেই সর্কনাশ।

ফতে। মোর পাটের কথা কেউ জান্তি পার্বে ?——এমন বোকা মোরে পাউনি। মোর জান্ যাবে, তবু পাটের কথা কেউ জান্তি পার্বে না।

ভৈরব। ভাল, ভোর পাাটের কথাই যেন কেউ না জান্তে পালে, কিন্তু ভোর কাছে যে আমার চিটির নকলগুল ছিল, সে সব ভো ফেলে আসিদ্ নি ?

ফতে। ঐ যাঃ!—চাচালি। সে গুল মোর বুচ্কির মদি ছ্যাল চাচাজি!

ভৈরব। (সচকিত ভাবে) খাঁ। ?—ব্যাটা করিচিদ্ কি ! দর্ক-নাশ করিচিদ্ ?

ফতে। মোর কাপড় চোপড় কাড়ি স্থালে তো মুই কর্ব কি!

মুই যে জান্ লয়ে পেলিয়ে এস্তে পারেছি এই মোর বাপ্পার
ভাগ্যি।

ভৈরব। (স্বগত) ভবেই তো দর্বনাশ! এখন কি করা যায়

ভবে কি না চিটিগুল ফার্সিডে লেখা, তাই রক্ষে। হিন্দু
ব্যাটাদের সাধ্যি নেই যে, সে লেখা বোকে। না সে বিষয়ে কোন ভন্ন নেই। (প্রকাশ্যে) দেণ্, ভোকে ফের দিল্লি বেভে হ'চে। এই চিটিটা বাদসার কাছে নিয়ে যা—পার্বি ভো?

ফতে। পার্বনাক্যান্? মুই এহনি নিয়ে যাচিচ। **এহান** হ'তি মুইতে যাতি পালিই বাঁচি।

ভৈরব। তবে এই নে (পত্র প্রদান) দেখিস্, এবার থ্ব সাব-ধানে নিয়ে যাস্।

· কভে। মোরে আর বল্ভি হবে না— মুই চল্লাম— দ্যালাম চাচাজি।

(কভেউল্লার প্রস্থান।)

ভৈরব। ষাই—দেখিগে, মন্দির-প্রাক্তণে বলিদানের কিরূপ উদ্যোগ হ'চ্চে। বোধ হয় এভক্ষণে সব প্রস্তুত হয়ে থাক্বে। (ভৈরবাচার্য্যের প্রস্থান)

তৃতীয় গর্ভাঙ্ক।

চতুর্জা দেবীর মন্দির-প্রাঙ্গণ।

(ধূপধুনা প্রাকৃতি বলিদানের সজ্জা—সরোজিনী যজ্জবেদির
সম্মুখে উপবিষ্টা—লক্ষ্মণসিংছ স্কানভাবে দণ্ডায়মান—
পুরোহিত ভৈরবাচার্য্য আসনে উপবিষ্ট—লক্ষ্মণসিংহের
নিক্ট রণধীর দণ্ডায়মান—চতুঃপাশ্বে সিন্যগণ।

ভৈরবাচার্য। মহারাজ। জার বিলম্ব নাই, বলিদানের সময় হয়ে এসেছে, এইবার জন্মভি দিন।

লক্ষণ। আমাকে এখন জিজ্ঞাসা করা ষা,—আর ঐ প্রাচীরকে
জিজ্ঞাসা করাও তা—আমার অন্তমতিতে তোমাদের এখন কি কাজ
হবে ?——এখন ঐ রক্তপিপাস্থ রণধীর-সিংহকে জিজ্ঞাসা কর—এই
উন্মন্ত রাজপুত সৈভাদের জিজ্ঞাসা কর—আমার কথা এখন কে
শুন্বে ?—আমার কর্ত্ত্ব এখন কে মান্বে ?

রণধীর। মহারাজ ! দৈবের প্রতিকৃলে সন্ধাম করা নিম্পল।
তৈরব। মহারাজ ! শুভক্ষণ উত্তীর্ণ হয়ে যায়, আরে বিলম্ব করা
যায় না।—জয় চতুর্জুজা দেবীর জয় !

সৈত্তগণ। (কল্রব করত) জয় চতুর্জা দেবীর জয়! মহারাজ
শীদ্র আদেশ দিন--আর বিলম্ব ক'রবেন না--

সরোজিনী। পিডঃ! অন্তমতি দিন, আর বিলম্বে কল কি ! দেখুন, আমার রজ্জের জন্তে সকলেই লালারিত হয়েছে, আপনার এই হডভাগিনী ছহিতাকে জন্মের মত বিদার দিন।

লক্ষণ। (ক্রন্সন) না মা, আমি ভোমাকে কিছুতেই বিদায় দিতে পার্ব না। বৎদে। তুমি আমাকে ছেড়ে ষেও না, বদিও আমি ভোমার পিতা নামের যোগ্য নই, তবুও বৎসে, মনে ক'র না আমার ছাদয় একেবারেই পাষাণে নির্দ্মিত। রণধীর ! তুই তো আমার দর্শনাশের মূল, কি কুক্ষণেই আমি ভোর পরামর্শ শুনেছিলেম !—কতবার আমি মন পরিবর্ত্তন ক'রেছি—আর কতবার তুই আমাকে কিরিয়ে এনিছিল। না—আমি এ কাজে কথনই অন্ন্যোদন ক'র্ব না, রণধীর,—না, আমার এতে মত নেই—আমার রাজ্বই লোপ হোক্, আর মুললমান্দেরই জয় হোক্, বা দেশই উৎসন্ন হ'য়ে যাক্, ভাতে আমার কিছুমাত্ত ক্ষতি বৃদ্ধি নাই।

সৈত্যগণ। অমন কথা ব'ল্বেন না মহারাজ—অমন কথা ব'ল্-বেন না। বাপারাওর বংশে ওরপ কথা শোভা পায় না।

সরো। পিতঃ, আমার জভে আপনি কেন তিরস্কারের ভাগী হ'চ্চেন ? যদি আমার এই ছার জীবনের বিনিময়ে শত শত কুলবধু অস্পৃশ্য অপবিত্র যবনহস্ত হ'তে নিস্তার পায়, তা হ'লেই জামার এই জীবন দার্থক হবে। পিতঃ, রাজপুত-কন্তা মৃত্যুকে ভয় করে না। সে জন্ত আপনি কেন চিন্তিত হ'চেন ং

দৈলগণ। ধল্ল বীরাঙ্গনা !—ধন্য বীরাঞ্গনা !—আচার্ঘ্য মহাশয়, ভবে আর বিলম্ব কেন ? জয় চতুর্ভু জা দেবীর জয়!

লক্ষণ। না মা, ভোষার কথা আমি গুন্বো না—ভৈরবাচার্য্য মহাশয়, আপনি এখান থেকে উঠুন—উঠুন ব'ল্চি—এ সব সম্জা দ্রে নিক্ষেপ করুন—আমি থাক্তে এ কাজ কথনই হবে না।—যাও রণধীর! তুমি ভোমার সৈহুদের নিয়ে এখনি প্রস্থান কর, জামি থাক্তে ভোমার কর্তৃত্ব কিসের ?—আমি রাজা, ভা কি তুমি জান না?

রণধীর। মহারাজ । যতক্ষণ রাজা দেশের স্বার্থের প্রতি দৃষ্টি -রাথেন, ততক্ষণই তিনি রাজা নামের যোগ্য।

সরোজিনী। পিতঃ! আপেনি কেন আমার জন্যে অপমানের ভাগী হ'চেন ? আমার জন্যে আপেনি কিছু ভাব্বেন না। এ কথা যেন কেউ না ব'ল্ভে পারে যে, আমার পিতার জন্যে দেশ দাসত্ত শুভালে বন্ধ হ'ল; বাগ্গারাওর বিশুদ্ধ বংশ কলস্কিত হ'ল; বরং এর চেয়ে আমার মৃত্যুও শতগুণে প্রার্থনীয়।

লক্ষণ। না মা, লোকে আমার যাই বলুক, আমি কগনই ভোমাকে মৃত্যুমুথে বেতে দেব না। ভোমার ও স্কুমার দেহে পুষ্পের আঘাতও সহু হয় না—তুমি এখন বাছা কি ক'রে—কি ক'রে—ওঃ—ভৈরবাচার্য্য মহাশয়! যান্—আপনাকে আর প্রয়োজন নাই;—য়ান্ বল্চি। এখনি এখান থেকে প্রস্থান করুন।

ভৈরব। (রণধীরসিংহের প্রতি) মহাশয়! মহারাজ কি জাদেশ
ক'চেন শুন্চেন তো? এখন কি কর্ত্তব্য বলুন।

রণধীর। মহারাজ ! এই কি আপনার ক্ষত্রির-প্রতিজ্ঞা ? এই কি আপনার দেশাহ্যরাগ ? এই কি আপনার দেব-তক্তি ? এই রূপে কি আপনি ক্র্যাবংশাবতংস রাজা রামচন্দ্রের বংশ ব'লে পরিচয়্ন দেবেন ? আর, চতুর্জা দেবীর এই পরিত্র মন্দিরে দণ্ডায়ন্মান হয়ে, তাঁর সমক্ষেই আপনি তাঁর অবমাননা ক'তে সাহ্মী হ'চেন ?

লক্ষণ। কি দেবীর অবমাননা? নারণধীর, আমা হ'তে তা কথনই হবে না। তোমাদের যা কর্ত্তব্য তা কর, আমি চল্লেম। (গমনোদ্যম)

ভৈরব। ওকি মহারাজ ! কোথায় যান ? আপনি গেলে উৎসর্গ ক'র্বে কে ? ভা কথনই হ'ভে পারে না।

লক্ষণ। (ফিরিয়া আসিয়া) তোমরা আমাকে মার্জনা কর, এ নিষ্ঠুর দৃশ্য আর আমি দেখুভে পারি নে।

রণধীর। না মহারাজ, আপনাকে এ দৃশ্য আর দেখতে হবে
না; আমি তার উপায় কচিচ। মহারাজ! আপনি এখন শিশুর স্থায়
হয়েছেন, শিশুকে সেরপে ঔষধ খাওয়াতে হয়, আমাদের এখন সেইরূপ উপার অবলম্বন ক'তে হবে! আস্থন, এই বস্তু দিয়ে আপনার
চক্ষু বন্ধন ক'রে দিঁ, তা হ'লে আর আপনার কটু হবে না।

লক্ষণ। তোমাদের যা অভিক্রচি কর। আমার নিজের উপর

অংথন কোন কর্তৃত্ব নেই। ভোমরা এখন যা বল্বে, ভাই ক'র্ব; দাও, আমার চক্ষু বন্ধন ক'রে দাও।

(রণধীর কর্ত্তৃক বস্ত্র দ্বারা রাজার চক্ষু বন্ধন।)

শক্ষণ। রণধীর! আমার শরীর অবদর হয়ে আদ্চে।

রণধীর। আমি আপনার হাত ধর্চি,—আমার ক্ষরের উপর আপনি শরীরের দমস্ত ভার নিক্ষেপ করুন। (ঐরূপ ভাবে দণ্ডার-মান) ভৈরবাচার্য্য মহাশয়! অন্তর্ঠান দংক্ষেপে দার্তে হবে— মহারাজ অত্যস্ত অবদন্ন হ'য়ে পড়্চেন।

ভৈরব। সে জন্ম চিন্তা নাই, মুহূর্ত্ত মধ্যেই আমি সমস্ত শেষ কচিচ। (পুলাঞ্জলি লইরা) শুম্শানালয়-বাদিনৈয় চতুভূ জা-দেবৈয় নমঃ। (থজা লইরা)

"থড়গায় খরধারায় শক্তিকার্য্যার্থতৎপর। বলিশ্চেদ্যস্ত্রয়া শীব্রং খড়গ-নাথ নমোহস্ত তে॥"

অদ্য ক্ষেপ্ত পক্ষে, অমাবদ্যায়াং তিথোঁ, সূর্য্যবংশীয়দ্য শ্রীমলক্ষণি সংস্থা বিজয়কামনয়া, ইমাং বলিরূপিণীং কুমারীং সরোজিনীমহং ঘাতয়িষ্যামি।
(সরোজিনীর প্রতি) মা! অধীর হয়্যোনা।

সরোজিনী। (স্থগত) চক্র, স্থ্য, গ্রহ, নক্ষতা, পৃথিবি, তোমাদের স্বার নিকট এইবার জামি জন্মের মত বিদায় নিলেম, একটুপরে আর এ চক্ষ্ ভোমাদের শোভা দেখ্তে পাবে না। কিন্তু ভাতেও আমি ভত কাতর নই। ভোমাদের আমি অনারাসে পরিত্যাপ ক'রে যেতে পারি; কিন্তু পিভাকে, মাকে, বিজয়সিংহকে ছেড়ে কেমন ক'রে আমি—ওঃ!—(ক্রন্দন) মা ভূমি কোথায়?—ভোমার সঙ্গে কি আর এ জন্মে দেখা হবে না?—আমার এই দশা দেখেও কি ভূমি নিশ্তিস্ত আছ? কুমার বিজয়সিংহ? ভূমিও কি জন্মের মভ আমায় বিশ্বত হ'লে? যদি কোন অপরাধ ক'রে থাকি ভো মার্জ্জনা কর, এই সময়ে একটিবার আমাকে দ্যাখা দাও—আর আমি কিছু চাই নে।(ক্রন্দন)

ভৈরব। চতুর্জার উদ্দেশে এই থানে প্রণাম কর। আর ক্রেন্সন
ক'র না। (সরোজিনীর প্রণত হওন) (ভৈরব থজা হত্তে উত্থান
করিরা) জর মা চতুর্জু জে!——

লক্ষণ। (ব্যাকুল ভাবে) এমন কাজ করিদ্নে—করিদ্নে—
পাষণ্ড! ক্ষান্ত হ!—ছেড়ে দে আমাকে—রণধীর্! ছেড়ে দাও—
ছেড়ে দাও আমাকে, তোমাকে মিনতি কচ্চি ছেড়ে দাও———

ভৈরব। মহারাজু! অধীর হবেন না। (পুনর্কার থড়া উঠাইরা)——

"জয় দেবি ভয়স্করী! নিধিল-প্রালয়স্করী!

যক্ত-রক্ষ-ডাকিনী-সঙ্গিনী!

ঘোর কাল-রাত্রি-রূপা। দিগন্থর-বুকে ছুপা।
রণ রঙ্গ-মত্ত-মাতঙ্গিনী।

জল স্থল-রমাতল, পদ-ভবে টল মল! ত্রিনয়নে অনল ঝলকে।

শোণিত বরষা-কাল, বিচ্যুত্য়ে তরবাল, সিংহনাদ পলকে পলকে!

রক্তে-রক্ত মহা-মহী! রক্ত ঝরে অদি বহি! রক্তময় খাঁড়া লক্-লকে!

লোল- জিহা রক্ত ভূথে, ক্ষত-অঙ্গ শত মুখে, রক্ত বমে বালকে বালকে!

উর' কালি কপালিনী! উর' দেবি করালিনী
নর-বলি ধর উপহার!

উর' জলধর-নিভা! উর' লক-লক-জিভা। পূর' বাঞ্ছা সাধক-জনার।"

জয় মা চতুত্ব জ !--- (আঘাত করিবার উদ্যম)

(সদৈত্য বিজয় সিংহের ক্রভবেগে ছোর কোলাহলে প্রবেশ ও ভৈরবাচার্য্যের হস্ত হইতে খড়ুগ্গ কাড়িয়া লওন।)

লক্ষণ। ভৈরবাচার্য্য মহাশয় ! অমন নিঠুর কাজ ক'র্বেন না— ক'র্বেন না—আমার কথা শুল্ল—

বিজয়। কি ভয়ানক !—মহারাজের আজার বিপরীতে এই দাকণ

হত্যাকাও হ'তে যাচ্ছিল ? (ভৈরবাচার্য্যের প্রতি) নিষ্ঠুর ! পাষও ! তোর এই কাজ ?

লক্ষণ। না জানি কোন্ দেবতা এদে আমার সহায় হয়েছেন—
ভূমি যেই হও, আমার চক্ষের বন্ধন মোচন ক'রে দাও—আমি একবার দেথি, আমার সরোজিনী বেঁচে আছে কি না।

বিজয়। মহারাজ, আপনার আর কোন ভর নাই, আমি থাক্তে আর কারও সাধ্য নাই যে রাজকুমারীর গাত্র স্পর্শ করে। আমি এখনি আপনার চক্ষের বন্ধন মোচন ক'রে দিচ্চি।

লক্ষণ। কে ?—বিজয়সিংছের কণ্ঠ-স্বর না ?—আঃ বাঁচলেম ! এইবার জান্দেম আমার সরোজিনী নিরাপদ হ'ল।

বিজয়। '(স্বীয় সৈত্যের প্রতি সৈত্যগণ।—মহারাজের চক্ষের বন্ধন শীজ্ব মোচন ক'রে দাও। (সৈত্যগণ কর্তৃক মহারাজের বন্ধন মোচন)

রণধীর। দেখ বিজয়সিংহ! ভূমি এক পদ অগ্রসর হয়েছ কি, এই অসি ভোমাকে যমালয়ে প্রেরণ ক'র্বে।

বিজয়। (ভৈরবাচার্য্যকে পলায়নোদ্যত দেখিয়া স্বীয় সৈভগণের প্রতি) সৈভগণ। দেখ দেখ, এ পাষও পুরোহিত পালাবার উদ্যোগ ক'চ্চে—ভোমরা ওকে এখানে ধ'রে রাখ—আগে রণধীরের রণ-দাশ মেটাই, তার পর ওরও মুগুপাত কচ্চি। (সৈভগণের ভৈরবকে শ্বত করণ)

ভৈরব ৷ (সকদেশ স্বগত) তবেই তো দেখ্ছি সর্বনাশ ! হা !

জাবশেষে জামার কপালে কি এই ছিল ? এত দিনের পর দেখ্ছি জামার পাপের শাস্তি পেতে হ'ল! এখন বাঁচ্বার উপার কি ? (প্রকাশ্যে) মহাশর! জামার এতে কোন দোষ নাই—দেবতার জাজ্ঞা কি ক'রে বলুন দেখি——

বিজয়। আমি ওসব কিছুই শুন্তে চাই নে।

ভৈরব। মহাশর ! তবে স্পাঠ কথা বলি, আমার বড়ই সন্দেহ হ'চেচ। যথন এই বলিদানে এত বাধা পড়্চে, তথন বোধ হয়, এ বলি দেবীর অভিপ্রেত নর ; আমার গণনায় হয় তো কোন ভুল হয়ে থাক্বে। মহাশর ! কিছুই বিচিত্র নয়, মুনিরও মতিভ্রম হ'ভে পারে। যদি অহ্মতি হয় তো আর একবার আমি গণনা ক'রে দেণি।

লক্ষণ। গণনায় ভুল ? গণনায় ভুল ? - আ !---

বিজয়। আচ্ছা, আমি আপনাকে গণনার সময় দিলেম। সৈন্ত-গণ! এখন ওঁকে ছেড়ে দাও। (ভৈরবাচার্যের গণনার ভানে মাটিতে আঁক পাড়া) (পরে বিজয়সিংহ রণধীরের নিকটে আসিয়া) এখন রণধীরসিংহ! এস দিকি, দেখা যাক্, কে কারে শমন-সদনে পাঠায়।

রণধীর। এস—স্বচ্চনে—

(উভয়ের কিয়ৎকাল অসি-যুদ্ধ।)

ভৈরব। মহাশয়েরা একটু ক্ষান্ত হোন, বান্তবিকই দেখ্চি আমার গণনায় ভুল হ'য়েছিল।

রণধীর। কি ! গণনায় ভুল ? (যুদ্ধে ক্ষান্ত হইয়া) মহাশয় ? জামি অস্ত্র পরিভাগে ক'লেম। বিজয়। কি !— এর মধ্যেই ?——

রণধীর। আর আপনার দঙ্গে আমার কোন বিবাদ নাই।

বিজয়। সে কি মহাশয়?

রণধীর। আমি যে গণনায় জব বিশ্বাদ ক'রে, কেবল স্থদেশের মঙ্গল-কামনায় ও কর্ত্তব্য-বোধে এতদ্ব পর্যান্ত ক'রেছিলেম, একটা অবলা বালাকে নিরপরাধে বলি দিয়ে, আর একটু হ'লেই সমস্ত রাজ্ঞপরিবারকে শোক-দাগরে নিমগ্র ক'চ্ছিলেম—এমন কি, রাজন্তোহী হ'য়ে আমাদের মহারাজের প্রতি কত অত্যাচার,—কত অত্যায় ব্যবহারই ক'রেছি,—দেই গণনায় বিশ্বাদ ক'রেই আপনার দহিত য়ুদ্দে প্রবৃত্ত হ'য়েছিলেম। দেই গণনাই য়থন ভুল হ'ল, তথন তো আমার দকলই ভুল। কি আশ্চর্যা!—দেকুন দিকি আচার্য্য মহাশয়! আপনার এক ভুলে কি ভয়ানক কাণ্ড উপস্থিত হ'য়েছে; আপনারা দেখ্ছি দকলই ক'ত্তে পারেন! আপনাকে আর কি ব'ল্ব—আপনি ব্যাহ্মণ—নচেৎ—

ভৈরব। মহাশয়! শাল্তেই আছে—"মুনীনাঞ্চ মতিল্রমঃ।" ষথন
মহারাজ বলিদানের বিরোধী হ'য়ে দাঁড়ালেন, আমার তথনই মনে
একটু সন্দেহ হয়েছিল যে, যথন এতে একটা বাধা পড়ল, তথন অবশ্য
এ বলি দেবতার অভিপ্রেত নয়; আমার গণনার কোন ব্যতিক্রম
হ'য়ে থাক্বে। সেই জন্ম আমিও একটু ইতন্ততঃ কচ্ছিলেম। তা
যদি আমার মনে না হ'ত, তা হ'লে তো আমি কোন্ কালে কার্য্য
শেষ ক'রে ফেল্তেম। তার পর যথন আবার কুমার বিজয়দিংহ এসে

প্রতিবন্ধকভাচরণ কলেন, তথন আমার সন্দেহ আরও দৃঢ় হ'ল— তথন মহাশর গণে দেখি যে, যা আমি সন্দেহ ক'রেছিলাম তাই ঠিক্।

রণধীর। কি আশ্চর্যা ! শক্তরা আমাদের গৃহদারে; কোথার আমরা সকলে একপ্রাণ হ'য়ে তাদের দূর কর্বার চেটা ক'ব্ব, না—কোথার আমাদেরই মধ্যে গৃহ-বিচ্ছেদ হবার উপক্রম হ'য়েছে। মহারাজ ! আপনার চরণে আমার এই অসি রাখ্লেম, আপনি এখন বিচার ক'বে আমার প্রতি যে দও আদেশ ক'ব্বেন, আমি ভাই শিরোধার্য ক'ব্ব। মহারাজ ! আমি ভরুতর অপরাধে অপরাধী। প্রোণদও অপেক্ষাও যদি কিছু অধিক শান্তি থাকে, আমি ভারও উপযুক্ত।

লক্ষণ। সেনাপতি রণধীর, ডোমার অসি তুমি পুনগ্রহণ কর। তোমার লক্ষ্য থেরপ উচ্চ ছিল, তাতে তোমার দকল দোষই মার্জনীয়। আমার দরোজিনী রক্ষা পেয়েছে, এই আমি যথেষ্ঠ মনে করি, বৎন বিজয়সিংহ। তোমার কাছে আমি চির-কুভজ্ঞতা-পাশে আবদ্ধ হ'লেম।

রণধীর। ভৈরবাচার্ঘ্য মহাশর ! এথন গণনায় কিরুপ দেখলেন ?
কি প্রকার বলি এখন আয়োজন ক'র্তে হবে বলুন। কেন না,
যতই আমরা সময় নই ক'রব, ততই মুসলমানেরা স্থাগপাবে।

লক্ষণ। রণধীরসিংহ ঠিক্ই বলেছেন, এই ব্যালা কার্য্য শেষ ক'রে ফেলুন। বৎস বিজয়সিংহ! এই লও—সরোজিনীকে তোমার হস্তে সমর্পণ ক'ল্লেম, ভূমি এখন ওকে মহিষীর নিকট ল'য়ে যাও। ভিনি দেখবার জন্ম বোধ হয় জাতান্ত ব্যাকুল হয়েছেন। বিজয়। মহারাজের আজ্ঞা শিরোধার্য-—রাজকুমারি! আমার অনুগামী হও।

(বিজয়সিংহ ও সরোজিনীর প্রস্থান।)

ভৈরব। (স্বগত) আমার মৎলব সম্পূর্ণ না হোক্, কভকটা হাসিল হ'তে পারে। এরা যথন বিবাদ বিসম্বাদে মত্ত ছিল, তথনই আমি বাদ্সাকে খবর পাঠিয়ে দিয়েছিলেম। বোধ হয়, মুসলমানেরা এতক্ষণে চিভোরের দিকে রওনা হ'য়েছে। এখন বলিদানের বিষয় কি বলা যায় ?—যা হয় ভো একটা ব'লে দিই—(প্রকাশ্যে মহা গভীর ভাবে) রাজপুতগণ! কিরপ বলি চতুর্জা দেবীর অভিপ্রেড, তা প্রণিধান পূর্ক্বক শ্রবণ কর। দৈববাণীতে যে উক্ত হয়েছে—

মূঢ়! র্থা যুদ্ধ-সজ্জা যবন-বিরুদ্ধে;
রূপদী ললনা কোন আছে তব ঘরে,
সরোজ-কুস্থম-সম; যদি দিস্ পিতে
তার উত্তপ্ত শোণিত, তবেই থাকিবে
অজেয় চিতোর-পুরী——

এস্থলে "তব ঘরে" এই বাক্যের অর্থ—তব রাজ্যে, আর "সরোজকুম্ম-সম"—এর অর্থ হ'চ্চে—পদ্মপুষ্পাসদৃশ লাবণাবতী; এই চুই
একটী কথার অর্থ-বৈপরীত্য হেতু সমস্ত গণনাই ভুল হ'রে গিয়েছিল,
জার, এখন জামি বুক্তে পাচিচ, কেন ভুল হ'য়েছিল। গণনাটা

শনিবার রজনীর শেষ যামার্জে, হ য়েছিল, এই হেতু গণনায় কাল-রাত্রি দোষ বর্ত্তেছে। আমাদের জ্যোতিষ শাস্তেই আছে যে,———

"রবৌ রসাকী সিতগো হয়াকী

দ্বাং মহীজে বিধুজে শরাখো।

শুরো শরাফো ভ্গুজে তৃতীয়া

শনো রসাদাভাসিতি ক্ষপায়াম্॥"

মহাশর ! আপনারা জান্বেন যে, এই দোয়ু গণনার পক্ষে বড় বিদ্ধকারী, গণনা যদি ঠিক্ও হয়, তবু এই কাল-বেলা-দোষে অর্থ বিপ-রীত হ'য়ে পড়ে। এখন গণনায় যেয়প সিদ্ধান্ত হ'য়েছে, তা আপ-লাদের বলি, দেইয়প আপনারা এখন কার্যা করুন্।

দৈভগণ। বলুন মহাশয়, শীঘ বলুন—এখনি আমরা সেইরূপ ক'জি।

ভৈরব। আছো, ভোনাদের মধ্যে একজন এখনি যাতা কর, এই মন্দির-প্রাঙ্গণ-গীমার অর্জকোশ পরিমাণ ত্মির মধ্যে স্থকোমল পদ্মপুষ্পাসম লাবণ্যবভী পূর্ণযৌবনা ষে কোন রূপগী ভোনাদের দৃষ্টি-পথে প্রথম পতিত হবে, সেই জান্বে, বলিদানের হথার্থ পাত।

এক জন দৈনিক। আচার্য্য মহাশয় ! আমি তার অহেবণে এখনি চলেম।

রণধীর। যাও-শীল্ল যাও।

(দৈনিকের প্রস্থান।)

লক্ষণ। (স্বগত) না জানি, আবার কোন্ অভাগিনীর কপালে বিধাতা মৃত্যু লিখেছেন।

(রোষেনারাকে লইয়া দৈনিকের পুনঃ-প্রবেশ।)

সৈনিক। মহাশয়! আমি এই মনিরের বাহিরে বেরিয়েই এই
য়ুবভীকে দেখ্তে পেলেম।

ভৈরব। (স্বগড) এ কি! এই জীলোকটার সঙ্গেই না আমা-দের সে দিন পথে দেখা হ'রেছিল? আহা! ওর মুথ থানি দেখলে বড় মারা হয়। আমার কলনাই হোক, আর যাই হোক, এর মুথে যেন আমার সেই কভার একটু একটু আদল আসে। কিন্তু এ কলনা ভিন্ন আর কিছুই হতে পারে না, কারণ তার এথানে আস্বার তো কোন সন্থাবনা নাই।

রোবেনারা। (সগত) হার! অবশেষে আমাকেই কি ম'র্ভে
হ'ল ?—হাা, আমার পক্ষে মরণই ভাল। আমার আর বন্ধণা সহা
হর না। বিজয়সিংহ তো আমার কথনই হবে না। (ভৈরবাচার্য্যের
প্রভি) পুরোহিত মহাশর! আর কেন বিলম্ব ক'চেন, এথনি আমার
প্রাণবধ করুন। কেবল আপনার নিকট একটা আমার প্রার্থনা
আছে। এই অন্তিম কালের প্রার্থনাটি অগ্রাহ্য ক'র্বেন না। পুরোহিত মহাশর! আমি চির-ছংখিনী, আমি অনাথা জন্মাবধি আরি
আনিনে বে, আমার মা বাপ্ কে; স্তিকা-গৃহেই আমার মার মৃত্যু
হর । আমার বাপ সেই অবধি নিক্রেশ হ'রেছেন। শুন্তে পাই,

স্থাপনি গণনায় স্থানপুণ, যদি গণনা ক'রে ব'লে দিতে পারেন, আমার মা বাপ কে, তা হ'লে আমি এখন নিশ্চিস্ত হ'রে ম'র্ডে পারি।

ভৈরব। (স্বগত) আমার কন্তার অবস্থার দক্ষে তো থানিক্টা
মিল্চে—কিন্তু একি অসন্তব কথা।—আমি পাগল হয়েছি না কি ?
কেন বুথা সন্দেহ কচিচ,—তা যদি হ'ত তো সেই অর্জচন্দ্রের মত্ত
জড়ুল চিহুটী তো ওর গ্রীবাদেশে থাক্ত—বয়সের সঙ্গে সক্ষে
আরু সব বদ্লাতে পারে, কিন্তু সে চিহুটী তো আর যাবার নয়।

লক্ষণ। (স্বগভ) এ স্ত্রীলোকটীকে যেন আমি কোথার দেখিছি
মনে হ'চেত্র। একবার মনে আসচে, আবার আসচে না।

রণধীর। ভৈরবাচার্যা মহাশয়। আপনাকে ওরপ চিস্তিত দেখ্ছি
কেন ? কার্যা শীঘ্র শেষ ক'লে ফেলুন। আর দেখুন, হৃদয়ের রজ্ঞে
দেবীর অধিক পরিভোব হ'তে পারে—অতএব তার প্রতি দৃষ্টি-রেখে
যেন কার্যা করা হয়।

তৈরব। (স্বগত) না—কেন মিথা। স্থার নদ্দেহ কচিট।
প্রকাশ্যে) আর বিলম্ব নাই—এইবার শেষ কচ্চি—আপনি হৃদয়ের
রক্তের কথা বল্ছিলেন—আচ্ছা তাই হবে। মা। এই খানেই স্থির
হয়েব'দ। জয় মাচভুডু জে।

(ছুরিকার দ্বারা হাদর বিদ্ধা করণ—ও রোবেনারার ভূমিতলে পতন।)

লক্ষ্ণ | কি ক'লেন মহাশয় ? কি ক'লেন মহাশয় ? স্থানার

জবার মনে হয়েছে—বে মুনলমান-কভাকে বিজয়িবিংহ বন্দী ক'রে জনেছিল, এ যে সেই দেখছি।

সৈভগণ। কি! মুগলমান?

রণধীর। কি ! মুবলমান ?

ভৈরব। (অগভ) কি! মুনলমান । ভবেই ভো দেণ্ছি সর্কাশা!— কৈ ?—দেই চিছ্টা ভো দেণ্ডে পাজি নে; (গ্রীবাদেশ নিরীক্ষণ ও সেই চিছ্ল দেখিতে পাইরা) এই যে সেই চিছ্ল—ভবে আর কোন সন্দেহ নাই। (প্রকাশো) হার! কি সর্কাশ করেছি!——
হার আনি কাকে মারেম, আনার কপালে কি শেষে এই ছিল ।

সৈতৃগ্ণ। আচাৰ্য্য নহাশ্য । অমন ক'চেচন কেন ? এত ছঃখ
কেন ? এ কি রক্ম ?

লক্ষণ। ভাই ভো একি?

রণধীর। আপনি ওরপ প্রনাপ বাক্য ব'ল্চেন কেন। — বোধ করি বলিদান দেওয়ার অভ্যাস নাই—ভাই হত্যা ক'রে পাগলের মতন হয়েছেন।

ভৈরব। মা ! ভুই কোখার গেলি মা ? একবার কথা ক মা—— আমিই তোর হতভাগ্য পিতা মা——

রোবেনার।। আঁগ!—কে ?—আগনি—পিতা কি——অপ-রাধে?———(মৃত্যু)

ভৈরব। আঁা ? কি ব'রে মা ? অপরাধ ! কি অপরাধ ! ওঃ । ওঃ । ওঃ । (মুহূর্ত্ত কাল এক দৃষ্টে শবের প্রতি

নিরীক্ষণ করিয়া) কে এ দর্শনাশ কলে ? কে এ দর্শনাশ কলে ?— ভোলেরই এই কাজ ভোরাই আমার দর্শনাশ করেচিন্। মার মার, সব ভেকে ক্যাল, দূর হ দূর হ দূর হ, ভোরা দব দূর হ।

> (ছুরিকা আক্ষালন করত বলিদানের নিমিত্ত সজ্জিত উপাদান সমস্ত পদাঘাত হারা ছুরে নিক্ষেপ)

রণধীর। বৈন্যগণ ! আচার্য্য মহাশয় পাগল হরে গেছেন ওকে
ধ'রে ওঁর ছুরিকা শীঘ্র হাত থেকে কেড়ে লও।

(ভৈরবের হস্ত হইতে নৈস্তগণের ছুরিকা কাজিয়া লইবার চেঠা)
ভৈরব। ছেড়ে দে ছেড়ে দে আমাকে—সব গেল সব
গেল সব গেল—ছাড় আমাকে বল্চি, (হস্ত ছাড়াইমা বেগে
প্রস্থান।)


রণবীর। একি ব্যাপার ? আমি তো এর কিছুই বুক্তে পাচিচ নে। সকলি ভোজবাজির মত বোধ হ'চেচ। ও হ'ল যবন-কন্তা, ভৈরবাচাধ্য ওর পিতা হ'ল কি ক'রে ?

লক্ষণ। তাই তো আমারো বড় আশুর্যা বোধ হ'চে। বোধ হয় হত্যা ক'রে পাগল হয়েছেন, নাহ'লে তো আর কোন অর্থ পাওয়া যায় না।

রণধীর। আরু, অবশেষে এই অস্প্যা যবনকভার রক্তই কি দেবীর প্রার্থনীয় হল ৪

লক্ষণ। যবনদের উপর যে ভিনি জুদ্ধ হংরছেন, ভা এই বলি-দানেই বিলক্ষণ প্রকাশ পাচে। বৈভাগণ। মহারাজ ! আমাদেরও তাই মনে হ'চেচ।
রগধীর। বৈভাগণ ! চল,—এপন এই বলির রক্ত লয়ে দেবীকে
উপহার দেওয়া যাক।

(শিবিবের পট ক্ষেপণ ও সকলের প্রস্থান।)



লক্ষণসিংহের শিবির!

অমলা ও রাজমহিগীর প্রবেশ।

শ্বনা। জানেন দেবি, এই বিপদের মূল কে ? জানেন, শামাদের রাজকুমারী কোন্ কালসাপিনীকে হৃদরের মধ্যে পুষেছিলেন ?
সেই বিখানঘাতিনী রোষেনারা, যাকে রাজকুমারী এত আদের ক'রে
তাঁর সঙ্গে এনেছিলেন, সেইই আমাদের পালাবার সমস্ত কথা রাজ্পুত সৈতাদের ব'লে দিয়িছিল।

রাজনহিনী। দেই আমাদের এই সর্কনাশ করেছে! বিধাতা কি তার পাপের শান্তি দেবেন না ?—(কিয়ৎক্ষণ পরে) হা! না জানি এতক্ষণে আমার বাছার অদৃষ্টে কি হয়েছে। অমলা! আমি জার এক-বার যাই, দেখি এবার আমি মন্দিরের মধ্যে প্রবেশ কর্ছে পারি কিনা; আমাকে তুমি জার বাধা দিও না।

জমলা। দেবি, এখনও আপনি ঐ কথা ব'ল্চেন ? গেলে যদি কোন কাজ হ'ড,তা হ'লে আপনাকে আমি কথনই বারণ কত্তেন না। আপনি তিন তিন বার মন্দিরের মধ্যে যেতে চেপ্রা ক'লেন—তিন বারছ দেখুন আপনার চেপ্রা ব্যর্থ হ'ল। একে আহার নেই, নিজা নেই, শরীরে বল নেই, ভাতে আবার যথন তথন মৃচ্ছা যাচেনে, এই অবস্থায় কি এখন যাওয়া ভাল ? আর, সে জন্যে আপনি ভাব্চেন কেন ?— সেখানে যথন মহারাজ আহেন, তথন আর কোন ভয় নেই—বাপ কি কান আপনার চথের সাম্নে আপনার মেয়েকে মার্তে দেখ্তে পারে ?

রাজমহিষী। অমলা, ভুই তবে এখনও তাঁকে চিনিস্নি; তাঁর জনাধ্য কিছুই নেই; না অমলা, আমার প্রাণ কেমন ক'চ্চে—আমি আর এখানে থাক্তে পাচ্চি নে—যাই মন্দিরে প্রবেশ কর্বার জন্তে আর একবার চেটা করি গে—এতে আমার অদৃষ্টে যা থাকে তাই হবে। দেবী চতুর্জা তো আমার প্রতি একেবারে নির্দর হয়েছেন; এখন দেখি যদি আর কোন দেবতা আমার উপরে সদর হন। (সমনোদ্যম)

(রামদাদের প্রবেশ।)

রামদাস। দেবি । আর একজন দেবতা যে আপনার উপরে সদয়
হরেছেন, ভাতে কোন সন্দেহ নাই। রাজকুমার বেজয়িনিংহ আপনার
প্রোর্থনা পূর্ণ ক'ত্তে উদ্যাত হয়েছেন। তিনি সৈত্তবৃহ ভেদ ক'য়ে
মন্দিরের মধ্যে প্রবেশ ক'রেছেন। আমি দেখে এসেছি—চতুদিকে

মার্ মার্ শব্দ উঠেছে—কেউ পালাজে—কেউ দৌড়জে—রাজকুমাবের অবি হ'তে মুহুর্ছ অরিকুলিঙ্গ বেরুক্তে—আর, মহা হলন্থল
বেঁধে গেছে। তিনি আবাকে দেশে কেবল এই কথা ব'লে দিলেন
বেং, "যাও রামদান, রাজমহিবীকে লঙ্গে ক'রে এখানে নিয়ে এল—
আমি এখনি দরোজিনীকে উদ্ধার ক'রে ভাঁর হস্তে ন্মর্পণ ক'চিচ।"
আমি ভাই দেবি, আপনাকে নিভে এসেছি—আপনি আর কিছু ভর
ক'রবেন না—মহারাজের গৈন্যেরা দ্ব পালিয়ে গেছে।

রাজমহিবী। চল রামদান চল—তুমি যে সংবাদ দিলে, তাতে আশীর্কাদ করি, তুমি চিরজীবী হও। রামদান তুমি বেশ জান্বে, এখন আর কোন বিপদই আমাকে ভর দেগাতে পারে না। যেখানে তুমি যে'তে ব'ল্বে, আমি সেই খানেই খেতে প্রস্তুত আছি। কিন্তু একি ?—বিজয়নিংহ না এইখানে আদ্চেন ? হাঁ তিনিই তো; তবে দেখ্ছি আমার বাছা আর নেই—রামদান! বোধ হ'ছে সব শেষ হ'রে গেছে।

বিজয়সিংহের প্রবেশ।

বিজয়। না দেবি ! আপনার কিছুমাত্র ভর নাই, শাস্ত হোন, আপনার কন্যা বেঁচে আছেন। এথনি ভাকে দেখতে পাবেন।

রাজমহিনী। কি ব'লে বাছা—আমার সরোজিনী বেঁচে আছে?
কোন্দেবতা তাকে উদ্ধার কল্পেন ? কার কুপার আবার আমি দেহে
প্রাণ পেলেম ? বন বাছা বন, শীষ্ত্র বন।

বিজয়। দেবি! স্থির হয়ে শ্রবণ করুন, রাজপুতানা এমন ভয়া-মক দিন আর কথনও দ্যাথে নি। নমন্ত শিবিরের মধ্যেই অরাজকতা, বিশৃত্যলভা, উন্মত্তা; সকল রাজপুতেরাই রাজকুমারীর বলিদানের জন্ম ভয়ানক বাগ্রা, মন্দিরের চারি দিকে অসংখ্য দৈন্য উলক্ষ অসি হত্তে দণ্ডারমান, কাহাকেও প্রবেশ করতে দিচে না. এমন সময় আমি কতিপর দৈন্ত লয়ে তাদের মধ্য দিয়ে পথ উন্মুক্ত ক'ল্লেম। তণন ঘোরতর যুদ্ধ উপস্থিত হ'ল, রক্তের নদী বইতে লাগ্ল, মৃতে ও আহতে রণস্থল একবারে আচ্ছাদিত হয়ে গেল। এইরূপ যুদ্ধ হ'ডে হ'তে, শত্রুদিগের মধ্যে হঠাৎ একটা আতঙ্ক উপস্থিত হ'ল। তথন ভারা প্রাণ-ভয়ে যে কে কোথা পালাতে লাগ্ল, তার কিছুই ঠিকানা तहेल ना । अहेकाल श्रामि वलशृक्तिक मिन्दात मर्था अदिश क'लिम । প্রবেশ ক'রে দেখি,-মহারাজ 'মের না মের না' ব'লে চীৎকার ক'চ্চেন—স্থার ভৈরবাচার্য্য অসি উঠিয়ে স্থাঘাত করতে উদ্যুত্ত হয়েছে---ঐ বেমন আঘাত ক'র্বে, অমনি আমি তার হাতটা ধরে অস্ত্র কেড়ে নিয়ে, তার সমুচিত শাস্তি দিতে উদ্যত হ'লেম; এমন সময় সে ব'ল্লে যে, যখন এই বলিদানে এত বাধা পড়্ছে, তখন বোধ হয় গণনার কোন ব্যভিক্রম হ'য়ে থাক্বে। এই ব'লে পুনর্কার গণনায় প্রবৃত্ত হ'ল; ভার পর গণনা ক'রে ব'লে যে ভার পূর্বে গণ-নায় বাস্তবিকই ভুল হয়েছিল,—এ বলি, দেবীর অভিপ্রেভ নয়। তথন সকলেই দন্তুষ্ট হ'লেন, ও মহারাজ আহলাদিত হয়ে রাজকুমা-রীকে আমার হত্তে সমর্পণ ক'লেন। পরে রাজকুমারীকে ল'য়ে আমি

মানির হ'তে চ'লে এলেম। তিনি অত্যন্ত ক্লান্ত হ'রেছেন ব'লে,
আমি শিবিরের অপর প্রান্তে তাঁকে রেখে, এই সংবাদ আপনাকে
দিতে এসেছি। তাঁকে এখনি আমি নিয়ে আস্চি, আপনার আর
কোন চিন্তা নাই।

নাজনহিবী। আ বাঁচ্লেম ! বাছা ভুমি চিরজিবী হও। আর ভাকে নিয়ে আদ্তে হবে না—আমিই সেথানে বাচি। বাছা ভোমাকে আমি এখন কি দেব ং—কি মূল্য দিয়ে—কি উপহার দিয়ে এখন বে ভোমার উপকারের প্রভিশোধ ক'র্ব—ভা ভেবে পাচি নে——

বিজয়। আমি আর কিছুই চাই নে, আপনার আশীর্কাদই
আমার যথেট। দেবি, আর যেতে হবে না, রাজকুমারী স্বয়ংই
এইগানে আস্চেন। এই যে, মহারাজও ষে এই দিকে আস্চেন।
রাজমহিনী। কৈ ?—কৈ ?—আমার সরোজিনী কোথায় ?

্ লক্ষণসিংহ ও রাজকুমারীর প্রবেশ।)

রাজকুমারী। কৈ ?—মা কোথা?

রাজমহিষী। (দৌড়িয়া গিয়া আলিঙ্গন) এস বাছ। আমার হৃদয়-রত্ন এস!(উভয়ের পরস্পার আলিঙ্গনে বন্ধ হইয়া কিয়ৎকাল স্তম্ভিতভাবে ও বাষ্পাকুল-লেচনে অবস্থান।)

লক্ষণিনিংহ। এন, বৎন বিজয়নিংহ ! (আলিক্সন) ভোমারি প্রানাদ পুনর্কার আমরা স্থখী হলেম। রাজমহিবী। (রাজার নিকট আসিয়া) মহারাজ! এ দানীর অপরাধ মার্জনা ক'র্বেন; আমি আপনাকে জনেক কটুবাক্য ব'লেছি—অনেক তিরস্কার ক'রেছি, আমার গুরুতর পাপ হ'রেছে। লক্ষণ। না দেবি, ভাতে ভোমার কিছুমাত্র দোষ নাই। আমি যেরপ হৃদর্শে প্রবৃত্ত হয়েছিলেম, ভাতে আমি তিরস্কারেরই যোগ্য। মহিবি! যেমন পতক জনলে আপনা হ'তেই পতিত হয়, তেমনি আমি আপনার বিপদ আপনিই আহ্বান ক'রেছিলেম।

(কতিপয় সৈন্যের সহিত ব্যস্তসমস্ত হইয়া রণধীরসিংহের প্রবেশ।)

রণধীর। মহারাজ ! সর্কনাশ উপস্থিত ! সর্কনাশ উপস্থিত । লক্ষ্মণ । কি হয়েছে ? কি হয়েছে ?

বিজয়। মুসলমানদের কিছু সংবাদ পেয়েছেন না কি ?
রণধীর। এ বে-সে সংবাদ নয়, তারা চিতোরপুরীর অভি নিকটবর্তী হয়েছে—এমন কি, জার একটু পরেই চিতোর পুরীতে প্রবেশ
ক'য়বে।

লক্ষণ। কি সর্বনাশ! চিতোরপুরী তো এখন একপ্রকার অরক্ষিত, আমার দ্বাদশ পুত্র মাত্র সেথানে আছে—আর তো প্রায় সকল
সৈহাই এখানে চ'লে এসেছে। এখন সরোজিনী ও মহিষীকে কি
ক'রে প্রামাদে নির্বিধে লয়ে যাওয়া যায় ?

বিজয়। মহারাজ ! স্থামি সে ভার নিলেম। স্থামি দদৈতে ক্ষত্রে এঁদের প্রাসাদে পৌছে দেব, ভার পরেই যুদ্ধ-ক্ষেত্রে স্থব-ভীর্ণ হব।

রণধীর। চলুন ভবে, জার বিলম্ব নর, জামাদের সৈভেরা সক-লেই প্রস্তুত।

রাজ্মহিষী। (স্বগড) এ আবার কি বিপদ্!

লক্ষণ। এন! সকলে আমার অনুগামী হও।

নৈত গণ। জর ! রাজাল আমণ সিংহের জয়——— জয় মহারাজের জয় !

(লক্ষণসিংহ ও সকলের প্রস্থান।)

পঞ্চনান্ধ সমাপ্ত।

ষষ্ঠ অঙ্ক

চিতোর পুরী।

চিতোর-প্রসাদের অন্তঃপুরস্থ প্রাঙ্গণ।

অগ্নিকৃত প্রজনিত—ধুপ ধুনা প্রভৃতি উপকরণ সঞ্জিত।

(গৈরিক-বস্ত্র পরিছিতা সরোজিনী ও রাজ-মহিবীর প্রবেশ।)

রাজমহিবী। বাছা!—ভোর কপালে বিধাতা স্থথ লেখেন নি।
এক বিপদ হ'তে উত্তীর্ণ না হ'তে হ'তেই আর এক বিপদ উপছিত,—এ বিপদ আরও ভ্রানক! যদি মুদলমানেরা জ্মী হ'রে
এখানে প্রবেশ করে, তা হ'লে আমাদের সভীছ-সন্তম রক্ষা করা
কঠিন হবে। তথন এই অগ্নিদেবের শরণ ভিন্ন রাজপুত-মহিলার
জার জন্ম উপায় নেই।

সরোজিনী। মা! যথন কুমার বিজয়সিংহ আমাদের সহায়
আহিন, তথন কি মুসলমানেরা জ্য়ী হ'তে পার্বে ?

রাজমহিবী। বাছা, যুদ্ধের কথা কিছুই বলা বার না। সকলই দেবভার ইচ্ছা। যা হোক্ আমরা যে দেবগ্রাম হ'ভে নিরা-পদে এথানে পৌছিতে পেরেছি, এই আমাদের দৌভাগ্য।

(দূরে যুদ্ধ-কোলাহল ও জয়ধ্বনি ।)

ঐ শোন, কিসের শব্দ হচ্চে। আমার বোধ হয়, শক্ররা নগর-তোরণের মধ্যে প্রবেশ ক'রেছে। না জানি, আমাদের অদৃষ্টে কি আছে; আয় ্বাছা, এই ব্যালা অগ্নির মধ্যে প্রবেশ করি। আমা-দের এথানে আর কেইই সহায় নাই, এখন সকলেই যুদ্ধে মন্ত।

দরোজিনী। মা! একটু অপেক্ষা কর, আমার বোধ হ'চেচ, কুমার বিজয়সিংহ এথনি জয়ের সংবাদ আমাদের নিকট আন্বেন।

(পুনর্বার পূর্বাপেকা নিকটবর্ত্তী কেলাহল।)

রাজমহিনী। বাছা! ঐ শোন্—ঐ শোন্, ক্রমেই যেন শব্দটা নিকট হ'য়ে আদ্চে। আয় বাছা! আয় বিলম্ব না, ছয়ায়া য়বনেয়া এখনি হয়তো এসে পড়্বে। ঐ দেখ্, কে আদ্চে, এইবার বুঝি আমাদের সর্কানাশ হ'ল!

(লক্ষণসিংহের প্রবেশ।)

লক্ষণ। মহিবি ! আর রক্ষণ নেই। মুসলমানের নগরের মধ্যে প্রবেশ ক'রেছে।

वाजगरियो। गरावाज, जाशनि ?-जामि गरन क'त्विहालग,

আর কে; আ! আপনাকে দেখে যেন আবার দেহে প্রাণ পেলেম, আপনি আমাদের কাছে থাক্ন, তা হ'লে আমাদের আর কোন ভর থাক্বে না।

লক্ষণ। মহিবি, আমি ভোমাদের কাছে কি ক'রে থাক্ব? আমার ঘাদশ পুত্র সংগ্রামে প্রাণ দিতে প্রস্তুত। ভারা এভক্ষণে ছীবিত আছে কি না, ভাও আমি জানি নে। পূর্ব্বে এই রূপ দৈববাণী হ'য়েছিল যে, বাগা বংশোদ্ভব ঘাদশ কুমার একে একে রাজ্যাভিবিক্ত হ'য়ে যুদ্ধে প্রাণ না দিলে আমার বংশে রাজলক্ষী থাক্বে না। আমি মন্ত্রীকে ব'লে এগেছি, যেন এই দৈববাণীর আদেশাহ্যায়ী কার্যা করা হয়!

রাজমহিনী। মহারাজ ! আমাকে কি ভবে একেবারেই পুত্রহীন কর্বেন ?

লক্ষণ। মহিষি, ভূমি রাজপুত-মহিলা হ'য়ে ওরূপ কথা কেন বল্চ পুষ্কে প্রাণ দেওয়া তো রাজপুতের প্রধান ধর্ম।

রাজমহিনী। আছো, মহায়াজ ! আপনার ছাদশ পুত যুদ্ধে প্রাণ দিলে আপনার ছরে রাজ-লন্ধীই বাকি ক'রে থাক্বে? আমি ভো এর কিছুই বুক্তে পাচ্চি নে। ভা হ'লে ভো আপনার বংশ একেবারে লোপ হয়ে গেল।

লক্ষণ। মহিষি, দেবভাদের কার্য্য মন্ত্র্য-বৃদ্ধির অভীত। যথন এইরূপ দৈববণী হ'য়েছে, তথন আর তাতে আমাদের কোন সন্দেহ করা উচিত নয়।

্ব্যস্ত সমস্ত হইয়া রামদাসের প্রবেশ।

রামদাস। মহারাজ, আপনার দাদশ পুত্রের মধ্যে এগার জন রীতিমত অভিষিক্ত হ'য়ে যুদ্ধে প্রাণ দিয়েছেন। এখন কেবল আপ-নার কনিষ্ঠ পুত্র অজয়-সিংহ অবশিষ্ট।

লক্ষণ। কি ! এখন কেবল একমাত্র জজন্ম-সিংহ জাবশিষ্ট ?---হা!----

রাজমহিবী। মহারাজ, আমার অজয়কে আর যুদ্ধে পাঠাবেন না। আমি ওকে আপনার নিকট ভিক্ষা চাচ্চি। মহারাজ। এই অহরোধটী আমার রক্ষা করুন।

লক্ষণ। মহিষি, তা কি কথন হ'তে পারে ? দৈববাণীর বিপরীত কার্য্য ক'লে আমাদের কথনই মঙ্গল হবে না।

ব্যস্ত সমস্ত হইয়া স্থ্রদাসের প্রবেশ।

স্থানাদ। মহারাজ! মুদলমানদের ষড় যন্ত্র দব প্রকাশ হয়ে পড়েছে। এরপ ভয়ানক ষড় যন্ত্র কেও কখন স্বপ্রেও মনে ক'ডে পারে না! কুমার বিজয়িনিঃই এই সংবাদ আপনাকে দেবার জভ্যে আমাকে যুদ্ধ-ক্ষেত্র হ'ডে পাঠিয়ে দিলেন। এই ষড় যন্ত্র আর একটু আগে প্রকাশ হলেই সকল দিক রক্ষা হ'ড।

লক্ষণ। সে কি স্থরদাস ?— মুসলমানদের ষড্যস্ত ?
রামদাস। সে কি ?

স্থরদাস। মহারাজ, ভৈরবাচার্য্য, যাকে আমরা এতদিন ভক্তি শ্রন্ধা ক'রে এদেছি, দে এক জন ছন্মবেশী মুসলমান।

লক্ষণ। অঁটা?—দে মুদলমান?—দেকিস্তরদাদ?

স্থরদান। আজ্ঞাহাঁ মহারাজ, দে মুবলমান।

রামদাস। সে কি কথা?

লক্ষণ। সে মুদলমান!—ভবে কি নেই ধবনক্ষানী বাস্তবিকই ভারি কল্পা?—ওঃ এখন আমি বুক্তে পাচ্চি। ভা সন্তব বটে। কি আক্ষয়া এত দিন সে ধূর্ত্ত ধবন আমাদের প্রভারণা ক'রে এসেছে! আমরা কি সকলে জন্ধ হ'য়ে ছিলেম ?

স্থান । মহারাজ! তার মত ধূর্ত্ত আর জগতে নাই। লকলেই তার কাছে প্রতারিত হ'য়েছে। চতুর্ত্ত জাদেবীর মন্দিরের পূর্ব্ব
পুরোহিত সোমাচার্য্য মহাশয়ের নিকট লে আন্দরের পূর্ব ব'লে পরিচয়
দিয়ে, তাঁর ছাত্র হ'য়েছিল। পরে তাঁর এমন প্রিরণাত্র হয়ে উঠেছিল, যে তাঁর মৃত্যুর সময় তিনি ওকেই আপন পদে নিযুক্ত ক'রে
যান। মহারাজ, দৈববানী প্রভৃতি সকলি মিথাা, সমস্তই তারি
কৌশল ন বলিদানের সময় যথন আপনাদের মধ্যে বিবাদ বিসন্ধাদ
উপস্থিত হয়েছিল, সেই সময় চিতোর আক্রমণ কর্বার জত্তে সে
যবন-রাজকে সংবাদ পাঠিয়ে দেয়! মহারাজ! কুমার অজয়-সিংহের
আর যুদ্ধে গিয়ে কাজ নাই, তিদি চিতোর হ'তে প্রস্থান করুন, তিনি
যুদ্ধে প্রাণ দিলেই আপনি নির্কংশ হবেন, আর তা হ'লেই ধূর্ত্ত যবনদের সকল মনস্কামনাই পূর্ণ হবে।

লক্ষণ। কি আঁশ হাঁ! আমরা কি নির্কোধ, এত দিন অমরা এর বিন্দুবিদর্গপ্ত টের পাই নি! স্থরদাদ, এ দমস্ত এখন কি ক'রে প্রকাশ হ'ল ?

স্থবদান। মহারাজ! ফভেউলা ব'লে এক জন চ্যালা ছিল, শেও ছদ্মবেশে মন্দিরে থাক্ত; সে এক দিন এই নগর দিয়ে যাচ্ছিল," এখানকার প্রহরীরা ভাকে চোর মনে ক'রে ধরে,ভার পর ভাকে ছেড়ে দেয়; সেই একটা কাপড়ের বুচ্কি ফেলে যায়,—সেই বুচ্-কির মধ্যে কভকগুলি পত্র ছিল, সেই পত্রের স্ত্র ধ'রে এই সমস্ত ষড়্যন্ত্র প্রকাশ হয়ে পড়েছে।

লক্ষণ। ৩ঃ—কি শঠতা! কি ধৃর্ততা! চল, আর না—এ ধৃর্ত্ত যবনদের এখনি সমৃচিত শান্তি দিতে হবে—অজয়-সিংহকে নগর হ'তে এখনি প্রস্থান কর্তে বল—সেই আমার বংশ রক্ষা ক'র্রে। আমি এখন যুদ্ধে চল্লেম। এই হস্তে যদি শত-সহস্র যবনের মৃত্তপাত ক'তে পারি, তাহলেও এখন কতকটা আমার ক্রোধের শান্তি হয়। ৩ঃ!— কি চাতুরি! কি প্রতারণা!—কি শঠতা! মহিষি, আমি বিদায় হ'লেম; যদি যুদ্ধে জয় লাভ ক'তে পারি,—চিতোরের গৌরব রক্ষা ক'তে পারি, তা হলেই পুনর্কার দেখা হবে, নচেৎ এই শেষ দেখা।

রাজমহিবী। (গদগদস্বরে) যান্ মহারাজ, বিজয়লক্ষী যেন আপনার সঙ্গে বঙ্গে থাকেন; যুদ্ধ-ক্ষেত্রে চতুত্ জা দেবী যেন আপনাকে রক্ষা করেন, আর আমি কি ব'ল্ব।

লক্ষণ। বৎদে দরোজিনী, আশীর্কাদ করি, এখনও ভূমি স্থী হও। দৈন্তগণ ! চল, আর না।

(রামদাস ও স্থরদাসের সহিত সটেসতা লক্ষণসিংহের প্রস্থান।)
নেপথ্যে। রে পাপিষ্ট যবনগণ! প্রাণ থাক্তে বিজয়সিংহ,
ভোদের কথনই অভঃপুরে প্রবেশ কর্তে দেবে না।

নেপথ্য। নির্কোধ রাজপুত ! এখনও তুই জয়ের আশা করিদ ? (দুরে যবনদের জয়ধ্বনি)

রাজমহিনী। বাছা, ঐ শোন্, এইবার সর্কনাশ ! আর রক্ষা নেই—(সরোজিনীর হস্ত আকর্ষণ করিয়া) আয়, এই ব্যালা আমরা অয়িকুপ্তে প্রবেশ করি, আয়।

সরোজিনী। মা যাচ্চি, একটু অপেক্ষা কর—আমি কুমার বিজয়-সিংহের স্বর শুন্তে পেয়েছি—আমি একটীবার তাঁকে দেখ্ব।
(পুনর্কার কোণাছল ও দ্বারদেশে আঘাত)

রাজহিনী। বাছা । আর এখন দেখবার সময় নাই—আমার কথা শোন—ভোর সোণার দেহ পুড়ে যদি ছাই হয়, তাও আমি দেখ তে পার্ব, কিন্তু তোর সতীত্বে বিদ্মাত্র কলঙ্ক আমি কখনই সহ ক'তে পার্ব না। আয় বাছা—আমার বোধ হ'তে মুসলমানেরা একেবারে ভারের নিকট এসেছে—আর বিলম্ব করিস্ নে,—আয় আমি বল্ছি এই ব্যালা আয়—

শরোজিনী। মা! কুমার বিজয়সিংহ নিকটে ওসেছেন, ভাঁর শব আমি শুন্তে পেয়েছি, তিনি বোধ হয় এখনি সাস্বেন।—— রাজমহিবী। (অগ্নিকুণ্ডের নিকট গিয়া যোড়হস্তে অগত) হে
অগ্নিদেব! তোমার নাম পাবক, ভূমি যেখানে থাক, দেখানে কলস্ক
কথন স্পর্শ ক'ভে পারে না, তোমার হস্তে আমার দরোজিনীকে দমপ্রণ ক'লেম, ভূমিই তার সহায় হ'লো।

নেপথ্য। হা! এইবার আমাদের সর্কনাশ হ'ল! মহারাজ! ¹
ধরাশারী হ'লেন—চিতোরের স্থ্য চিরকালের জন্ত অন্ত হ'ল।
(দ্রে যবনদের জরধ্বনি)

রাজমনিষী। ও কি!—ও কি! হা!—কি শুন্লেম—মহারাজ ধরাশায়ী! বাছা, আমি চলেম,——অগ্নিদেব! আমাকে গ্রহণ কর। (অগ্নিকুণ্ডে পতন।)

সরোজিনী। মা. যেও না মা, — জামাকে কেলে যেও না।

মা, জামি কি দোষ করেছি? আমাকে কেলে কোথা গেলে মা!

হা! এর মধ্যেই দব শেষ হ'য়ে গেছে, — কাকে আর
ব'ল্চি। আমিও যাই — আর কার জত্তে থাক্ব — কুমার
বিজয়গিংহের সঙ্গে এ জন্মে বুকি আর দেখা হ'ল না। (অরিকৃত্তে
পতনোদ্যম।)

নেপথ্যে। রে পাষ্ডগণ! ভোরা কথনই অন্তঃপুরে প্রবেশ ক'ত্তে পার্বিনে।

সরোজিনী। ঐ-জাবার তাঁর গলার শব্দ শুন্তে পেয়েছি। একটু অপেক্ষা করি, এইবার বোধ হয় তিনি আস্চেন।

নেপথো। হুর্মতি, নরাধম, যতক্ষণ জামার দেহে এক বিন্

রক্ত থাক্বে, তভক্ষণ আমি ভোদের কথনই ছাড্ব না। (যুদ্ধ কোলাংল)

সরোজিনী। এবার তিনি নিশ্চয়্ই আস্চেন।

(দূরে যুদ্ধ কোলাহল)

(আহত ছইয়া কাপিতে কাঁপিতে বিজয়-সিংছের প্রবেশ।)

বিজয়। (সরোজিনীকে দেখিয়) হা! সরোজিনি-

(পতন ও মৃত্যু।)

সরোজিনী। (দেণিড়িয়া আদিয়া বিজয়দিংছের নিকট পতন)
হা! এ কি হ'ল ?—কি দর্মনাশ্হ'ল! নাথ! কেন তুমি ডাক্চ ?—
আর কথা কও না কেন——নাথ! একটা বার চেয়ে দেখ,
একটা বার কথা কও। যুদ্ধের শ্রমে কি ক্লান্ত হয়েছ? তা হ'লে এ
কঠিন ভূমিতলে কেন?—এদ, আমাদের প্রাসাদের কোমল শ্যায়
তোমাকে নিয়ে য়াই। আমি য়ে তোমাকে দেখ্বার জল্তে মার কথা
পর্যন্ত শুন্দেম না—তা কি ভোমার এইরূপ মলিন শুক মুখ দেখ্বার
জল্তে ?—মা গেলেন, বাপ গেলেন—আমি য়ে কেবল ভোমার উপর
নির্ভির ক'রে ছিলেম,—হা! এখন তুমিও কি আমায় ছেড়ে যাবে ?—
নাথ, তুমি গেলে যবন-হস্ত হতে আমাকে কে রক্ষা কর্বে? প্রানেখর!—ওঠ—ওঠ—আমার কথার উত্তর দাও,—একটা কথা কও—
নাথ!—আর একবার সরোজিনী ব'লে ডাক,—আর আমি ভোমাকে

ভাক্ত কর্ব না-কি!-এথনও উত্তর নাই !--হা জগদীখন দারুণ কষ্ঠ ভোগের জভেই কি আমি পৃথিবীতে জন্ম গ্রহণ ক'রে-ছিলেম ! (ক্রন্দন)

আল্লাউদ্দিন ও মুসলমান সৈন্যের প্রবেশ।

আলা। এই কি দেই ছংসাহদিক রাজপুত বীর যে এই অন্তঃপুরের দার রক্ষার জন্তে আমাদের অসংখ্য সৈত্যের দহিত একাকী যুদ্ধ ক'চ্ছিল ? (সরোজিনীকে দেখিয়া স্থগত) এই কি দেই পদিনী বেগম ?—কি চমৎকার রূপ! কেশ আলুলায়িত—পদ্ম-নেত্র হ'তে মুক্তা-ফলের ন্থায় বিন্দু বিন্দু অঞ্চ-বিন্দু পড়্চে, ভাতে যেন সৌন্দর্য্য আরও দ্বিগুণতর হ'য়েচে। (প্রকাশ্যে) বেগম! তুমি কেন রুখা রোদন ক'চ্ছ ? আমার সঙ্গে তুমি দিল্লীতে চল, ভোমার জন্তেই আমি চিভোর আক্রমণ ক'রেছি। যে অবধি একটা দর্পণে ভোমার প্রতিবিশ্ব আমার নয়ন-পথে পতিত হয়, দেই অবধিই আমি ভোমার জত্যে উন্মন্ত হ'য়েছি। ওঠ—অমন কোমল দেহ কি কঠোর মৃত্তিকাতলে থাক্বার উপযুক্ত ?—ওঠ! (হস্ত ধারণ করিবার উদ্যুম)

সরোজিনী। (সত্তর উঠিয়া কিঞ্চিৎ দূরে দণ্ডায়মান হইয়া) অপুশাষবন, আমাকে স্পর্শকিরিদ্নে।

আলা। বেগম, তুমি আমার প্রতি অত নির্দর হ'ও না, এস---

জামার কাছে এস,—ভোমার কোন ভয় নেই। আমি ভোমাকে কিছু ব'ল্ব না। (নিকটে অগ্রসর)

নরোজিনী ৷ নরাধম, ঐথানে দাঁড়া, আর এক পাও অগ্রসর হোস নে——

জালা। বেগম, তুমি অবলা স্ত্রীজাতি, ভোমার এখানে কেইই সহায় নেই, আমি মনে ক'লে কি বলপূর্বক ভোমাকে নিয়ে যেতে পারি নে ?

দরোজিনী। তোর সাধ্য নেই।

আলা। দেখ বেগম, সাবধান হ'য়ে কথা কও,— আমার ক্রোধ একবার উন্তেজিত হ'লে আর রক্ষা থাকবে না।

সরোজিনী। রাজপুত-মহিলা ভোর মত কাপুরুবের ক্রোধকে ভয় করে না।

আলা। দেখ বেগম, এখনও আমি তোমাকে সময় দিচ্চি, একটু স্থির হ'য়ে বিবেচনা কর, যদি ভূমি ইচ্ছা পূর্বক আমার মনকামনা পূর্ণ কর, তা হ'লে তোমাকে আমি অতুল ঐশ্বর্যের অধীশ্বরী ক'ন্ব,

শরোজিনী। মবন-দস্থা, তোর ও কথা ব'ল্ডে লচ্ছা হ'ল না ? স্থাবংশীয়রাজা লন্ধণিনিংহের ছহিতাকে তুই ঐশর্যের প্রলোভন দেখাতে আসিস ?

আলা। বেগম, তুমি অভি নির্কোধের মত কথা ক'চ্চ। আমি পুনর্কার ব'ল্চি, আমার ক্রোধকে উভ্জেভিত ক'র না। তুমি কি সাহসে ওরপ কথা ব'ল্চ বল দিকি ? জামি বল-প্রকাশ ক'লে, কে এখানে ভোমাকে রক্ষা ক'রে ? এথানে কে ভোমার সহায় আছে ?

সরোজিনী। জানিস্নরাধম, অসহায়া রাজপুতমহিলার ধর্মই একমাত্র সহায়।

আলা। তবে আর অধিক কথার প্রয়োজন নেই। অন্নর মিনতি দেখ্ছি তোমার কাছে নিফল। এইবার দেখ্ব, কে তোমায় রক্ষা করে—দেখ্ব কে তোমার সহায় হয় ? (ধরিতে অগ্রসর)

সরোজিনী। এই দেখ্, নরাধম! আমার সহায় কে ?
(অগ্রিকুণ্ডে পভন।)

আলা। (আশ্চর্যা হইরা) এ কি আশ্চর্যা ব্যাপার! অনারাসে অগ্নির,মধ্যে প্রবেশ ক'লে?—এতে কিছুমাত্র ভর হ'ল না?—হা!—
আমি যার জন্যে এত কঠ ক'রে এলেম, শেষকালে কি ভার এই
হ'ল ?

একজন দৈনিক। জহাঁপনা ! আপনার ভ্রম হয়েছে, ও বেগমের নাম পদ্মিনী নয়।

আলা ৷ তবে পদ্মিনী বেগম কোথার ?

দৈনিক। হজ্রৎ, ভীম-দি: হও পদিনী বেগম স্বতন্ত্র প্রাদাদে থাকেন।

আলা। আমাকে তবে সেই থানে নিয়ে চল্।

দৈনিক। জাহাঁপনা, সেথানে এগন যাওয়া র্থা। পদিনী বেগমও এই রকম জাগুনে পুড়ে মরেচেন। জালা। একি আশ্চর্য্য কথা! এ রকম তো জামি কথনও ভুনিনি।

দৈনিক। হজুর, আপনাকে আর কি বল্ব, আমার সঙ্গে চলুন, আপনি দেখবেন, ঘরে ঘরে এই রকম চিতা জল্চে, এ নগরে আর একটীও স্ত্রীলোক নেই।

আলা আচ্ছা, চল দিকি যাই।

এক দিক্ দিয়া সকলের প্রস্থান ও অন্য দিক্ দিয়া পুনঃ প্রবেশ।

(পট পরিবর্ত্তন!)

চিতাধূমাচ্ছন চিতোরের রাজপথ।

আনা তাই তো!— এ কি!— সমস্ত চিতোর নগরই যেন একটা জ্বলস্ক চিতা ব'লে বোধ হ'চে। পথ ঘাট ধুমে আচ্ছন্ন, কিছুই আর দেখা যার না, পথের ছুই পার্থে সারি সারি চিতা জ্বাচ— ও:!— কি ভ্রানক দৃশ্য!— ও কি জাবার ?— ওদিকে জাগুন লেগেছে নাকি ?

দৈনিক। জাহাঁপনা ! ওদিকে কডকগুলি বাড়ি পুড্চে, কোন কোন রাজপুড গৃহে আগুন লাগিয়ে গৃহ গুদ্ধ নপরিবারে পুড়ে ম'রচে। আলা। কি আশুম্যা নেপথ্য। জ্বল্জ্বল্চিতা! দিগুণ, দিগুণ,—

ভালা। ও কিও ? (সকলের কর্ণপাত)

নেপথ্যে। (কতকগুলি রাজপুতমহিলা সমস্বরে)——

স্থল্ স্থল্ চিতা, হিগুণ, দিগুণ,
পরাণ সঁপিবে বিধবা-বালা।
স্থালুক্ জলুক্ চিতার আগুন,
স্থাবে এখনি প্রাণের স্থালা॥
শোন্ রে যবন,—শোন্ রে তোরা,
যে স্থালা হৃদয়ে স্থালালি সবে,
সাক্ষী র'লেন দেবতা তার
এর প্রতিফল ভু গিতে হবে॥

শ্লো কতকগুলি স্ত্রীলেকের কণ্ঠস্বর না ? চতুর্দ্দিক এডক্ষণ গন্তীর নিস্তন্ধতা রাজত ক'চ্ছিল, হঠাৎ আবার এরূপ শব্দ কোথা থেকে এল ?——ভবে দেখ্চি এখনও এ নগরে স্ত্রীলোক আছে।

দৈনিক। রাজপুতরা পরাজিত হ'লে ভাদের স্থীরা চিভা-প্রবে-শের পূর্বেক 'জহর' ব'লে যে অফ্টান করে, আমার বোধ হয় ভাই হ'ফে। হজুর, আমি বেশ ক'রে দেখে এমেছি, নগরে স্থীলোক জার অধিক নাই। জামার বোধ হয়, যে কজন স্ত্রীলোক এথনও ছিল, এইবার তারা পুড়ে মর্ছে। নেপথ্যে। (এক দিক্ হইতে একজন রাজপুত-মহিলা)

পরাণে আহুতি দিয়া সমর-অনলে, স্বর্গে পিতা পুত্র পতি গিয়াছেন চলে, এখন কি স্থুখ আশে, থাকিব সংসার-পাশে, এখন কি স্থুখে আর ধরিব পরাণ। হৃদয় হয়েছে ছাই, দেহও করিব তাই. চিতার অনলে শোক করিব নির্ব্বাণ। দূর হ দূর হ তোরা ভূষণ-রতন! বিধবা রমণী আজি পশিবে চিতায়; কবরি, তোরেও আজি করিন্ত মোচন, বিধবা পশিবে আজি অনল-শিখায়: অনল সহায় হও, বিধবারে কোলে লও, ল'য়ে যাও পতি পুত্র আছেন যথায়; বিধবা পশিবে আজি অনল-শিখায়।

गरताकिनी नाठेक।

(সকলে সমস্বরে)

জ্বল্ জ্বল্ চিতা, দ্বিগুণ, দ্বিগুণ,
পরাণ সঁপিবে বিধবা বালা।
জ্বলুক্ জ্বলুক্ চিতার আগুন
জ্বড়াবে এখনি প্রাণের জ্বালা॥
শোন্ রে যবন, শোন্ রে তোরা,
যে জ্বালা হৃদয়ে জ্বালালি সবে,
সাক্ষী র'লেন দেবতা তার
এর প্রতিফল ভু গিতে হবে॥

আলা। একি ? আবার কোন্ দিক্ থেকে এ শব্দ আস্চে ? নেপধ্যে। (আর এক দিকে একজন)———

> ওই যে সবাই পশিল চিতার, একে একে একে অনল শিথার, আমরাও আয় আছি যে কজন, পৃথিবীর কাছে বিদায় লই।

মতীত্ব রাখিব করি প্রাণপণ,

চিতানলে আজ সঁপিব জীবন—

ওই ধবনের শোন্ কোলাহল,

আঁয়্লো চিতায় আয়্লো মই।

(मकरल ममञ्चदः)

জ্বল্ জ্বল্ চিতা, দ্বিগুণ, দ্বিগুণ,
আনলে আছতি দিব এ প্রাণ।
জ্বলুক্ জ্বলুক্ চিতার আগুন,
পশিব চিতার রাখিতে মান।
দ্যাখ্রে যবন, দ্যাখ্রে তোরা,
কেমনে এড়াই কলস্ক-ফাঁসি;
জ্বলস্ত-অনলে হইব ছাই,
তবু না হইব তোদের দাসী॥

(আর এক দিকে এক জন)
আয় আয় বোন! আয় সখি আয়!
জ্বলস্ত অনলে সঁপিবারে কায়,

সতীত্ব লুকাতে জ্বলন্ত চিতায়, জ্বলন্ত চিতায় সঁপিতে প্ৰাণ!

(সকলে সমস্বরে)

জ্বল্ জ্বল্ চিতা, দিগুণ, দিগুণ,
পরাণ সঁপিবে বিধবা বালা
জ্বলুক্ জ্বলুক্ চিতার আগুন,
জ্যুড়াবে এখনি প্রাণের জ্বালা।
শোনু রে যবন, শোন্ রে তোরা,
যে জ্বালা হৃদয়ে জ্বালালি সবে,
সাক্ষী র'লেন দেবতা তার,
এর প্রতিকল ভু গিতে হবে॥

আলা। এ কি! চারদিক্ থেকেই যে এইরূপ শব্দ আস্চে। (কভকগুলি আহত রাজপুত পুরুষ সমস্বরে)

> দ্যাথ্রে জগৎ, মেলিয়ে নয়ন, দ্যাথ্রে চন্দ্রমা, দ্যাথ্রে গগন!

স্বৰ্গ হ'তে সব দ্যাখ্ দেবগণ,
জ্বলদ-অক্ষরে রাখ গো লিখে।
স্পর্দ্ধিত যবন, তোরাও দ্যাখ্ রে,
স্বীত্ব-রতন, করিতে রক্ষণ,
রাজপুত সতী আজিকে কেমন,
স্বালিছে পরাণ অনল শিখে॥

আলা। ওথান থেকে ঐ আহত রাজপুতগণ আবার কি ব'লে উঠ্লো— ওরা মৃত-প্রায় হ'য়েছে, তবু দেণ্ছি এখনও ওদের মনের তেজ নির্কাণ হয় নি।

(রাজপুত-মহিলাগণ সমস্বরে)

জ্বল্ জ্বল্ চিতা, দিগুণ, দিগুণ,
আনলে আছতি দিব এ প্রাণ,
জ্বলুক্ জ্বলুক্ চিতার আগুন,
পাশিব চিতার রাখিতে মান।
দ্যাখ্ রে যবন, দ্যাখ্ রে তোরা,
কেমন এড়াই কলম্ব-ফাঁদি,

জ্বনস্ত-অনলে হইব ছাই, তবু না হইব তোদের দাদী॥

আরা। একি ! আবার যে সব নিস্তক হ'রে গেল। আশ্চর্য !
আশ্চর্য ! ধন্ত হিন্দু-মহিলাদের সভীত ! হায ! এভ কট ক'রে বে
অয়লাভ ক'লেম, তা সকলি নিম্ফল হ'ল। চল, এখন আর এ শৃত্য
শাশান-পুরীতে থেকে কি হবে ?

সৈভাগণ। জাহাঁপনা, আমাদেরও ডাই ইচ্ছে।

(সকলের প্রাস্থান।)

ে রামদাসের প্রবেশ।

রামদাস।----

٥

গভীর তিমিরে ঘিরে জল-স্থল সর্ব্ব-চরাচর
চিতা-ধূম ঘন, ছায় রে গগন,
বিষাদে বিষাদময় চিতোর-নগর।
২

আছেন্ন ভারত ভাগ্য আজি খোর অন্ধতমসায়;
জ্বয়-লক্ষ্মী বাম, শ্লান আর্য্য-নাম
পুণ্য বীর-ভূমি এবে বন্দিশালা হায়।

9

স্বাধীনতা-রত্নহারা, অসহায়া, অভাগা জননি ! ধন-মান যতু, পর-হস্ত-গত,

পর্বশিরে শোভে তব মুকুটের মণি।

8

নাহি সাড়া, নাহি শব্দ, কোষ-বন্ধ নিস্তেজ কৃপাণ; শর তৃণাশ্রিত, রণ-বাদ্য হত,

ধূলায় লুটায় এবে বিজয়-নিশান।

¢

দেখিব নয়নে কি গো আর সেই স্থথের তপন, ভারতের দশ্ধ ভালে উদিত হইবে কালে, বিতরিয়া মধুময়, জীবন্ত কিরণ ?

Ů,

আর কি চিতোর, তোর অভ্রভেদী উন্নত প্রাকার, শির উচ্চ করি, জয়ধ্জজা ধরি,

স্পারধিবে বীরদর্পে জগৎ-সংসার ?

٩

তবে আর কেন মিছে এ জীবন করিব বছন; হয়ে পদানত, দাস-ত্রতে রত,

কি স্থথে বাঁচিব বল—মরণি জীবন।

Ъ

জ্বনন্ত দহনে হায় জ্বলিতেছে আজি মন প্রাণ ;
তবে কেন আর, বহি দেহ-ভার,
চিতানলে চিতানল করি অবসাং;।

৯

েদেখিয়াছি চিতোরের সোভাগ্যের উন্নত গগন ; একিরে আবার, একি দশা তার, স্বর্গ হ'তে রমাতলে দারুণ পতন !

0

রঙ্গভূমি সম এই ক্ষণস্থায়ী অস্থির সংসার, না চাহি থাকিতে, হেন পৃথিবীতে, যবনিকা প'ড়ে যাক্ জীবনে আমার॥

যবনিক। পতন।

